আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

২৮ বছরে

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৮ ॥ সংখ্যা ২৭ ॥ সোমবার ॥ চৈত্র ১৭ ॥ ১৪৩০ ॥ রমাদান ২২ ॥ ১৪৪৫ ॥ Vol. 28 ॥ Issue 27 ॥ April 01 ॥ 2024 ॥ USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৪ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৪
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

নিউইয়র্কে সর্বনিম্ন ফিতরা ১০ ডলার

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে চলতি বছর সর্বনিম্ন ফিতরা নির্ধারণ করা হয়েছে জনপ্রতি ১০ ডলার। তবে কেউ ইচ্ছে করলে এই পরিমান অর্থেরও বেশী ফিতরা আদায় করতে পারেন।**(বাকি অংশ ১২ পাতায়)**

ধর্মীয় আবেশের চেয়ে আনন্দ-উৎসবই লক্ষণীয় : প্রচুর খবার অপচয়!

ইফতার মাহফিলগুলোতে প্রতিদিন গড়ে ৬ লাখ ডলার ব্যয়

বাংলা পত্রিকা রিপোর্ট: পবিত্র রমজান মাসের সাথে ইফতার আয়োজনের বিশেষ সম্পর্ক রয়েছে। প্রতিজন রোজাদার ইফতারের সময় ইফতার গ্রহণ করবেন এটাই স্বাভাবিক। ফলে রোজাদার ব্যক্তি থেকে শুরু করে পরিবার এবং সামাজিকভাবে ইফতারের আয়োজন করা হয়ে থাকে। এক অনুসন্ধানে জানা গেছে, নিউইয়র্ক সিটিরতে আয়োজিত বিভিন্ন ইফতার মাহফিলগুলোতে প্রতিদিন লক্ষাধিক ডলার ব্যয় হচ্ছে। আর ধর্মীয় আবেশে এসব ইফতার মাহফিল অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও অধিকাংশ মাহফিলগুলোতে ধর্মীয় আবেশের চেয়ে আনন্দ-উৎসবই লক্ষণীয় হয়ে উঠছে, নষ্ট হচ্ছে প্রচুর খবার। যা নিয়ে সচেতন মহলে প্রশ্ন উঠেছে। অনুষ্ঠানগুলোতে আলেম-ওলামারা উপস্থিত থেকে দোয়া করার পাশাপাশি ইফতার মাহফিলগুলোতে ধর্মীয় আবেশ বজায় রাখার আহ্বান/অনুরোধ রাখলেও অনেকেই তার গুরুত্ব দিচ্ছেন না। অনুসন্ধানে জানা যায়, নিউইয়র্ক সিটির বাংলাদেশী কমিউনিটির বিভিন্ন মসজিদ আর সংগঠনগুলোর উদ্যোগে রমজান মাস জুড়ে গড়ে প্রতিদিন দুই শতাধিক ইফতার মাহফিল অয়োজিত হচ্ছে। সিটির বিভিন্ন মসজিদ আর পার্টি হলে আয়োজিত মাহফিলগুলোতে শত শত লোক অংশ নিচ্ছেন। আর এসব ইফতার মাহফিলে ইফতারের খাবারে গড়ে দেড় থেকে দুই হাজার বা ততোধিক ডলার ব্যয় হচ্ছে। এসব অনুষ্ঠানে প্রতিটি ইফতারী বক্স ৬/১০ ডলার আবার কোন কোন অনুষ্ঠানে ১৫/২৫ ডলার **(বাকি অংশ ২৭ পাতায়)**

প্রেসিডেন্ট নির্বাচন-২০২৪

বাইডেনকে হাত-পা বাঁধা ভিডিও পোস্ট, তোপের মুখে ট্রাম্প

বাংলা পত্রিকা ডেস্ক: আগামী নভেম্বরে অনুষ্ঠিতব্য প্রেসিডেন্ট নির্বাচনের প্রাইমারী নির্বাচন ২ এপ্রিল মঙ্গলবার অনুষ্ঠিত হবে। এর আগে গত ২৩ মার্চ থেকে শুরু হয় আগাম ভোট প্রদান। প্রেসিডেন্ট নির্বাচনের পাশাপাশি এই নির্বাচনে বিভিন্ন কংগ্রেশনাল ডিষ্ট্রিক্ট থেকে ন্যাশনাল কনভেনশনের জন্য ডেলিগেটও নির্বাচন করা হবে। নিউইয়র্ক সিটিতে মঙ্গলবার ভোট গ্রহণ চলবে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত। ভোট গ্রহন চলবে বিরতিহীন। বোর্ড অব ইলেকশন সূত্রে জানা গেছে, নিউইয়র্ক সিটিতে প্রেসিডেন্ট নির্বাচনের **(বাকি অংশ ২২ পাতায়)**

দৈনিক কালের কণ্ঠের অনুসন্ধানী রিপোর্ট


বেনজীরের ঘরে আলাদীনের চেরাগ



হায়দার আলী ও ফরিদ আহমেদ: লোগোদাকা-মাওয়া এক্সপ্রেসওয়ে ধরে ভাঙ্গা চৌরাস্তা থেকে টেকেরহাট হয়ে সামনে এগোলেই গোপালগঞ্জের সাহাপুর ইউনিয়নের বৈরাগীটোল গ্রাম। নিভৃত এই পল্লীর মাঝে গড়ে তোলা হয়েছে সাভানা ইকো রিসোর্ট নামের এক অভিজাত ও দৃষ্টিনন্দন পর্যটনকেন্দ্র, যেখানে এক রাত থাকতে গেলে গুনতে হয় অন্তত ১৫ হাজার টাকা। রিসোর্টের ভেতরে ঘুরে দেখা গেছে একই সঙ্গে প্রাকৃতিক সৌন্দর্য **(বাকি অংশ ১১ পাতায়)**

উইন রোজারিও হত্যার বিচার দাবী কমিউনিটির বিক্ষোভ : চার দফা দাবী

আগামী শনিবার অন্ত্যেষ্টিক্রিয়া



বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের ওজনপার্কে পুলিশের গুলিতে নিহত বাংলাদেশী যুবক উইন রোজারিও অন্ত্যেষ্টিক্রিয়া আগামী শনিবার (৬ এপ্রিল) অনুষ্ঠিত হবে। এজন্য সকল প্রস্তুতি চলছে। তবে এই রিপোর্ট লেখা পর্যন্ত তার মরদেহ জ্যামাইকা হাসপাতালের মর্গে রয়েছে। সোমবার (১ এপ্রিল) তার মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করার **(বাকি অংশ ০৮ পাতায়)**

নিউইয়র্কের সেহরি ও ইফতার সময়

	সেহরি শেষ	ইফতার
২২ রমাদান ১ এপ্রিল	৫:১৭	৭:২০
২৩ রমাদান ২ এপ্রিল	৫:১৫	৭:২১
২৪ রমাদান ৩ এপ্রিল	৫:১৪	৭:২২
২৫ রমাদান ৪ এপ্রিল	৫:১২	৭:২৩
২৬ রমাদান ৫ এপ্রিল	৫:১০	৭:২৪
২৭ রমাদান ৬ এপ্রিল	৫:০৮	৭:২৫
২৮ রমাদান ৭ এপ্রিল	৫:০৬	৭:২৬

ট্যাক্স ফাইলিংয়ের শেষ সময় ১৫ এপ্রিল

IRS

বিশেষ প্রতিনিধি: ২০২৩ সালের ট্যাক্স ফাইলিংয়ের সময় ফুরিয়ে আসছে। আগামী ১৫ এপ্রিল সোমবার চলতি সময়ের ট্যাক্স ফাইলিংয়েরশেষ সময়। এবারের ট্যাক্স ফাইলিং **(বাকি অংশ ১২ পাতায়)**

ইসরাইলের অভিযানে ধ্বংসস্তুপ গাজার আল-শিফা হাসপাতাল

বাংলা পত্রিকা ডেস্ক: দুই সপ্তাহব্যাপী অভিযানের পর গাজা উপত্যকার বৃহত্তম আল-শিফা হাসপাতাল থেকে সেনা প্রত্যাহার করে নিয়েছে ইসরাইল। ভবনের ধ্বংসাবশেষ আর আবর্জনার মাঝে ফিলিস্তিনের ছড়িয়ে-ছিটিয়ে থাকা মরদেহ রেখে ইসরাইলী সেনারা হাতপাতালটি ত্যাগ করেছে। খবর বিবিসি'র। **(বাকি অংশ ৩১ পাতায়)**

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge-Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmacreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

AMIN PHARMACY
29-03. 36th Ave. Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
সারা বছর জুড়ে একাউন্টিং সার্ভিসেস
ক্যাজিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আইআরএস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদা আলী, সিপিএ
Tel: 929-371-9915 : info@ahadandco.com
2153 Westchester Ave. Suite 200, Bronbx, NY 10462
47-01 Vandam Street Long Island City, NY 11101

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
DDC 6hr 10% Discount & 4 Point Reduction
718-626-0733
718-626-2321
crescentinsurance@gmail.com
Crescent Insurance Brokerage Inc.
37-11 74th Street # 2 Floor, Jackson Heights, NY 11372
KABIR CHOWDHURY

www.banglapatrikausa.com

Tax & Consulting Services

for Individual and Businesses

Southeast USA Group Inc.

OUR SERVICES

- Tax Preparation & Planning
- Audits, Reviews, Compilations
- Bookkeeping/Write-Up
- Business Consulting
- IRS Representation
- Notary Public
- Payroll Services
- Retirement Planning
- Sales Tax Services



(917) 566-1612

Southeast USA Group Inc

Prof. Ehteshamul Haque

Financial & Business Planning

74-09 37th Avenue, Suite #206, Jackson Heights, NY 11372

Visit: www.southeastusagroup.com

সবাইকে রমজানুল মুবারক

ও

আসন্ন ঈদুল ফিতরের আগাম শুভেচ্ছা

ঈদের কেনাকাটার কথা ভাবছেন ?

চলে আসুন জ্যামাইকার **S H A**-তে

বেছে নিন আপনার পছন্দের পোশাক-পরিচ্ছেদ সহ যাবতীয় গহনা









S H A

(Wedding Boutique & gifts)

153-23 Hillside Ave, Jamaica, NY 11432

Ph: 917-960-4877

চিত্রে ভাটেরা যুবসমাজ ইউএসএ'র ইফতার মাহফিল











MIJAN REAL ESTATE LTD.
Reg. No. C-187784
মিজান রিয়েল এস্টেট লিমিটেড
রাজউক অনুমোদিত পূর্বাচল, উত্তরা এবং বসুন্ধরা,ধানমন্ডি, বনানী ও গুলশান সহ ঢাকায় জায়গা, বাড়ি, প্লট ও ফ্ল্যাট ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন। 917-631-5050
USA Address:
127-14 101 Avenue
Queens, NY 11419
EXIT
EXIT REALTY PRIME
Thinking of BUYING-
SELLING, INVEST, RENT
Houses, Co-op&Condo
Mijanur Rahman (Mijan)
Licensed Real Estate Agent
189-10 Hillside Ave, Suite E, NY 11423
Tel: 718-262-0205, Fax: 718-262-0254
www.EXITprmeNY.com
Mijanur Rahman (Mijan)
Chairman & CEO
917-631-5050
Email: RealtorMijan@gmail.com

সেইফ হেল্‌থ মেডিকেল কেয়ার
অভিজ্ঞ বাংলাদেশী ডাক্তার দ্বারা পরিচালিত
MOHAMMED HELAL UDDIN, M.D.
মোহাম্মদ হেলাল উদ্দিন, এম.ডি.
আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ
শাদমান নোশিন
ফিজিশিয়ান এ্যাসিসট্যান্ট
কার্ডিওলজী তরুণজিৎ সিং, এম.ডি.
বোর্ড সার্টিফাইড জেনারেল, নিউক্লিয়ার এন্ড ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট
পডিয়াট্রি ডা. সাদী আলম, ডিপিএম
পায়ের পাতা ও গোড়ালী রোগ বিশেষজ্ঞ
সাইকিয়াট্রিস্ট সোহেল এম. শিপু, এম.ডি.
বোর্ড সার্টিফাইড এডাল্ট সাইকিয়াট্রিস্ট
We Accept most Insurance
আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
৩০৯৯ ব্রেইনট্রিস্ট প্রিমিনিট, ব্রুক্স, নিউইয়র্ক ১০৪৬৭
ফোন: ৭১৮-৯৯৪-৭০০০
safehealth02@gmail.com
১০৮৯ ক্যাডেলরিল প্রিমিনিট, ব্রুক্স, নিউইয়র্ক ১০৪৬২
ফোন: ৭১৮-৯৭৫-৭৪৩১
safehealth02@gmail.com

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor : **Abu Taher**
Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

উইন রোজারিও হত্যার বিচার চাই

বাংলাদেশী অধ্যুষিত নিউইয়র্কের ওজোন পার্কে পুলিশের গুলিতে এক বাংলাদেশী তরুণ নিহত হয়েছেন। নিহতের নাম উইন রোজারিও (১৯)। সে মানসিকভাবে অসুস্থ ছিলো। পরিবারের অভিযোগ পুলিশ ঠান্ডা মাথায় তাকে হত্যা করেছে। তাদের দেশের বাড়ী গাজীপুর জেলায়। ঘটনাটি বুধবার (২৭ মার্চ) দপুরের। খবরটি নিউইয়র্ক সিটির বিভিন্ন মিডিয়ায় গুরুত্বের সাথে প্রচারিত হওয়ায় 'টক অব দ্য টাউন' খবরে পরিণত হয়। উইন রোজারিও-কে নিয়ে গেল দুই মাসে নিউইয়র্কে পুলিশের গুলিতে তিনজন নিহত হলো।

নিউইয়র্ক ভিত্তিক সংবাদ সংস্থা ইউএনএ'র খবর বলা হয়েছে, মানসিক রোগে আক্রান্ত উইন বুধবার সকাল থেকে বাসায় উশৃঙ্খল আচরণ করছিলেন। মানসিকভাবে অসুস্থ বোধ করছে ও মৃত্যু কামনা করছে এমনটা জানিয়ে উইন রোজারিও নিজেই তার বাসা থেকে ৯১১-এ কল করেন। ফোন পেয়ে এনওয়াইপিডি'র পুলিশ সদস্যরা দ্রুত দুপুর দেড়টার দিকে তার বাসায় যায়। এসময় পুলিশ তাকে আটকের চেষ্টা করলে উইন ওয়াড্রুভ থেকে কাচি (সিজার) নিয়ে পুলিশের ওপর আক্রমণের জন্য উদ্যত হয়। এসময় পুলিশ তাকে নিবৃত করার চেষ্টা করে ব্যর্থ হয় এবং উদ্ভুত পরিস্থিতে তার মায়ের সামনেই ওই তরুণকে লক্ষ্য করে পরপর ৬ রাউন্ড গুলি করে। এতে ঘটনাস্থলেই সে মেঝেতে লুটিয়ে পড়ে। পরে তাকে জামাইকা হাসপাতালে নেয়া হলে ডাক্তাররা তাকে মৃত ঘোষণা করেন। ঘটনার পর এনওয়াইপিডি'র পক্ষ থেকে প্রেস বিফ্রিং-এ বিস্তারিত জানায়।

নিহত উইন রোজারিওর পিতা ফ্রান্সিস রোজারিও দাবী করেছেন তার ছেলে সম্পূর্ণ নির্দোষ ছিলো। ছেলের মানসিক সমস্যা আছে বলার পরও পুলিশ তাদের কথা শুনেনি। পুলিশ ঠান্ডা মাথায় তার ছেলেকে খুন করেছে অভিযোগ করে তিনি এ ঘটনার ন্যায়বিচার দাবী করেছেন।

খবরে বরা হয়, ফ্রান্সিস রোজারিও ২০১৪ সালে পরিবার নিয়ে যুক্তরাষ্ট্রে এসে রাজনৈতিক আশ্রয় প্রার্থনা করেন। এরপর থেকে তিনি স্ত্রী আর দুই পুত্র নিয়ে কুইন্সের ওজোনপার্ক এলাকার ১০১-১২ ১০৩ স্ট্রিট ঠিকানার একটি বাড়িতে বসবাস করে আসছিলেন। তিনি এবং তার স্ত্রী ইভা কস্তা জন এফ কেনেডি অন্তর্জাতিক বিমানবন্দরে কর্মরত ছিলেন। নিহত উইন রোজারিও নিউইয়র্কের জন অ্যাডামস হাই স্কুল থেকে স্নাতক পাশ করে সামরিক বাহিনীতে যোগদানের পরীক্ষায়ও পাশ করেন। তিনি সামরিক বাহিনীতে যোগদানের জন্য অপেক্ষায় ছিলেন। এ অবস্থায় মানসিক অবসন্নতায় ভুগছিলেন উইন। এদিকে, পুলিশের গুলিতে বাংলাদেশী তরুণের নিহতের ঘটনায় কমিউনিটিতে শোক ও ক্ষোভের ছায়া নেমে এসেছে। দেখা দিয়েছে মিশ্র প্রতিক্রিয়া।


উইন রোজারিও হত্যার শিকার হয়েছেন। পুলিশ তাকে হত্যা করেছে এমন অভিযোগ সর্বত্রই। আমরা এই ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত এবং এই ঘটনার জন্য দায়ী পুলিশ অফিসারের দৃষ্টান্ত শাস্তি চাই। কর্তব্যরত পুলিশের বডি-ক্যাম ফুটেজ জনসমুখে দেখতে চাই। আর এই দাবীতে পুরো বাংলাদেশী কমিউনিটি ঐক্যবদ্ধভাবে সমর্থন জানাবেন, সভা-সমাবেশ করবেন, আন্দোলন গড়ে তুলবেন- এটাই আমাদের কাম্য। পুলিশ জনগনের শত্রু নয়, বন্ধু হোক।

ভালোবাসাহীন সমাজে বাড়ছে আত্মহত্যা

॥ নঈম নিজাম ॥



সবকিছুতে বিনোদনের প্রয়োজন নেই। ভাইরাল সংস্কৃতি বিনোদনের নামে সমাজে মানসিক অস্থিরতা বাড়াচ্ছে। বৃষ্টি খাতুন অথবা অভিশ্রুতি নামের পুড়ে যাওয়া মেয়েটির জীবনবৃত্তান্ত নিয়ে অনুসন্ধানী রিপোর্ট দেখলাম। আগামীতে এ মেয়েটির নানামুখী মানসিক জটিলতা নিয়ে হয়তো মনোবিজ্ঞানীরা কাজ করবেন। জানবেন, মেয়েটি ধর্ম এবং নিজের সামাজিক অবস্থান নিয়ে এত মিথ্যার আশ্রয় নিল? একজন মনোবিজ্ঞানীর সঙ্গে কথা বলছিলাম। তিনি বললেন, মেয়েটি উঠে এসেছে মফস্বলের একটি ছোট পরিবার থেকে। বাবা ছিলেন রাজমিস্ত্রি। স্কুলে পড়ার সময় পারিপার্শ্বিক পরিবেশ তার ভিতরে পরিবর্তন নিয়ে আসে। এ সময় তার একজন প্রিয় শিক্ষক ছিলেন হিন্দু ব্রাহ্মণ। ধর্মগত অবস্থানের কল্পনার ফানুসগুলো কম বয়সে ধারণ করে বৃষ্টি খাতুন। ঢাকায় এসে ইডেনে পড়ার সময় চারপাশের পরিবেশ তাকে আরও বদলে দেয়। মানসিক চাপ তৈরি হয় সমাজের সঙ্গে খাপ-খাওয়াতে গিয়ে। বান্ধবীর কাছে ভারতের বিভিন্ন অঞ্চলের গল্প শুনে কল্পনার



মনোজগতে সেখানকার অধিবাসী হিসেবে ভাবতে থাকে। সেই ভাবনা থেকে তৈরি করে নিজের নতুন পরিচয়। মন্দিরে গিয়ে পূজা দেখে নিজের কল্পনার জগতে স্কুলের শিক্ষকের জীবনাচার, স্নেহের সঙ্গে গুলিয়ে ফেলে। ছোটবেলায় পারিবারিক স্নেহ বঞ্চনা তার নিজস্ব সত্তা বদলে দেয়। সাংবাদিকতা করতে এসে আরও তালগোল পাকিয়ে ফেলে। ভারতের ভাস্কর পত্রিকার রিপোর্টার হিসেবে অনেকের সাক্ষাৎকার নেয়। অথচ মেয়েটি সেই পত্রিকার রিপোর্টার ছিল না। মেয়েটির মৃত্যুর পর হিন্দু না মুসলমান এই বিতর্কের জেরে বেরিয়ে আসে অনেক কিছু। ডিজিটাল মাধ্যম থেকেও মানসিক অসুস্থতা বাড়ছে। সারা দিন নোংরামি দেখতে দেখতে সমাজ ক্লান্ত। আগে বই পড়ে মানুষ জ্ঞান অর্জন করত। এখন ডিজিটালে নোংরা হিংসাত্মক রুচিহীন কর্মকান্ড দেখে হতাশা বাড়ায়। মানুষ অতি সহজে সব পারে। শোক, দুঃখকে মুহূর্তে ভুলতে পারে। অল্প সময়ে শোক কাটিয়ে হয় স্বাভাবিক। একই মানুষ সকালে যান জানাজাতে। দুপুরে বিয়েবাড়ি। রাতে বন্ধুদের মদের টেবিলে। সবখানে সমান্তরাল অংশগ্রহণ। কোথাও কোনো কমতি নেই। মরা বাড়িতে গিয়ে আলাপ করে কাতলা মাছের ঝোল নিয়ে। ভালো খাবারের আলোচনায় মশগুল হয়। প্রিয়জন হারানোর শোক নিয়ে নাজিম হিকমতের কবিতার মতো এক বছরও হয় না। মাস না পার হতে সবাই সব ভুলে যায়।

ঘরে হোক বাইরে হোক সম্পর্ক ও ভালোবাসা আসতে হয় মনের ভিতর থেকে। জাপানি মা বাংলাদেশি একজন বাবার বিরুদ্ধে লড়ছেন সন্তানের দাবি নিয়ে। অনেক দিন থেকে মামলাটি চলার পর শেষ পর্যন্ত আদালত রায় দেন। দুই সন্তান থাকবে মায়ের কাছে। একজন বাবার কাছে। বাবা- মায়ের লড়াইতে শিশুরা শুরু থেকে দ্বিধাগ্রস্ত ছিল। তারা বুঝতে পারছিল না কোন দিকে যাবে। দুই-নয়ার সব শিশু বেড়ে ওঠার সময় চায় বাবা-মা দুজনই পাশে থাকুক। সেই শিশুদের এখন দেখতে হচ্ছে আইন-আদালত, পুলিশ। পৃথিবীর কোন সন্তান পিতা-মাতার এমন লড়াই চায়? **(বাকি অংশ ৬ পাতায়)**

আত্মহত্যা কি সমস্যার সমাধান? চোখের সামনে হনন দেখছি। অভিমানে ঝরে পড়ছে তারুণ্য। এভাবে কেন চলে যেতে হবে? চলে যাওয়া তো সমস্যার সমাধান নয়। বরং একজন চলে গিয়ে গোটা পরিবারকে ডুবিয়ে দিচ্ছে বিষাদের সাগরে। পারিপার্শ্বিকতা নিয়ে সংকট আছে, থাকবে। ভয়ংকর পরিবেশ আর খারাপের মাঝেই টিকে থাকতে হবে। প্রতিবাদ করতে হবে অসংগতির। সাহসী হতে হবে। সেই দিন একটি ভিডিও দেখছিলাম। সামাজিক মাধ্যমে ভিডিওটি ভাইরাল হয়। ফুটপাত ধরে হাঁটছিল একটি মেয়ে। হঠাৎ তার সামনে এসে দাঁড়ান বেপরোয়া মোটরসাইকেল চালক। কোনো কিছুর তোয়াক্কা না করে ফুটপাতে মোটরবাইক চালাচ্ছিলেন বেপরোয়া লোকটি। মেয়েটি বাধা দিলেন। পথ আটকালেন বাইকের। চিৎকার করে বললেন, ফুটপাত দিয়ে বাইক চালাবেন না। এটা হাঁটার পথ। রাস্তা দিয়ে চলুন। চালক কথা শুনলেন না। বেপরোয়াভাবে বাইকটি মেয়েটির ওপর তুলে দেওয়ার চেষ্টা করলেন। সর্বশক্তি দিয়ে প্রতিরোধ করলেন মেয়েটি। দুই হাত দিয়ে আটকালেন মোটরসাইকেল। জয় হলো মেয়েটির। ফুটপাতে ছিটকে পড়ল মোটরসাইকেল। এবার চালক মেয়েটির দিকে তেড়ে এলেন। পথচারীরা সব দেখছিলেন। তারা এগিয়ে এলেন মেয়েটির পাশে। অবস্থান নিলেন মেয়েটির পক্ষে। বেগতিক পরিস্থিতি দেখে সটকে পড়লেন মোটরসাইকেল চালক।

অসংগতির বিরুদ্ধে এভাবেই প্রতিবাদ করতে হয়। অভিমানে চিরপ্রস্থান কোনো সমাধান নয়। হতাশা থাকতেই পারে। ভেঙে পড়লে চলবে না। প্রতিবাদ জানাতে হবে। প্রতিরোধ করতে হবে। রুখে দাঁড়াতে হবে। সমাজে খারাপ লোকের সংখ্যা বাড়ছে। ভালো মানুষের সংখ্যা কমছে। তারপরও টিকে আছে এই সমাজ। খারাপ মানুষের তৈরি করা বিভীষিকা তৈরি করে হতাশা। আর হতাশা, বঞ্চনা, বিভিন্ন নিপীড়ন থেকেই মানুষ আক্রান্ত হয় মানসিক রোগে। আমাদের অর্থনৈতিক সমৃদ্ধি বাড়ছে। শহরের চাকচিক্যের সঙ্গে তাল মেলাতে গিয়ে গ্রাম থেকে আসা তারুণ্য ভেঙে পড়ছে। হিমশিম খাচ্ছে। ১৭ কোটি মানুষের দেশে এখন কম- বেশি ৩ কোটির বেশি মানসিক রোগী। এর বিপরীতে মানসিক স্বাস্থ্যের চিকিৎসা বাড়েনি। পর্যাপ্ত বিশেষজ্ঞ চিকিৎসক বের হননি। হাসপাতালে নেই পর্যাপ্ত সিট। উন্নত বিশ্ব শিক্ষাপ্রতিষ্ঠানে আলাদাভাবে মানসিক স্বাস্থ্য রোগ বিশেষজ্ঞ রাখে। শিক্ষাপ্রতিষ্ঠান শিশু, কিশোর, শিক্ষার্থীদের দিকে চোখ রাখে। তাদের চাল-চলনে অসংগতি দেখলে চিকিৎসার ব্যবস্থা নেয়। মানসিক রোগের চিকিৎসার আলাদা ইউনিট থাকে হাসপাতালে। দেশ এগিয়ে চলছে। সমৃদ্ধি বাড়ছে। সময়ের সঙ্গে পাল্লা দিয়ে মানসিক রোগও বাড়ছে। মেডিকেল চিকিৎসক দাবি করা মেয়েটির ভিডিও দেখি না। এই মেয়েটি আমাদের সমাজের কঠিন বাস্তবতার অংশ। কোনো দোষ না খুঁজে, তাকে ভাইরাল না করে জরুরিভাবে পাঠানো প্রয়োজন মানসিক চিকিৎসকের কাছে।

নামাজের সময়-সূচী

এপ্রিল	০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
ফজর	৫.২২	৫.২০	৫.১৮	৫.১৭	৫.১৫	৫.১৩	৫.১১
সূর্যোদয়	৬.৩৯	৬.৩৭	৬.৩৬	৬.৩৪	৬.৩৩	৬.৩১	৬.২৯
জোহর	১.০০	১২.৫৯	১২.৫৯	১২.৫৯	১২.৫৯	১২.৫৮	১২.৫৮
আসর	৫.২৯	৫.৩০	৫.৩১	৫.৩১	৫.৩২	৫.৩৩	৫.৩৩
মাগরিব	৭.২০	৭.২১	৭.২২	৭.২৩	৭.২৪	৭.২৫	৭.২৬
এশা	৮.৩৭	৮.৩৯	৮.৪০	৮.৪১	৮.৪২	৮.৪৪	৮.৪৫

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৭ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৮ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

Akash Medical Care

আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD

Akash Medical Care

Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার

Sudesh Srivastava MD

Cardiologist

পায়ের ডাক্তার

Dr. Nayeem Haque

Podiatic Surgeon

- Complete Physical & Follow up
- DMV/TLC, School Physical
- Flu Shots, Hajj & Umrah Vaccine
- Blood, Urine Test, EKG
- Immigration Physical
- Podiatric Surgery
- COVID Test & COVID Vaccine
- All Types of Vaccine

FOR APPOINTMENT

718-431-0009

Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

ভালোবাসাহীন সমাজে

(৫ পাতার পর)

সামাজিক, পারিবারিক সংকটে ডিভোর্স বাড়ছে। কমেছে মানুষের ভালোবাসা। ভালোবাসাহীন সমাজে কৃত্রিমতা নিয়ে মানুষ বাড়িয়েছে দিবসের সংখ্যা। দিবস বাড়িয়ে কি অন্তর জোড়া দেওয়া যায়? খুঁজে পাওয়া যায় হৃদয়কে? আয়োজন করে কি মা, বাবা দিবস হয়? তথাকথিত দিবসে সন্তান বৃদ্ধ বাবা-মাকে শুভেচ্ছা কার্ড পাঠায়। বাবা-মা থাকেন বৃদ্ধাশ্রমে। সন্তান থাকে বিদেশে অথবা দেশের উচ্চপদে। সন্তানের ঠিকানা দামি এলাকার ফ্ল্যাটে। ভালোবাসার কার্ড পেয়ে বৃদ্ধাশ্রমে চোখের জল ফেলেন বাবা-মা। আহারে জীবন! অনেক শিক্ষিত ভদ্রলোক, ভদ্রমহিলা বাবা-মায়ের খবর নেন না। আবার নিজের সন্তানদের নিয়ে পালন করেন বাবা-মা দিবস। তারা বোঝেন না, এই শিশুরা শিখছে কীভাবে বাবা-মাকে অবহেলা করতে হবে। যন্ত্রণা দিতে হবে শেষ বয়সে।

দিবস পালন করে ভালোবাসা আসে না। ভালোবাসার জন্য নির্ধারিত একটি দিনকে কেন বাছাই করতে হবে? ভালোবাসা প্রতিদিনের বিষয়। পারিপার্শ্বিক জটিলতা, নোংরামি, অসুস্থতায় মানুষের মনটা শেষ হয়ে যাচ্ছে। বাড়ছে দিবসের সংখ্যা। গড়ে প্রতি মাসেই বিভিন্ন দিবস উদযাপিত হয়। সেই দিন ফেসবুকে দেখলাম হাগ দিবস পালিত হচ্ছে। এখন নাকি হাত ধরা দিবস আছে। চুমো দিবসও বাদ নেই। আয়োজন করে পালন করা হয় ফুল দেওয়া দিবস। আগে ঘর থেকে বের হওয়ার সময় মঙ্গল কামনায় মুরব্বিরা কপালে ফুঁ দিয়ে দোয়া দিতেন। এখন কোনো কিছু নেই। আমাদের অনেক কিছু সেকেলে হয়ে গেছে। অতি আধুনিকতা বদলে দিয়েছে সব। প্রযুক্তি মানুষের ভিতর থেকে আবেগ, বিবেক-সব কেড়ে নিয়েছে। বাড়িয়েছে সামাজিক-পারিবারিক বৈষম্য। ঘরে-বাইরে সুখশান্তি কোনোটাই নেই। কৃত্রিমতা নিয়ে সবাই ছবির পোজ দেন। তারপর পোস্ট দিয়ে বাড়ান লাইক শেয়ার, কমেন্ট। ভিতরের ক্ষয়ে যাওয়াটা কেউ প্রকাশ করেন না।

সম্পর্কের নানাবিধ জটিলতায় সমাজে অস্থিরতা তৈরি হচ্ছে। সন্তান হত্যা করছে বাবা-মাকে। আবার বাবা-মা খুন করছেন সন্তানকে। পরিবারের সবাইকে নিয়ে কেউ হচ্ছে আত্মঘাতী। সমাজে এ নিয়ে আলোচনা-সমালোচনা হয়। দুই দিন পর সবাই সব ভুলে যায়। সময় এসেছে শিক্ষাপ্রতিষ্ঠানে মানসিক শিক্ষক আলাদা করে রাখার। শিক্ষকরা শিক্ষার্থীর মনোজগৎ নিয়ে কাজ করবেন। উন্নত মানসিকতা তৈরিতে সহায়তা করবেন। পারিবারিক সংকটে অথবা বেড়ে ওঠার সময় নানামুখী জটিলতায় বিপাকে পড়ে শিশু, কিশোর, তারুণ্য। বাবা-মায়ের বিচ্ছেদ সন্তানকে মানসিকভাবে ক্ষতিগ্রস্ত করে। এই ক্ষতি বাকি জীবনে সহজে কাটিয়ে উঠতে পারে না। অর্থনৈতিক উন্নতির সঙ্গে সারা দুনিয়াতে মানসিক স্বাস্থ্যের প্রতি জোর দেওয়া হয়। আমরা পিছিয়ে থাকতে পারি না। উন্নতি সমৃদ্ধির সঙ্গে জরুরি মানসিক স্বাস্থ্য ঠিক রাখতে হবে। এ বিষয়টি গুরুত্বের সঙ্গে না নিলে প্রজন্মের ভিতরে মাদকাসক্তি বাড়বে। নিত্যনতুন মাদকে সয়লাব হয়ে যাবে চারপাশ। চারদিকে দিশাহারা ভাব তৈরি হবে। বাড়বে সামাজিক অসুস্থতা ও অপরাধ। কঠিন বাস্তবতাকে পাশ কাটানোর সুযোগ নেই।

সময় পরিবেশ পরিস্থিতি অনেক কিছুর জানান দেয়। ভরা জ্যোৎস্নায় হঠাৎ অন্ধকার নেমে আসে। মেঘের আড়ালে লুকিয়ে যায় চাঁদ। মানুষের অবাক ভাবুক হৃদয় জেগে ওঠার আগেই স্বাভাবিকতা ফিরে আসে। পেছনে ফেলে যায় আঁতকে ওঠা সব স্মৃতি। বেইলি রোডের ঘটনা সমাজকে নাড়িয়ে দিয়েছে। আমাদের স্তব্ধ করেছে। সামনে এসেছে কঠিন সব বাস্তবতা। অভিভাবকদের খবর রাখতে হবে সন্তানের। দিবস পালন করে নয়, সত্যিকারের বন্ধুত্বের সম্পর্ক থাকতে হবে পরিবারে। ইন্দ্রানী ছবিতে গভীর প্রেম থেকে উত্তম-সুচিত্রা বিয়ে করেন জাত কুলের কথা চিন্তা না করেই। সংসার করতে গিয়ে দুজন জীবন-জীবিকার কশাঘাতে টিকতে পারলেন না। স্কুলশিক্ষিকা হিসেবে মফস্বল শহরে কোয়ার্টার পেয়েছিলেন সুচিত্রা। সেই বাসায় গিয়ে উত্তম গাইলেন, নীড় ছোট ক্ষতি নেই, আকাশটা তো বড়... । সেই গানও টিকল না সংসারের কঠিন বাস্তবতার কাছে। দুজনের দূরত্ব বাড়তে থাকে। সেই দূরত্ব থেকে আসে বিচ্ছেদ। উত্তম কুমার সেই নীড় ছাড়লেন। ভালোবাসা সহজতর বিষয় নয়। নির্ধারিত দিনে ভালোবাসা দিবসে সত্য-মিথ্যা মিশিয়ে একটি ফুল উপহারে ভালোবাসা আসে না।

বাংলাদেশে ভালোবাসা দিবস উদযাপন জনপ্রিয় করেছিলেন সাংবাদিক শফিক রেহমান। তিনি তেজগাঁওতে লাভ রোড নামকরণ করলেন যায়যায়দিন পত্রিকা অফিস সড়ককে। ভালোবাসা দিবসে রঙিন শার্ট পরা, লাল গোলাপ উপহার তিনি জনপ্রিয় করলেন। বাঙালি সংস্কৃতিতে উদযাপন হতো পহেলা ফাগুন, বসন্ত শুরুর দিন। বিদেশের উপমায় শফিক রেহমান তৈরি করলেন ভালোবাসা দিবস। এক ভালোবাসা দিবসে শফিক রেহমান বেগম খালেদা জিয়াকে লাল গোলাপ উপহার দিয়েছিলেন। আশির দশকের ছাত্রনেতারা শফিক রেহমানের এই প্রচারণাকে ভালোভাবে নেননি তখন। তারা বলেছিলেন, এই দিনে এরশাদবিরোধী আন্দোলনে ঢাকা বিশ্ববিদ্যালয়ে জাফর, জয়নাল, দীপালি সাহাসহ অনেক ছাত্র নিহত হয়েছিলেন।

ভালোবাসা দিবসের আড়ালে শেষ করে দেওয়া হয়েছিল স্বৈরাচারবিরোধী আন্দোলনের সেই দিনটিকে। সমাজের কঠিন বাস্তবতাকে স্বীকার করে সংকটের সমাধানে যেতে হবে। সমাজ সংসারের প্রতি দায়িত্বটুকু জরুরি। মত ও পথের ভিন্নতা থাকতে পারে। সম্পর্ক ধরে রাখাতে বাধা নেই। সম্পর্কগুলোকে নিজেরাই দমবন্ধ করে রাখলে চলবে না। উন্মুক্ত করতে হবে চারপাশটা।

লেখক : সম্পাদক, বাংলাদেশ প্রতিদিন





Sarwor Khan
LIC. Real Estate Saleperson
Cell: 347-665-7580

EXIT REALTY PRIME

This is the best time to Buy or Sell your home

বাড়ী কিনার এখনই উপযুক্ত সময়
সুলভে বাড়ী কিনতে
আমাদের সাথে যোগাযোগ করুন

- Residential
- Commercial
- Co-op Condo
- HUD
- Pre-Forclosure
- Rental & Short Sale

- রেসিডেনসিয়াল
- কমার্শিয়াল
- কো-অপ কনডো
- HUD-বাড়ি
- প্রি-ফরক্লোজার
- ভাড়া ও শর্ট সেল



189-10 Hillside Ave, Jamaica NY 11423
Tel: 718-262-0205 Cell: 347-665-7580
Email: sarworexitrealty@gmail.com, Web:Exitprimeny.com

নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদানে
বাসায় অত্যাধুনিক হিটিং ও
এয়ারকন্ডিশন লাগাতে চান?

লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন

সম্মানিত বাড়ির মালিকগণ আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে চাই

নতুন বছর উপলক্ষে ৫০% সেল



স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকান্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন



তোফায়েল চৌধুরী (লিটন)

এই অত্যাধুনিক সিস্টেমে আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে



আমাদের কল করুন
914-222-9477 or 914-989-0089
GREE MECHANICAL YONKERS
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW

ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ। ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'

For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এসে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

মাত্রাত্র ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ অর্জনে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

চলমান কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিস্ট্রাকচারাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711



আগামী শনিবার অন্ত্যেষ্টিক্রিয়া

(প্রথম পাতার পর)

কথা। রোববার এসব কথা জানিয়ে ইউনের বাবা ফ্রান্সিস রোজারিও বলেন, 'উই ওয়ান্ট জাস্টিস'।

এদিকে পুলিশের গুলিতে উইন রোজারিও হত্যার প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ হয়েছে নিউইয়র্কে। প্রবাসী বাংলাদেশী খ্রিস্টান এসোসিয়েশন গত ২৯ মার্চ শুক্রবার বিকেলে নিউইয়র্কের জ্যাকসন হাইটসে এ কর্মসূচির আয়োজন করে। সংগঠনের প্রেসিডেন্ট গাব্রিয়েল তাপস হোমেজ এর সভাপতিত্বে বিক্ষোভ সমাবেশে এ হত্যাকান্ডের ঘটনায় জড়িত পুলিশ কর্মকর্তাদের অবিলম্বে চিহ্নিত করে তাদের দৃষ্টান্তমূলক শাস্তি সহ ৪ দফা দাবী উপস্থাপন করা হয়েছে।

সমাবেশে বক্তারা অভিযোগ করে বলেন, মানষিক অসুস্থ একজন তরুণের প্রতি সংবেদনশীলতা না দেখিয়ে তাকে মায়ের সামনে গুলি করে হত্যা করে নিউইয়র্ক পুলিশ অমানবিক ও নিষ্ঠুরতম দৃষ্টান্ত স্থাপন করেছে। মানবাধিকারের তীর্থভূমি যুক্তরাষ্ট্রে এ ঘটনা কোনভাবেই মেনে নেয়া যায় না। সমাবেশে খ্রিস্টান ধর্মাবলম্বী ছাড়াও বিপুল সংখ্যক বাংলাদেশী কমিউনিটির লোকজন অংশ নেন। সমাবেশ থেকে ঘটনার সময়ে রেকর্ডকৃত পুলিশের বডিক্যাম ফুটেজ প্রকাশ করার দাবী জানানো হয়। এছাড়া ন্যাক্কারজক এ এঘটনায় জড়িত পুলিশ কর্মকর্তাদের বরখাস্ত ও তাদেরকে ফৌজদারী আইনের আওতায় এতে বিচারেরও দাবী জানানো হয়।

এ ঘটনায় ২৪ ঘন্টারও বেশি সময় অতিবাহিত হওয়ার পরও নিউইয়র্ক মেয়র এরিক এডামস কোন বক্তব্য বা নূন্যতম সহানুভূতি প্রকাশ না করায় ক্ষোভ প্রকাশ করেন বক্তারা। এসময় প্রবাসী বাংলাদেশী খ্রিস্টান এসোসিয়েশনের কর্মকর্তাদের মধ্যে বক্তব্য রাখেন পাস্টর জেমস রয়, জোসেফ বিকাশ ডি কস্তা, চিত্তা রোজারিও, সুখেন গোমেজ ও জেমস কুরাইয়া।

ওজোন পার্কে পুলিশের গুলিতে যেভাবে নিহত হলো উইন রোজারিও

নিউইয়র্ক ভিত্তিক বার্তা সংস্থা ইউএনএ জানায়: বাংলাদেশী অধ্যুষিত নিউইয়র্কের ওজোন পার্কে পুলিশের গুলিতে এক বাংলাদেশী তরুণ নিহত হয়েছেন। নিহতের নাম উইন রোজারিও (১৯)। সে মানসিকভাবে অসুস্থ ছিলো। পরিবারের অভিযোগ পুলিশ ঠান্ডা মাথায় তাকে হত্যা করেছে। তাদের দেশের বাড়ী গাজীপুর জেলায়। ঘটনাটি বুধবার (২৭ মার্চ) দপুরের। খবরটি নিউইয়র্ক সিটির বিভিন্ন মিডিয়ায় গুরুত্বের সাথে প্রচারিত হওয়ায় 'টক অব দ্য টাউন' খবরে পরিণত হয়। উইন রোজারিও-কে নিয়ে গেল দুই মাসে নিউইয়র্কে পুলিশের গুলিতে তিনজন নিহত হলো। খবর ইউএনএ'র।

জানা গেছে, মানসিক রোগে আক্রান্ত উইন বুধবার সকাল থেকে বাসায় উশৃঙ্খল আচরণ করছিলেন। মানসিকভাবে অসুস্থ বোধ করছে ও মৃত্যু কামনা করছে এমনটা জানিয়ে উইন রোজারিও নিজেই তার বাসা থেকে ৯১১-এ কল করেন। ফোন পেয়ে এনওয়াইপিডি'র পুলিশ সদস্যরা দ্রুত দুপুর দেড়টার দিকে তার বাসায় যায়। এসময় পুলিশ তাকে আটকের চেষ্টা করলে উইন ওয়াড্রুভ থেকে কাচি (সিজার) নিয়ে পুলিশের ওপর আক্রমণের জন্য উদ্যত হয়। এসময় পুলিশ তাকে নিবৃত করার চেষ্টা করে ব্যর্থ হয় এবং উদ্ভুত পরিস্থিতে তার মায়ের সামনেই ওই তরুণকে লক্ষ্য করে পরপর ৬ রাউন্ড গুলি করে। এতে ঘটনাস্থলেই সে মেঝেতে লুটিয়ে পড়ে। পরে তাকে জামাইকা হাসপাতালে নেয়া হলে ডাক্তাররা তাকে মৃত ঘোষণা করেন। ঘটনার পর এনওয়াইপিডি'র পক্ষ থেকে প্রেস বিফ্রিং-এ বিস্তারিত জানায়।

নিহত উইন রোজারিওর পিতা ফ্রান্সিস রোজারিও দাবী করেছেন তার ছেলে সম্পূর্ণ নির্দোষ ছিলো। ছেলের মানসিক সমস্যা আছে বলার পরও পুলিশ তাদের কথা শুনেনি। পুলিশ ঠান্ডা মাথায় তার ছেলেকে খুন করেছে অভিযোগ করে তিনি এ ঘটনার ন্যায়বিচার দাবী করেছেন।

জানা গেছে, ফ্রান্সিস রোজারিও ২০১৪ সালে পরিবার নিয়ে যুক্তরাষ্ট্রে এসে রাজনৈতিক আশ্রয় প্রার্থনা করেন। এরপর থেকে তিনি স্ত্রী আর দুই পুত্র নিয়ে কুইন্সের ওজোনপার্ক এলাকার ১০১-১২ ১০৩ স্ট্রিট ঠিকানার একটি বাড়িতে বসবাস করে আসছিলেন। তিনি এবং তার স্ত্রী ইভা কস্তা জন এফ কেনেডি অন্তর্জাতিক বিমানবন্দরে কর্মরত ছিলেন। নিহত উইন রোজারিও নিউইয়র্কের জন অ্যাডামস হাই স্কুল থেকে স্নাতক পাশ করে সামরিক বাহিনীতে যোগদানের পরীক্ষায়ও পাশ করেন। তিনি সামরিক বাহিনীতে যোগদানের জন্য অপেক্ষায় ছিলেন। এ অবস্থায় মানসিক অবসন্নতায় ভুগছিলেন উইন। এদিকে, পুলিশের গুলিতে বাংলাদেশী তরুণের নিহতের ঘটনায় কমিউনিটিতে শোক ও ক্ষোভের ছায়া নেমে এসেছে। দেখা দিয়েছে মিশ্র প্রতিক্রিয়া।

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ocean Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11209
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়
আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী
বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই
এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়
PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.
PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.
নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে
আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।
❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং
PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমাদের অন্য কোন শাখা নেই
আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল,এল,এম, করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

এপ্রিল ২০২৪ ভিসা বুলেটিন

ইউএস স্টেট ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) এপ্রিল ২০২৪'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে এপ্রিল ২০২৪ এর পারিবারিক ভিত্তিতে ফেব্রুয়ারী মাসের ভিসা বুলেটিনের প্রাপ্যতা দেয়া হলো। উল্লেখ্য যে, ফাইনাল অ্যাকশন ডেট বলতে সেই ডেটকে বুঝায় যখন ইউএসসি-সআইএস জমা দেয়া আবেদন সম্পর্কে তাদের চূড়ান্ত সিদ্ধান্ত দেবে। প্রায়োরিটি ডেট হবে এই ডেটের পূর্বে। এপ্রিল ২০২৪'র ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনা করে দেখা যায় ফ্যামিলি ভিত্তিক ভিসা বুলেটিনে অগ্রগতি খুব একটা দেখা যায় না।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেস

প্রথম (এফ-১)ঃ আমেরিকান নাগরিকদের অবিবাহিত পুত্র-কন্যাঃ ৮ ফেব্রুয়ারী, ২০১৫।

দ্বিতীয়ঃ পারমানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী, সন্তান এবং অবিবাহিত ছেলে ও মেয়েরাঃ

এ. (এফ২এ)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের ছেলে ও মেয়েরাঃ সেপ্টেম্বর ৮, ২০২০।

বি. (এফ ২বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত ছেলে ও মেয়েরা (২১ বছর বা তদুর্ধবয়সী ছেলে ও মেয়েরাঃ নভেম্বর ২২, ২০১৫।

তৃতীয়ঃ (এফ-৩)ঃ আমেরিকান নাগরিকদের বিবাহিত পুত্র-কন্যাঃ ০১ অক্টোবর ২০০৯।

চতুর্থঃ (এফ-৪) ঃ প্রাপ্তবয়স্ক আমেরিকান নাগরিকদের ভাই-বোনঃ ০৮ জুন, ২০০৭।

এ বিষয়ে এবং চাকরি ভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে চাইলে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েব সাইট ভিজিট করুন।



নিউইয়র্ক থেকে মাহবুব হোসেনের প্রশ্নঃ

আমি একজন বাংলাদেশের নাগরিক। বাংলাদেশে বসবাস করি। ব্যবসা সংক্রান্ত অফিসের কাজে এসেছি। আমি বাংলাদেশের একটি এক্সপোর্ট ইমপোর্ট কোম্পানিতে কাজ করি। একটি ট্রেডশোতে উপস্থিত হবার জন্য আমার এদেশে আশা। এখানে এসে আমি বড় ধরনের কিছু কাজের অর্ডার পেয়েছি, সে কারণে বাংলাদেশে আমার উর্ধ্বতন কর্মকর্তা খুব খুশি হয়েছে। সামনে আরো একটি শো আছে। ঐ শোর জন্য আমি রেসিট্রেশনও করে ফেলেছি। সে কারণে ঐ পর্যন্ত থাকার জন্য আমার ভিসার মেয়াদ বাড়াতে হবে, আবেদন করেছি। তারপরে আমার এক আত্মীয়য়ের বিয়ের কারণে তারা আমাকে এখানে থাকার জন্যে অনুরোধ করেছে। আমার ভিসার মেয়াদ আরো বাড়াতে পারলে আমি ঐ অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারতাম। নিয়ম লঙ্ঘন করে আমি এখানে থাকতে ইচ্ছুক নই। কারণ আমার মাল্টিপল ভিসা আছে। সেটা নষ্ট হয়ে যাক আমি চাই না।

এব্যাপারে আপনার পরামর্শ আশা করছি।

মাহবুব হোসেনের প্রশ্নের উত্তরঃ

ধারণা করছি আপনার ইউএসএ প্রবেশ ছিলো বি-১ ভিসায়। আপনি ভিসা বাড়াবার জন্য আবেদন করেছেন ট্রেড শোতে উপস্থিত থাকবেন বলে। ট্রেড শো'র পরে আপনার আত্মীয়ের বিয়েতে উপস্থিত থাকতে চাইছেন।

এখন আপনার জন্য করণীয় সেটা হচ্ছে আপনাকে ভিসা বাড়াবার জন্য এবং ভিসার স্ট্যাটাস পরিবর্তন করার জন্য ফাইল করতে হবে। বর্তমানে আপনার ভিসার স্ট্যাটাস হচ্ছে বি-১ যা ব্যবসা সংক্রান্ত কাজে দেয়া হয়ে থাকে। এর পরের অবস্থানের জন্য আপনার বি-২ ভিসা দরকার। একই আবেদনে আপনি ভিসা বৃদ্ধি এবং বি-১ ভিসা থেকে বি-২ ভিসায় পরিবর্তন করতে পারেন।

এ ব্যাপরে বিস্তারিত জানার জন্য একজনর অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে আলোচনা করে চূড়ান্ত পদক্ষেপ গ্রহণ করা ভালো।

নিউইয়র্ক থেকে মারুফ চৌধুরীর প্রশ্নঃ

আমার ব্যবসায় ১৪ বছর যাবত গ্রিনকার্ডধারী হিসেবে এদেশে বসবাস করছেন। আমার বাবার বয়স ৭২ বছর। তিনি সিটিজেনশীপের জন্য আবেদন করেছিলেন। তারপর তাকে ইন্টারভিউ এর জন্য ডাকা হয়েছিলো। আমার বাবার আবেদন অস্বীকৃত হয়েছে কারণ ইংরেজিতে পাশ করেন।

মারুফ চৌধুরীর প্রশ্নর উত্তরঃ

আপনার বাবা সিটিজেনশীপ পরীক্ষায় পাশ করতে পারেন নি, কারণ তিনি ইংরেজি পরীক্ষায় অকৃতকার্য। সিটিজেনশীপের জন্যে আবেদন করতে পারবেন।

সিটিজেনশীপের জন্যে প্রমাণ করতে হবে যে তিনি ৫ বছর যাবত গ্রিনকার্ডধারী হিসেবে এদেশে বসবাস করছেন।

ইন্টারভিউ এর সময় দুই ধরনের পরীক্ষা নিতে হয় একটি হচ্ছে ইউএস গভর্নমেন্ট ও ইতিহাসের পরীক্ষা। আরেকটি হচ্ছে ইংরেজি পরীক্ষা। যাতে লিখতে পড়তে ও বুঝতে পারতে হবে। এই ইংরেজি পরীক্ষা মাফ হতে পারে যদি কারো বয়স ৫৫ বছরের উর্ধে হয়ে থাকে। আর গ্রিনকার্ডধারী হিসেবে ১৫ বছর এদেশে বসবাস করেন।

ইমিগ্রেশন ও গভর্নমেন্ট বিষয়ে পরীক্ষা দিতে হবে তবে শারীরিক কারণে যদি কোন তথ্য বা শেখার প্রক্রিয়া আয়ত্বে রাখতে অপারগ হন তবে উভয় পরীক্ষা মাফ হয়ে যেতে পারে। অবশ্য একজন ডাক্তার ফর্ম পূরণ করতে হবে।

এই বিষয় বিস্তাতির জানার জন্য প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নীর সাথে সাক্ষাতে আলোচনা করতে পারেন। তিনি আপনার সার্বিক পরিস্থিতি বিবেচনা করে পরামর্শ দিতে পারবেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

পৃথিবীর আলোয় বেঁচে থাকতে চায় ডালিম



DALIM WANTS TO LIVE A HEALTHY LIFE

ডালিম খান, বয়স ৩২ বছর, ২ ভাই ২ বোনের মধ্যে তৃতীয়, বাবার ইন্তেকালের পর সেই ছিল পরিবারের একমাত্র উপার্জনকারী ব্যক্তি। সিলেটের বিশ্বনাথ উপজেলাধীন দৌলতপুর ইউনিয়নের দশপাইকা গ্রামে তার জন্ম।

প্রায় বেশ কয়েক বছর যাবত ডালিম কিডনি রোগের জটিল সমস্যায় আক্রান্ত। দেশের খ্যাতনামা কিডনি বিশেষজ্ঞদের পরামর্শক্রমে চিকিৎসা নিলেও তা ফলপ্রসূ হয়নি। বিগত দুই বছর যাবৎ তার দু'টি কিডনিই পুরোপুরি বিকল হয়ে গেছে। যার ফলে প্রতি মাসে ১০-১২টি ডায়ালাইসিস করে কোন রকম বেঁচে আছে। আত্মীয়-স্বজনের সহযোগিতায় এতদিন তার ডায়ালাইসিস চললেও ব্যয়-বহুল এই চিকিৎসা চলমান রাখা সম্ভব হচ্ছে না বিধায় বর্তমানে তার একটি কিডনী প্রতিস্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে, যার খরচ প্রায় ৫০ লক্ষ টাকা। আমরা ইতোমধ্যে প্রায় ১০ লক্ষ টাকা সংগ্রহ করেছি। তার চিকিৎসা সহায়তার জন্য সকল সম্মানিত হৃদয়বান ব্যক্তিবর্গকে ছদকায়ে জারিয়া হিসেবে চিকিৎসা সহায়তায় সহযোগিতার জন্য উদাত্ত আহবান জানাচ্ছি।

মহান আল্লাহ রাব্বুল আলামীন সকলকে হেফাযত করুন, সুস্থতা দান করুন, আমিন।

Dalim Khan, a resilient soul at 32, the third among two brothers and two sisters. **The sole earner in the family** after his fathers death. Born in Daulatpur Union's Dashpaika village under Biswanath Upazila in Sylhet.

His journey has been one of valor, battling a relentless kidney ailment over the years. Despite seeking care from esteemed specialists within the country, his condition has unfortunately shown no signs of improvement. In the last two years, his kidneys have reached complete failure, **necessitating 10-12 dialysis sessions each month** for mere survival. Despite the unwavering support of his family, friends and relatives, the ongoing dialysis treatments have imposed significant financial strain, leading to consideration of kidney replacement as a hopeful solution. The estimated cost of which is approximately **(50 LAKHS TAKA) FIVE MILLION BDT**. We have managed to collect around **(10 LAKHS TAKA) 1 MILLION BDT** so far.

I appeal to all kind-hearted donors, known and unknown, residing in Bangladesh and abroad, for your generous support in his treatment.

In extending our hand to Dalim, we emulate the spirit of compassion and generosity cherished in Islam, drawing upon the abundant blessings of Allah. Let us unite in answering the call to aid our brother in his hour of need, embodying the essence of Ramadan through our acts of kindness.

MEANS OF COOPERATION

SCAN TO DONATE gofundme

For those willing to donate, contributions can be made through **bKash** or by contacting Dalim Khan Emon directly at +880 1725-726658

MASHUK AHMAD 973 510 3164 Zelle

BD BANK DETAILS
DALIM KHAN EMON
DUTCH BANGLA BANK LTD.
Islampur Branch, Sylhet
Acc. No.: 29 91 57 00 18 490

MASHUK AHMAD $mashuk123 Cash App

USA BANK DETAILS
MASHUK AHMAD
TD BANK N.A
Routine Number. 031201360
Checking Acc. No. 3452611094

MASHUK AHMAD @MashukAhmad venmo

IN PUBLICITY

আমরা এমিরাটস, ইত্তিহাদ, কাতার, কুয়েত, সৌদি, টার্কিশসহ বিভিন্ন এয়ারলাইন্সের টিকেট সরাসরি আমাদের অফিস থেকে ইস্যু করে থাকি।

জালালাবাদ ট্রাভেল্স Jalalabad Travels we are committed to better service

Mashuk Ahmad
CEO
973-510-3164

197 Liberty Street
Paterson, NJ 07522
Email: jalalabadtravels@gmail.com

Shah M Badruzzaman Badrul
Graphic Designer & Owner
Bangla Square
973 333 1922 Zelle
GRAPHIC DESIGN & PRINTING
Banner & Sign | Photo Print | Passport Photo | Photo Copy
Laminating | Calendar | Wedding Card | T-Shirt | Mug | Creast
NO VISA & PASSPORT SERVICE
73-05 37th Road | Lower Leve | Store #5 | (BELOW THE ITTADI RESTAURANT)
JACKSON HEIGHTS | NY 11372 | e-mail: sylgraphusa@gmail.com

বেনজীরের ঘরে আলাদীনের চেরাগ

(প্রথম পাতার পর)

আর হাতে গড়া আভিজাত্যের অপরূপ মিশেল। বিশাল আকৃতির ১৫টি পুকুরের চারপাশে গার্ড ওয়াল, দৃষ্টিনন্দন ঘাট, পানির কৃত্রিম ঝরনা ও আলোর ঝলকানি।

পার ঘেঁষে রয়েছে বিলাসবহুল ডুপ্লেক্স কটেজ। বিদেশি শিল্পীদের নিপুণ হাতে তৈরি হয় এসব স্থাপত্য নকশা। কটেজের ভেতর থেকে পুকুর পর্যন্ত এমন পথ নির্মাণ করা হয়েছে, যেখানে মাটিতে পা ফেলার প্রয়োজন নেই; সরাসরি কটেজ থেকে কাচে ঘেরা আবরণ পেরিয়ে পৌঁছানো যায় শান-বাঁধানো ঘাটে। সাভানা ইকো রিসোর্টের পরিধি এতটাই বড় যে সাহাপুর গ্রামের নাম লিখে গুগলে সার্চ দিলে এই রিসোর্টটিই আগে ভেসে ওঠে পর্দায়।

প্রায় এক হাজার ৪০০ বিঘা জমির ওপর নির্মিত এই ইকো রিসোর্টের বিভিন্ন জায়গায় মাটি ভরাট করে বানানো হয়েছে কৃত্রিম পাহাড়। সাগরের কৃত্রিম ঢেউ খেলানো সুইমিং পুলও রয়েছে এখানে। আছে হাজারের বেশি ভিয়েতনামি নারকেলগাছসহ বিভিন্ন ফলফলাদির গাছ। রয়েছে উন্নতমানের সাউন্ড সিস্টেমসহ বিশাল আকৃতির কনসার্ট হল।

দায়িত্বরত কর্মকর্তাদের সঙ্গে কথা বলে জানা যায়, একক পরিবারের জন্য বানানো এসব কটেজের পেছনে ব্যয় হয়েছে অর্ধকোটি টাকারও বেশি। যুগলদের কাছে কটেজের চাহিদা বেড়ে যাওয়ায় রিসোর্টের ভেতরে এখন আরো ৫০টি কটেজ নির্মাণ করা হয়েছে। এত সব আয়োজন যেখানে, সেই রিসোর্টের নিরাপত্তায় পাশেই বসানো হয়েছে 'বিশেষ' পুলিশ ফাঁড়ি। যাতায়াতের জন্য সরকারি খরচে বানানো হয়েছে সাত কিলোমিটারের বেশি পাকা সড়ক।

দেশে এ রকম নজিরবিহীন আভিজাত্যে ঘেরা পর্যটন স্পটটির মালিকপক্ষ কারা জানেন? অবিশাস্য হলেও সত্য যে রাষ্ট্রীয় শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্ত পুলিশের সাবেক মহা-পরিদর্শক (আইজিপি) ও র‍্যাবের সাবেক মহাপরিচালক বেনজীর আহমেদের পরিবার।

সাভানা ইকো রিসোর্ট প্রাইভেট লিমিটেডের চেয়ারম্যান বেনজীর আহমেদের স্ত্রী জীশান মীর্জা, ব্যবস্থাপনা পরিচালক (এমডি) বেনজীরের বড় মেয়ে ফারহিন রিসতা বিনতে বেনজীর এবং পরিচালক ছোট মেয়ে তাহসিন রাইসা বিনতে বেনজীর।

শুধু এই এক ইকো রিসোর্টই নয়, পুলিশের সাবেক এই প্রভাবশালী শীর্ষ কর্মকর্তা তাঁর স্ত্রী ও দুই মেয়ের নামে গড়ে তুলেছেন সম্পদের পাহাড়। দেশের বিভিন্ন এলাকায় তাঁদের নামে অন্তত ছয়টি কম্পানির খোঁজ পাওয়া গেছে কালের কণ্ঠ'র অনুসন্ধানে। এর পাঁচটিই নিজ জেলা গোপালগঞ্জে। জেলা সদরের সাহাপুর ইউনিয়নের বৈরাগীটোল এলাকায় অবস্থিত প্রতিষ্ঠানগুলোতে বিনিয়োগের পরিমাণ ৫০০ কোটি টাকার বেশি বলে ধারণা পাওয়া গেছে।

অনুসন্ধানে জানা গেছে, রাজধানীর অভিজাত এলাকাগুলোতে রয়েছে বেনজীর আহমেদের অঢেল সম্পদ। দামি ফ্ল্যাট, বাড়ি আর ঢাকার কাছেই দামি এলাকায় বিঘার পর বিঘা জমি। দুই মেয়ের নামে বেস্ট হোল্ডিংস ও পাঁচতারা হোটেল লা মেরিডিয়ানের রয়েছে দুই লাখ শেয়ার। পূর্বাচলে রয়েছে ৪০ কাঠার সুবিশাল জায়গাজুড়ে ডুপ্লেক্স বাড়ি, যার আনুমানিক মূল্য কমপক্ষে ৪৫ কোটি টাকা। একই এলাকায় আছে ২২ কোটি টাকা মূল্যের আরো ১০ বিঘা জমি।

এই বিপুল সম্পদের মালিক পরিবারের কর্তা পুলিশের সাবেক আইজি ও র‍্যাবের সাবেক ডিজি বেনজীর আহমেদ সরকারি বেতন-ভাতা থেকে কত টাকা উপার্জন করেছেন, এ প্রশ্নের উত্তর খুঁজতে গিয়ে জানা যায়, ৩৪ বছর সাত মাসের দীর্ঘ চাকরিজীবনে বেনজীর আহমেদ বেতন-ভাতা বাবদ মোট আয় করেছেন এক কোটি ৮৪ লাখ ৮৯ হাজার ২০০ টাকা। এর বাইরে পদবি অনুযায়ী পেয়েছেন আনুষঙ্গিক সুযোগ-সুবিধা। বাংলাদেশ পুলিশের ৩০তম মহাপরিদর্শক ছিলেন তিনি। ২০১১, ২০১২, ২০১৪ এবং ২০১৬ সালে পেয়েছেন বাংলাদেশ পুলিশ মেডেল (বিপিএম)। অবসরে যাওয়ার আগে ২০২১ সালে ভূষিত হন শুদ্ধাচার পুরস্কারেও। ২০২২ সালের ৩০ সেপ্টেম্বর অবসরে যাওয়ার পর বেরিয়ে আসে সাবেক এই পুলিশকর্তার থলের বিড়াল।

সম্পদের মালিকানায় স্ত্রী ও দুই মেয়ে

অনুসন্ধানে দেখা গেছে, সুকৌশলী বেনজীর আহমেদ নিজের নামে কোনো সম্পদ করেননি, করেছেন তাঁর স্ত্রী ও দুই মেয়ের নামে। গোপালগঞ্জে সাভানা ফার্ম প্রডাক্টস, সাভানা অ্যাগ্রো লিমিটেড, সাভানা ন্যাচারাল পার্ক, সাভানা ইকো রিসোর্ট, সাভানা কান্ট্রি ক্লাব বানিয়েছেন বেনজীর আহমেদ। বেস্ট হোল্ডিংস লিমিটেড নামের একটি কম্পানিতে বড় মেয়ে ফারহিনের নামে এক লাখ, আর ছোটে মেয়ে তাহসিনের জন্য কেনা হয়েছে আরো এক লাখ শেয়ার। এম/এস একটি শিশির বিন্দু (রেজি. পি-৪৩০৩৬) নামের ফার্মের ৫ শতাংশের মালিকানায় নাম রয়েছে বড় মেয়ের। আরো ৫ শতাংশের মালিকানা রয়েছে ছোট মেয়ের। একই প্রতিষ্ঠানে বেনজীরের স্ত্রী জীশান মীর্জার রয়েছে ১৫ শতাংশ অংশীদারি। অর্থাৎ প্রতিষ্ঠানটিতে মোট ২৫ শতাংশের মালিকানা রয়েছে বেনজীর আহমেদের স্ত্রী ও মেয়েদের।

যৌথ মূলধনী ফার্মসমূহের পরিদপ্তর থেকে একটি নথি কালের কণ্ঠ'র হাতে এসেছে। সেটি বিশ্লেষণ করে দেখা গেছে, সাবেক পুলিশ ও র‍্যাব কর্তা বেনজীর আহমেদ তাঁর স্ত্রী ও দুই মেয়ের নামে গোপালগঞ্জে প্রতিষ্ঠা করেছেন সাভানা অ্যাগ্রো। ২০ কোটি টাকা অনুমোদিত মূলধনধারী সাভানা অ্যাগ্রো লিমিটেডের পরিচালক তিনজন। ১০টি শেয়ারধারী স্ত্রী জীশান মীর্জা চেয়ারম্যান, সমপরিমাণ শেয়ারের অধিকারী ২৯ বছর বয়সী বড় মেয়ে ফারহিন রিসতা বিনতে বেনজীর এমডি। আর মাত্র ২৪ বছর বয়সী ছোট মেয়ে তাহসিন রাইসা বিনতে বেনজীর আছেন পরিচালক হিসেবে। প্রাপ্ত তথ্যের সত্যতা নিশ্চিত করতে সরেজমিনে গিয়ে সেখানে দেখা গেছে, ২০ কোটি নয়, সাভানা অ্যাগ্রোর রয়েছে কয়েক শ কোটি টাকার বিনিয়োগ ও ব্যবসা।

বেনজীর আহমেদের পরিবারের আরেকটি প্রতিষ্ঠান হলো সাভানা ন্যাচারাল পার্ক প্রাইভেট লিমিটেড। রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কম্পানির (আরজেএসসি) তথ্য পর্যালোচনায় দেখা যায়, এই কম্পানির অনুমোদিত মূলধন পাঁচ কোটি টাকা। সাভানা অ্যাগ্রোর মতো এই কম্পানির মালিকানায়ও আছেন স্ত্রী ও দুই মেয়ে। যথারীতি এখানেও স্ত্রী চেয়ারম্যান এবং মেয়েদের একজন এমডি, অন্যজন পরিচালক। প্রত্যেকের হাতে রয়েছে এক লাখ করে মোট তিন লাখ শেয়ার। সরেজমিনে গিয়ে দেখা গেছে, এই পার্কের আয়তন প্রায় ৬০০ বিঘা। পার্কটি বড় করতে পাশে আরো ৮০০ বিঘা জমি কেনা হয়েছে। এখন ভরাট করা হচ্ছে।

যৌথ মূলধনী কম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর থেকে পাওয়া নথি পর্যালোচনায় দেখা যায়, সাভানা অ্যাগ্রোর নিবন্ধনে ঠিকানা হিসেবে দেওয়া হয়েছে ২২৮/৩, শেখ-পাড়া রোড, দক্ষিণ যাত্রাবাড়ী, ঢাকা। সরেজমিনে গিয়ে দেখা গেছে, ঠিকানাটি বেনজীরের শ্বশুরবাড়ি। বেনজীরের শ্বশুরের নাম মীর্জা মনসুর উল হক ও শাশুড়ির নাম লুত্ফুন নেসা মনসুর।

নথির তথ্য মতে, বেনজীরের স্ত্রী জীশান মীর্জার জন্ম ১৯৭৩ সালের ১০ জুলাই। বড় মেয়ের জন্ম ১৯৯৫ সালের ২৫ সেপ্টেম্বর। ছোট মেয়ে জন্মেছেন ২০০০ সালের ১২ এপ্রিল। দুই মেয়ে মাত্র ২৯ ও ২৪ বছর বয়সেই কয়েক শ কোটি টাকার সম্পদের মালিক বনে গেছেন প্রভাবশালী পুলিশকর্তা বাবার অবৈধ আয়ের ওপর ভর করে, তা আর বলার অপেক্ষা রাখে না। স্ত্রী জীশান মীর্জারও তেমন কোনো বৈধ আয়ের উৎস না থাকা সত্ত্বেও বিপুল বিনিয়োগে গড়ে তোলা ব্যাবসায়িক প্রতিষ্ঠানের চেয়ারম্যান তিনি। জীশান মীর্জার পৈতৃক সূত্রে এত পরিমাণ সম্পদ পাওয়ার সুযোগ নেই। একইভাবে বড় মেয়ে ফারহিন রিসতা বিনতে বেনজীরের ২০২১ সালের ১০ ডিসেম্বর বিয়ে হলেও ছোট মেয়ের এখনো বিয়েই হয়নি। বড় মেয়ের বিয়ের প্রায় ১২ বছর আগে থেকেই বেনজীর কম্পানিগুলোর জন্য জমি কেনা শুরু করেন এবং মেয়েকে কম্পানির এমডি বানান।

সরেজমিনে বেনজীরের রিসোর্ট

বেনজীরের সম্পদের খোঁজে সরেজমিন অনুসন্ধানে গোপালগঞ্জ যায় অনুসন্ধানী দল। বৈরাগীটোল এলাকায় সাভানা ইকো রিসোর্ট অ্যান্ড ন্যাচারাল পার্কটিকে স্থানীয়রা 'বেনজীরের চক' নামে চেনে। পুলিশের মহাপরিদর্শক ও র‍্যাবের ডিজি থাকাকালে এলাকাটিতে স্ত্রী ও দুই মেয়ের নামে প্রায় এক হাজার ৪০০ বিঘা জমি কেনেন তিনি। এসব জমির বিঘাপ্রতি ক্রয়মূল্য ছিল তিন থেকে আট লাখ টাকা।

এলাকাবাসী জানায়, বেনজীর জমিগুলো কেনার পর অন্তত পক্ষে ১৫ ফুট ভরাট করে রিসোর্ট বানিয়েছেন। কারণ এগুলো ছিল বদ্ধ জলাশয়। নিচু হওয়ায় বেনজীরের রিসোর্টটি আগে ছিল মাছের অভয়ারণ্য।

সরেজমিনে গিয়ে দেখা গেছে, সাভানা রিসোর্টে ১৫টি কটেজ বানানো শেষ করে পর্যটকদের কাছে ভাড়া দেওয়া হচ্ছে। এগুলো কাপলদের কাছে শুধু দিন হিসাবে সকাল থেকে বিকেল পর্যন্ত পাঁচ থেকে আট হাজার টাকা, রাত হিসাবে সন্ধ্যা থেকে সকাল পর্যন্ত একই দামে, দিনরাত ২৪ ঘণ্টা ১০ থেকে ১৫ হাজার টাকায় ভাড়া দেওয়া হয়। রিসোর্টে চাকরিরত দায়িত্বশীলরা জানান, যেকোনো বয়সী ছেলেমেয়ে কোনো রকম প্রতিবন্ধকতা ছাড়াই এসব কটেজে থাকতে পারে। চাইলে রাত যাপন করতে পারে। বেনজীর বিলাসবহুল এই রিসোর্ট চালানোর নির্দেশ দিয়েছেন থাইল্যান্ডসহ পশ্চিমা বিশ্বের আদলে।

রিসোর্টটির আলোকসজ্জা করতে কোনো মিটার ছাড়াই কিলোমিটারের পর কিলোমিটার বিদ্যুতের সরকারি তার সরবরাহ করা হয়েছে কোনো খুঁটি ছাড়াই। মাটির ওপর দিয়ে নেওয়া এসব বৈদ্যুতিক তার যে কারো জন্যই প্রাণনাশের হুমকিস্বরূপ। সাগরের কৃত্রিম ঢেউ খেলানো সুইমিং পুলও রয়েছে এখানে। আছে হাজারের বেশি ভিয়েতনামি নারকেলগাছসহ বিভিন্ন ফলফলাদির গাছ। শুধু তাই নয়, রিসোর্টটির নিরাপত্তায় পাশেই বসানো হয়েছে পুলিশ ফাঁড়ি। আশপাশের বিভিন্ন এলাকায় যোগাযোগব্যবস্থায় উন্নতি (বাকি অংশ ১২ পাতায়)

আগামীকাল অনুষ্ঠিতব্য প্রেসিডেন্সিয়াল প্রাথমিক নির্বাচনের নোটিশ

মঙ্গলবার, ২ এপ্রিল, ২০২৪

ভোট-কেন্দ্রগুলো সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত খোলা থাকবে

আপনি ভোট দিতে পারবেন কি না জানতে, আপনার ভোট-কেন্দ্র খুঁজে নিতে অথবা একটি নমুনা ব্যালটের জন্য, দেখুন:

vote.nyc

অথবা টোল- ফ্রি: **(866) 868-3692** • টিটিওয়াই: **(212) 487-5496** নম্বরে কল করুন

দ্যা বোর্ড অব ইলেকশনস
ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক
Executive Office, 32 Broadway, 7th Floor
New York York, NY 10004

কমিশনারস অব ইলেকশনস
Rodney L. Pepe-Souvenir — প্রেসিডেন্ট
Frederic M. Umane — সেক্রেটারি
Jose Miguel Araujo
Michael J. Coppotelli
Carol R. Edmead
Gino A. Marmorato
Jodi Morales
Simon Shamoun
Michele A. Sileo
Keith Sullivan

বেনজীরের ঘরে আলাদীনের চেরাগ

(১১ পাতার পর)

না হলেও এই রিসোর্টে প্রবেশ স্বাচ্ছন্দ্য করতে সাত কিলোমিটার সড়ক পাকা করা হয়েছে সরকারি খরচে। রিসোর্টের ভেতরেও সর্বত্র করা হয়েছে ঢালাইয়ের রাস্তা। রিসোর্টের সব রাস্তার হিসাব করলে দেখা যায়, প্রায় ৩০ কিলোমিটার সড়ক পিচ ঢালাই করা হয়েছে। স্থানীয়রা জানায়, বেনজীরের নিজ প্রতিষ্ঠানের এসব রাস্তাও করা হয়েছে সরকারি খরচে।

জানতে চাইলে রিসোর্টের ব্যবস্থাপক আসাদুজ্জামান অনুসন্ধানী টিমকে বলেন, 'বেনজীর আহমেদ এটিকে সাজাচ্ছেন দেশের সবচেয়ে বড় ইকোপার্ক ও বিলাসবহুল রিসোর্টের পরিকল্পনা মাথায় নিয়ে। এ জন্য যা যা দরকার, তা-ই করা হচ্ছে।'

বেনজীরের কেনা জমির কয়েকজন মালিক নাম প্রকাশ না করার শর্তে বলেন, ক্রমাগত চাপ ও ভয়ভীতি দেখিয়ে তাঁদের জমি বিক্রি করতে বাধ্য করেন বেনজীর। ভয়ভীতিতে কাজ না হলে ভেকু দিয়ে জমির মাটি নিয়ে যেতেন। গভীর গর্ত করে শেষ পর্যন্ত জমি বিক্রি করতে বাধ্য করতেন। পুলিশ বাহিনীর উর্ধ্বতন পদে থাকায় তাঁর অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ করতে সাহস পাননি জমির মালিকরা।

ঢাকা ও পূর্বাচলে বিপুল টাকার সম্পদ

অনুসন্ধানে জানা গেছে, রাজধানীর গুলশানে সুবিশাল অভিজাত একটি অ্যাপার্টমেন্ট রয়েছে বেনজীর আহমেদের। গুলশান ১ নম্বরের ১৩০ নম্বর সড়কের ১ নম্বর বাড়িটির নাম 'র‍্যাংকন আইকন টাওয়ার লেক ভিউ'। ভবনের ১২ ও ১৩তম তলায় আট হাজার ৬০০ বর্গফুটের বিলাসবহুল অ্যাপার্টমেন্ট রয়েছে তাঁর। সূত্র জানায়, আট হাজার ৬০০ বর্গফুটের এই অ্যাপার্টমেন্টের বর্তমান বাজারমূল্য প্রায় ২০ কোটি টাকা।

ভবনটি নির্মাণ করে র‍্যাংকন ডেভেলপমেন্টস। প্রতিষ্ঠানের ওয়েবসাইটে দেওয়া তথ্যানুযায়ী, ১৯.৭৫ কাঠা জমিতে ভবনটি নির্মাণ করা হয়েছে। প্রতিটি অ্যাপার্টমেন্টের আয়তন দুই হাজার ১৫০ বর্গফুট। এখানে রয়েছে ১৩টি ফ্লোর এবং দুটি বেইসমেন্ট। সত্যতা নিশ্চিত করতে সরেজমিনে গেলে ভবনের নিরাপত্তাকর্মী মো. সবুজ জানান, ১২ ও ১৩তম তলায় রয়েছে বেনজীরের বিলাসবহুল অ্যাপার্টমেন্ট।

এ ছাড়া রাজধানীর মগবাজার আদ-দ্বীন হাসপাতাল সংলগ্ন ইস্টার্ন প্রপার্টিজের একটি বহুতল ভবনে চার হাজার বর্গফুটের ফ্ল্যাট কিনেছেন বেনজীর আহমেদ।

পূর্বাচলে প্রায় ৪৫ কোটি টাকা ব্যয়ে বাড়ি করেছেন বেনজীর আহমেদ। আনন্দ হাউজিং সোসাইটির দক্ষিণ-পশ্চিম এলাকায় পোড়া মোড়ের পাশের এলাকায় অন্তত ৪০ কাঠা জমির ওপর গড়েছেন বিলাসবহুল ডুপ্লেক্স বাড়ি। জমি ও বাড়ির মূল্য কমপক্ষে ৪৫ কোটি টাকা বলে ধারণা স্থানীয়দের।

ওই এলাকার বাসিন্দা মো. শাহাদাত হোসেন বলেন, 'এই এলাকা ডোবা ও বিল হিসেবে আমরা দেখেছি। কিছুদিন আগেও এসব এলাকায় আমরা মাছ ধরেছি। পুলিশের কর্মকর্তারা আবাসিক এলাকা হিসেবে গড়ে তোলার পরপরই বেনজীর আহমেদ এই জায়গায় মাটি ভরাট করে বাড়ি নির্মাণ করেছেন।'

দীর্ঘদিন ধরেই আনন্দ হাউজিং সংলগ্ন এলাকায় অটো চালান মো. শহিদুল ইসলাম। তিনি জানান, সোসাইটির ভেতরে সবচেয়ে দামি বাড়ি এটি। আনন্দ হাউজিং এখনো সেভাবে গড়ে ওঠেনি। তবে বেনজীরের ডুপ্লেক্স বাড়িটি দেখার জন্য মাঝেমধ্যে ভিড় জমায় সাধারণ মানুষ।

রাজধানীর পূর্বাচলের ফারুক মার্কেটের পেছনের দিকে ১৭ নম্বর সেক্টরের ৩০১ নম্বর রোডের জি বকে ১০ নম্বর প্লটের মালিক পুলিশের সাবেক এই আইজি। স্থানীয়রা বলছেন, ১০ কাঠা পরিমাণের এই প্লটের বর্তমান বাজারমূল্য প্রায় ২২ কোটি টাকা। বেনজীর আহমেদ পুলিশের আইজি থাকাকালে এই প্লট কেনেন। তবে বিশ্বস্ত সূত্রে জানা যায়, পুলিশের এই সাবেক আইজি তাঁর ১০ কাঠার প্লটটি বিক্রির পরিকল্পনা করছেন। এরই মধ্যে বেশ কিছু ক্রেতার সঙ্গে আলোচনা চলছে বলে জানা গেছে। ওই এলাকার মোহাম্মদ নাঈম, আব্দুল কাদের ও মোহাম্মদ মোহসিন নামের তিন ব্যক্তি পুলিশের সাবেক এই আইজির ১০ কাঠার প্লটটির বিষয়ে আলাপকালে এই তথ্য নিশ্চিত করেন।

নারায়ণগঞ্জের রূপগঞ্জের নাওড়ায় বেনজীর আহমেদের রয়েছে দুই বিঘা জমি, যার বাজারমূল্য প্রায় ২০ কোটি টাকা।

বেনজীরের দুর্নীতির বিষয়ে জানতে চাইলে সাবেক মন্ত্রিপরিষদসচিব আলী ইমাম মজুমদার বলেন, 'আইন সবার জন্য সমান। কেউ যদি জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জন করেন, দুদক তদন্ত করে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারে।'

বেনজীর আহমেদ পুলিশের একজন প্রভাবশালী উর্ধ্বতন কর্মকর্তা ছিলেন, এ ক্ষেত্রে দুদক কতটুকু কী করতে পারবে এমন প্রশ্নে তিনি বলেন, আইনে প্রভাবশালী নিয়ে কিছু বলা নেই। সাবেক একজন প্রধানমন্ত্রীরও দুর্নীতির বিচার হয়েছে। সুতরাং যে কারো দুর্নীতির বিষয়ে দুদক চাইলে অনুসন্ধান করে ব্যবস্থা নিতে পারে।

জানতে চাইলে দুদক কমিশনার (তদন্ত) মো. জহুরুল হক বলেন, "বেনজীর আহমেদের বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার করে জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের সুনির্দিষ্ট তথ্য-প্রমাণ পাওয়া গেলে অবশ্যই অনুসন্ধান করা হবে। তবে এখানে বলে রাখা ভালো, কারো বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হলে পর্যাপ্ত 'সাপোর্টিং পেপারস' আমাদের কাছে থাকতে হয়।" তিনি বলেন, সুনির্দিষ্ট ও সঠিক তথ্য পেলে দুদক বেনজীর কেন, যে কারো বিরুদ্ধেই অনুসন্ধান করবে। আর সুনির্দিষ্ট তথ্য-প্রমাণ পাওয়ার পরও যদি অনুসন্ধান না করা হয়, তাহলে দুদকের বিরুদ্ধেই তো রিপোর্ট হবে।

অভিযোগের বিষয়ে জানতে সাবেক আইজিপি বেনজীর আহমেদের মোবাইল ফোনে একাধিকবার কল করা হলেও তিনি রিসিভ করেননি। পরে কালের কণ্ঠ'র পরিচয় দিয়ে খুদে বার্তা পাঠিয়ে নিউজের বিষয়ে বক্তব্য প্রয়োজন বলে জানানো হলেও তিনি সাড়া দেননি। (দৈনিক কালের কণ্ঠ)

নিউইয়র্কে সর্বনিম্ন ফিতরা

(প্রথম পাতার পর)

এলাকাভেদে এই অর্থ কমবেশী হতে পারে। স্থানীয় আলেম সমাজ ও বিভিন্ন মসজিদ পরিচালনা কমিটি সূত্রে এই তথ্য জানা গেছে। সংশ্লিস্টরা জানান, এই ফিতরা নির্দারণ করা হয় আটা, গম, ভুট্টা, বার্লি, খিজুর, কিসমিস প্রভৃতি দ্রব্যের মূল্যের উপর ভিত্তি করে। এইসব পণ্যের সাড়ে ৪ পাউন্ড ওজনের মূল্যেও সমপরিমান অর্থ ফিতরা হিসেবে গণ্য করতে হবে। সেই হিসেবে নিউইয়র্কে সর্বনিম্ন ১০/১৫ ডলার ফিতরা নির্ধারণ করা হয়েছে।

নিউইয়র্কের শুরা কাউন্সিল এবছর জনপ্রতি ১০ ডলার ফিতরা আদায়ের ঘোষণা দিয়েছে। জ্যামাইকা মুসলিম সেন্টার কর্তৃপক্ষ একই ঘোষনা দিয়েছে। হাজী ক্যাম্প মসজিদ কর্তৃপক্ষ জনপ্রতি ১৫ ডলার ফিতরা আদায়ের ঘোষণা দিয়েছে।

এদিকে নিউইয়র্কের বিভিন্ন মসজিদে ফিতরা ও যাকাতের অর্থ জমা নেয়া শুরু হয়েছে। আবার কেউ কেউ ফিতরার অর্থ দেশে গরিব আত্মীয়স্বজনের জন্য পাঠাচ্ছেন। মসজিদগুলো ফিতরার অর্থ গরিব-দুঃখীদের মাঝে বিতরণ করবে বলে জানা গেছে। যারা ফিতরা ও জাকাত পাওয়ার যোগ্য, কেবল তাদের মাঝেই তা বিতরণ করা হবে। পবিত্র ঈদুল ফিতরের নামাজের আগেই ফিতরা ও যাকাত আদায়ের তাগিদ রয়েছে।

যাকাত যে কেউ যেকোনো সময় দিতে পারেন। তবে রমজান মাসে যাকাত দিলে ৭০ গুণ বেশি সওয়াব পাওয়া যায় বলে হাদিসে উল্লেখ রয়েছে। এ কারণে অনেকেই রমজান মাসে জাকাত দেন।

ট্যাক্স ফাইলিংয়ের শেষ

(প্রথম পাতার পর)

শুরু হচ্ছে হয়েছিলো ২৯ জানুয়ারী সোমবার থেকে। কোনো জরিমানা ছাড়াই আগামী ১৫ এপ্রিল পর্যন্ত ২০২৩ সালের ট্যাক্স বছরের ব্যক্তিগত ট্যাক্স ফাইলিং করা যাবে। তবে কেউ এই সময়ের মধ্যে ফাইল করতে না পারলে ইন্টারন্যাল রেভিনিউ সার্ভিস (আইআরএস) এর কাছে আবেদন করে সময় বাড়াতে পারবেন। সংশ্লিস্ট সূত্রে জানা গেছে, চলতি বছরের ট্যাক্স সেশনে আগামী ১৫ এপ্রিল পর্যন্ত ১২৮ দশমিক ৭ মিলিয়ন ট্যাক্স ফাইলিং হবে বলে আশা করছে আইআরএস।

এদিকে ট্রাক্স ফাইলিং বিশেষজ্ঞরা অভিজ্ঞজনদের সাহায্যে ট্যাক্স ফাইলিং করার জন্য আবারও সবার প্রতি অনুরোধ জানিয়েছেন। কেননা বিভিন্ন করণেই অন্যান্য বছরের মতো এবারো নতুন নতুন বিষয় ট্যাক্স ফাইলিং-এর সাথে জড়িত। এজন্য সঠিকভাবে ট্যাক্স ফাইলিং করা না হলে হিতে বিপরীত হতে পারে। নিউইয়র্কের উল্লেখ্যযোগ্য ট্যাক্স ফাইলিং প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে: সাউথওয়েষ্ট ইউএসএ গ্রুপ ইনক, কর্ণফুলী ইনকাম ট্যাক্স সার্ভিসেস, বিডি ট্যাক্স এন্ড একাউন্টিং, জাকির সিপিএ পিএলএলসি, ওয়াসি চৌধুরী এন্ড এসোসিয়েটস, রফিক এন্ড এসোসিয়েট, আহমেদ এন্ড কোং, এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস, আরমান চৌধুরী সিপিএ, পিয়ার ট্যাক্স এন্ড এক্সিকিউটিভ সার্ভিসেস, কাকাতুয়া এজেন্সী, হিলসাইড একাউন্টিং সার্ভিসেস, এস্প্রী একাউন্টিং এন্ড ট্যাক্স, গ্লোবাল মাল্টি সার্ভিসেস, শরীফ ট্যাক্স সার্ভিসেস, মুন মাল্টি সার্ভিসেস, জ্যামাইকা হিলসাইড ট্যাক্স, পিয়ার ট্যাক্স এন্ড এক্সিকিউটিভ সার্ভিসেস, চিশতি একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস প্রভৃতি।

আইআরএস'র বরাত দিয়ে এনরোল্ড এজেন্টগণ জানান, কোনো জরিমানা ছাড়াই ২০২৩ ট্যাক্স বছরের ব্যক্তিগত ট্যাক্স ফাইল আগামী ১৫ এপ্রিল পর্যন্ত করা যাবে। তবে আবেদনের মাধ্যমে ৬ মাসের অটোমেটিক বর্ধিত সময় পাওয়া যাবে। এক্ষেত্রে জরিমানা এড়াতে ডিউ ট্যাক্স ১৫ এপ্রিলের মধ্যেই পরিশোধ করতে হবে। বর্ধিত সময় আবেদন ইলেক্ট্রনিক্যালি বা পেপার মাধ্যমে করা যায়। তবে নির্ধারিত চক্রবৃদ্ধি হারে জরিমানা প্রদান সাপেক্ষে সারা বছরই ট্যাক্স ফাইল করা যায়।

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration

(To Schedule Appointment Only)

Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.



বাংলাদেশের স্বাধীনতায়

(শেষের পাতার পর)

প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, বাংলাদেশের স্বাধীনতায় জিয়ার অবদান অস্বীকার করার উপায় নেই। আওয়ামী লীগ সরকার প্রতিহিংসার রাজনীতি করছে এবং স্বাধীনতার ইতিহাস বিকৃত করে ক্ষমতার জোরে নিজেদের মতো করে ইতিহাস তৈরী করছে। দেশপ্রেমিক জনগন এই ইতিহাস মানবে না এবং একদিন প্রকৃত ইতিহাস সবার সামনে উঠে আসবে। বক্তারা বলেন, আওয়ামী লীগ নয়, বিএনপি-ই দেশপ্রেমিক দল। বক্তারা দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে ঐক্যবদ্ধ থেকে দলকে আরো শক্তিশালী করে শেখ হাসিনা সরকারের হাত থেকে দেশকে রক্ষা করার আনেন্দালন জোরদার করার আহ্বান জানান। খবর ইউএ-এ'র।

সিটির জ্যাকসন হাইটসের একটি হলে বুধবার (২৭ মার্চ) এই মাহফিলের আয়োজন করা হয়। কমিটি বিহীন যুক্তরাষ্ট্র বিএন-পি'র ব্যতিক্রমী এই ইফতার মাহফিলে প্রধান অতিথি ছিলেন কেন্দ্রীয় বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সদস্য গিয়াস আহমেদ, গেষ্ট অব অনার ছিলেন বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির অপর সদস্য মিজানুর রহমান ভূইয়া (মিল্টন) এবং বিশেষ অতিথি ছিলেন বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক ছাত্রনেতা মোস্তাফিজুর রহমান বাবুল, কেন্দ্রীয় জাসাস'র আহ্বায়ক চিত্রনায়ক হেলাল খান ও বিএনপি নেত্রী রিটা রহমান।

প্রথম পর্বে ইফতার মাহফিলে বিশেষ দোয়া পরিচালনা করেন জাতীয়তাবাদী ছাত্রদলের সাবেক নেতা মওলানা ইব্রাহীম। যৌথভাবে এই পর্ব পরিচালনা করেন যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক যুগ্ম সম্পাদক গিয়াস উদ্দিন ও মোশাররফ হোসেন সবুজ।

ইফতার ও মাগরিবের নামাজ শেষে অনুষ্ঠানের দ্বিতীয় পর্বের আলোচনা সভায় সভাপতিত্ব করেন যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক যুগ্ম সম্পাদক গিয়াস উদ্দিন এবং অনুষ্ঠান পরিচালনা করেন মোশাররফ হোসেন সবুজ। উপস্থিত বীর মুক্তিযোদ্ধা মীর মশিউর রহমান, খন্দকার ফরহাদ, মোহাম্মদ সুরুজ্জামান ও মোহাম্মদ সেলিমকে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানানো হয়।

অনুষ্ঠানে দলের উল্লেখযোগ্য নেতৃবৃন্দের মধ্যে সাবেক ছাত্রনেতা ডা. আব্দুস সবুর, এডভোকেট জামাল আহমেদ জনি, আনোয়ার হোসেন, কাজী সাখাওয়াত হোসেন আজম, ফিরোজ আহমেদ, আব্দুস সবুর, সৈয়দ আকিকুর রহমান ফরুক, ব্রুকস কমিউনিটি বোর্ড মেম্বার শেখ শাহজাহান, কেন্দ্রীয় যুবদলের সাবেক সহ আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক এম এ বাতেন, যুবদল নেতা শাহ আলম, যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক মাকসুদুল হক চৌধুরী, যুক্তরাষ্ট্র জাসাস'র সাধারণ সম্পাদক জাহাঙ্গীর সোহরাওয়ার্দী, যুক্তরাষ্ট্র জিয়া পরিষদের সদস্য সচিব জাকির হাওলাদার, সাবেক ছাত্রনেতা জীবন শফিক, ছাত্রদল নেতা মাজহারুল ইসলাম মিরর, মোহাম্মদ জসিম মৃধা, কাজি মনির হোসেন, রাশেদ রহমান, সোহেল আহমেদ, মোহাম্মদ মাসুদ, মোহাম্মদনাজমুল হোসাইন মুন্সী, আজিজুল বারী তিতাস, হুমায়ুন কবীর, মিল্টন হোসেন, মোহাম্মদ শেখ সিদ্দিক, মাস্টার মুসতাক আহম্মদ, জাহাঙ্গীর আলম, মহিলাদল নেত্রী সৈয়দা মাহামুদা শিরিন প্রমুখ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, বিগত এক যুগেরও অধিক সময় ধরে যুক্তরাষ্ট্র বিএন-পি'র কমিটি না থাকায় সংগঠনের সভা-সমাবেশে সভাপতিত্ব করার প্রশ্নে মতবিরোধ দেখা দেয়। এদিনের অনুষ্ঠানের প্রথম পর্বে ইফতার ও দোয়া মাহফিলে একই বিষয়ে পুনরায় মতবিরোধ দেখা দেয়। অনুষ্ঠানের শুরুতে সংগঠনের সাবেক সহ সভাপতি এডভোকেট জামাল আহমেদ জনি মাইক্রোফন হাতে নিয়ে দোয়া মাহফিলে সভাপতি হিসেবে সাবেক সভাপতি আনোয়ার হোসেনের নাম প্রস্তাব করলে উপস্থিত অনেকেই এর প্রতিবাদ করেন এবং নতুন কাউকে সভাপতির আসনে বসানোর প্রস্তাব করেন। অবশেষে বাদ-প্রতিবাদ ও উত্তেজনার মুখে গিয়াস আহমেদের প্রস্তাবে সভাপতি ছাড়াই দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। অপরদিকে অনুষ্ঠানের দ্বিতীয় পর্ব আলোচনা সভার শুরুতে জামাল আহদে জনি ও তার অনুসারীরা অনুষ্ঠান স্থল ত্যাগ করেন বলে দলীয় সূত্র জানায়।

কমিউনিটি ইফতার

(শেষের পাতার পর)

সংগঠনের ২১তম বার্ষিক কমিউনিটি ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। খবর ইউএনএ'র।

অনুষ্ঠানের শুরুতে আগত অতিথিদের শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্য রাখেন ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা ও বর্তমান সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার। এছাড়াও শুভেচ্ছা বক্তব্য রাখেন নিউইয়র্কের পাবলিক এডভোকেট জুমানি উইলিয়ামস, নিউইয়র্ক ষ্টেট সিনেটর জন ল্যু, ষ্টেট এসেম্বলীওম্যান এলিসিয়া হাইনম্যান ও জেনাফার রাজকুমার, জ্যামাইকা এলাকার সিটি কাউন্সিলম্যান জি জিনারো, সিটি মেয়র অফিসের কমিউনিটি লিয়াজ সুকরানী ধানপাত, বাংলাদেশ সোসাইটির সভাপতি আব্দুর রব মিয়া, ফ্রেন্ডস সোসাইটির প্রধান উপদেষ্টা এবিএম ওসমান গণি, ইফতার মাহফিল কমিটির প্রধান সমন্বয়কারী সৈয়দ আল আমীন রাসেল, বেলাল আহমেদ চৌধুরী প্রমুখ।

অনুষ্ঠানে রমজানের গুরুত্ব ও তাৎপর্য নিয়ে সংক্ষিপ্ত আলোচনা ও বিশেষ দোয়া পরিচালনা করেন জ্যামাইকা মুসলিম সেন্টারের অন্যতম পরিচালক ইমাম শামসে আলী। যৌথভাবে অনুষ্ঠান পরিচালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক সানী মোল্লা ও এএফ মিসবাহউজ্জামান।

অনুষ্ঠানে উপদেষ্টা ও সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান, উপদেষ্টা সালেহ আহমেদ, উপদেষ্টা হুসনে আরা বেগম, উপদেষ্টা রেজাউল করীম চৌধুরী, উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা মনির হোসেন সহ কার্যকরী পরিষদের অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এছাড়াও অনুষ্ঠানে সাপ্তাহিক ঠিকানা'র প্রধান সম্পাদক মুহাম্মদ ফজলুর রহমান, সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজ-মুল আহসান, সাপ্তাহিক জন্মভূমি সম্পাদক রতন তালুকদার, সাপ্তাহিক বাংলাদেশ প্রতিদিন-এর নির্বাহী সম্পাদক লাবলু আনসার, সাপ্তাহিক দেশ সম্পাদক মিজানুর রহমান, সাপ্তাহিক মুক্তচিন্তা সম্পাদক ফরিদ আলম, বিশিষ্ট ব্যবসায়ী ও মিডিয়া ব্যক্তিত্ব শাহ জে চৌধুরী ছাড়াও কমিউনিটির উল্লেখ্যযোগ্য ব্যক্তিবর্গের মধ্যে বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক রুহুল আমীন সিদ্দিকী, সাবেক সাধারণ সম্পাদক আতাউর রহমান সেলিম, সাবেক কোষাধ্যক্ষ মোহাম্মদ আলী, বর্তমান কোষাধ্যক্ষ মোহাম্মদ নওশেদ আলী, কমিউনিটি বোর্ড মেম্বার আহসান হাবীব, মোহাম্মদ আলী, ইঞ্জিনিয়ার মোহাম্মদ সাদেক, সেন্টার ফর এনআরবি-এর চেয়ারপার্সন এম এস সেকিল চৌধুরী, রিয়েল এস্টেট ইনভেস্টর আনোয়ার হোসেন, বিশিষ্ট ব্যবসায়ী ও রাজ-নীতিক ফরিদ আলম, বিশিষ্ট রাজনীতিক আবু সাঈদ আহমদ, ইউএসবিসিসিআই'র প্রেসিডেন্ট লিটন আহমেদ, বিশিষ্ট ব্যবসায়ী কামরুজ্জামান কামরুল, আবুল কাশেম, মইনুজ্জামান চৌধুরী, আতিকুল ইসলাম জাকির, রিয়েল এস্টেট ইনভেস্টর নূরুল আজীম, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট রাসেক মালিক, মাকসুদুল হক চৌধুরী, রোকেয়া আহমেদ, আশা হোম কেয়ার-এর প্রেসিডেন্ট আকাশ রহমান, শোট-াইম মিউজিক-এর কর্ণধার আলমগীর খান আলম প্রমুখ সহ বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী উপস্থিত ছিলেন।

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine | সীমিত সময়ের জন্য 15% Off | Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও জুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

সাহিত্য সাময়িকী

প্রশ্নবিদ্ধ উচ্চারণ
ফরিদ আহমদ দুলাল

কষ্ট হয় অভিমানে তবু অভিমান
কষ্ট আমার নিখাদ ভালোবাসা বিষাদে নির্বান!
ওড়াই স্বপ্নের ঘুড়ি নীলাকাশ জুড়ে
কষ্ট আমার নিকটাত্মীয় সর্বদা সে যায় পুড়ে!
রাজহংসী তুমি হয়তো সাঁতরাও লেকের স্বচ্ছ জলে
পিপাসার্ত আমি ডুবে থাকি গহীন জলের তলে।
তুমি হয়তো পুষ্পস্তবক রচনা করো বিচিত্র সুগন্ধ ফুলে
বিভ্রান্ত পতঙ্গ আমি সুবাস কুড়াই দীঘল কাজল চুলে।
অভিমান নামে কোনো ব্যাধি নেই প্রিয় অভিধানে
তবু উচ্চারিত অভিমান সম্পর্কের কানে কানে।

প্রেমিকের নিয়তি সে কেবল কষ্টসহিষ্ণু দিনে
প্রতারণা কণ্টকহারে এ পৃথিবীকে নেবে চিনে
ছলনার বিষাক্ত চুম্বন শুষে নেবে তার অমৃত বিশ্বাস
অবশিষ্ট যা-কিছু থাকবে বুকে তা গরল দীর্ঘশ্বাস!
জনপদে মাঠে মাঠে প্রস্তুত স্তুতির বীজতলা
সততা-শুদ্ধতা বিদ্ধ করে স্বার্থবিদ্যুতের ফলা।

রোদের অন্ধকার
আদ্যনাথ ঘোষ

চোখের জলের আস্তিনে শুয়ে থাকে কষ্টের নোনাট।
উঠোনের কোণায় পোড়াচিহ্ন এঁকে
কে তুমি দাঁড়াও অন্ধপথিক
বিষণ্ন রোদের ভেতর
ঝরে যাওয়া পাতার আর্ত চিৎকারে।
ফেলে আসা দিনের সবুজ হাওয়ায়
যে অমরত্বের ডাক
সে আজ মুখোশের শূন্যতায় রঙ মাখে
উন্মাদ স্মৃতিচিহ্নের কোলে।
যে পথিক সাঁতার জানে
সেও আজ রোদের অন্ধকারে বোবা-
অথর্বের পরাস্ত সময়ে জানু পেতে বসে আছে
নির্বাক জলের ফেনা।
যদিও স্বপ্নের উৎসব চলে পথের চিতায়
তবু কেন দীর্ঘশ্বাসে ফুঁসে উঠে-
অন্ধপথিক;
মরে যাওয়া সবুজ হাওয়ার দীর্ঘশ্বাসে।
এতোসব পোড়াচিহ্ন যদি
খেলা করে জলের আস্তিনের খেয়াঘাট ছুঁয়ে-
তবে কি আড়ালেই থেকে যাবে উঠোনের সবুজ হাওয়া!

মাটি ও মানুষের কথা
মুস্তফা হাবীব

মাটি শাশ্বত, রূপ বদলায় প্রকৃতির দ্রোহে
ওড়ে, হাওয়ায় ভাসে অদৃশ্য টানে
তবু তার অস্তিত্ব বিলুপ্ত হয়না, হবেও না কোনোদিন।

কৃষকের কর্ষণে হয়ে ওঠে যুগপোযোগী
সবুজ- সোনালি ফুল ফসলের অনন্ত আধার।
মাটি আছে বলেই পৃথিবী গৌরবময়
আঠার হাজার মাখলুকাতের অবস্থান এখানেই।

মানুষ এই মাটির ওপর দাঁড়িয়ে
মাটির কাগুজে দখলদারিত্ব নিয়ে হানাহানি করে
মাটির নির্যাস চিবিয়ে চিবিয়ে খায়,
আপন স্বার্থে পোড়ায় কয়লা ও কাঠে।

চরম সত্য, মাটি মরেনা, মাটি থাকে বিচিত্র অভিধায়
মানুষ মরে, আর মাটিতেই মানুষ নিঃশেষ।

সন্তুষ্টি
কোমল দাস

নিস্তব্ধ রজনীর মধ্য প্রহরে...

যখন স্বপ্নের ডানাগুলো বড্ড ক্লান্ত হয়ে আসে,
ঠিক তখনই যেনো স্বপ্নের সব বাতিগুলো ফ্যাকাশে হয়ে ওঠে,
ঠিকানা হারিয়ে ফেলে রোজকের গন্তব্যে ফেরা পাখি।

গোমড়া মেঘের ঘোমটা জড়িয়ে নেয় মনকেমনের উন্মুক্ত আকাশ,
বিতৃষ্ণার অভিব্যক্তি গুলো কেনো জানি শিহরিত হয় তীব্র অভিমানে।

বিনিদ্র সেই মধ্য রাতেও-

চোখ চেয়ে থাকে শুধুই তোমার দয়ার পানে,
হৃদয় মাঝে ক্রমশ প্রকট হয় তোমার অনুপস্থিতি,
তোমার অনুপস্থিতির শিহরণ প্রতিক্ষণে ছুঁয়ে যায় নিস্তব্ধ নীরবতা।

হয়তো কোনো লাভ নেই তাতে!
তবুও তোমায় ভুলতে পারিনা কোনো মতে
জানিনা কতটা সাধনে প্রভু তুমি আমার হবে...

তবু চেয়ে থাকি তোমার তীর্থের দ্বারে।

কল্পনায় কত কিছু
দিলীপ কির্ত্তুনিয়া

কল্পনায় কত কিছু আঁকি!
বাগানের ফুল আঁকি।
সেই ফুল তুলি
তুলে তোমার হাতে তুলে দি।

কল্পনায় গান আঁকি।
বুকের মধ্যটা ভিজে যায়
গান গেয়ে গেয়ে।
এই বুক সুরের আকাশ হয়ে ওঠে।
কল্পনায় শুধু কী তাই!
তুমিও থাকো মুখোমুখি
সেই গানের নিবিড় শ্রোতা হয়ে।

কল্পনায় ব্যথা আঁকি।
এ যাবত এঁকেছে কোনও শিল্পী ?
সুখের সময়ে
কে অসুখকে ডাক্তে কোন পাগল
আমি ডাকি।
আমি তো ভাব্তি এই জীবনটা
মস্ত একটা ফাঁকি।
এই জীবনটা স্রেফ এক
শূন্যতার গল্প।
আমি আমার না থাকাকে আঁকি
বিশুদ্ধ চিত্তে আঁকি।

মায়াকাটা ঘুড়ি
আয়েশা সাথী

ছেড়ে যাওয়া মানুষটাকে
দু'কদম এগিয়ে দেয়ার মত আনন্দ
আর কি হতে পারে বলো?
যে আনন্দের আতিশয্যে দূরত্ব বাড়িয়েছিলে
কায়মনোবাক্যে ঠিক আমারো প্রার্থনা-
'সে আনন্দ'ই তোমার প্রাপ্যতা হোক!'

শখের ঘুড়িটাকে মায়া কেটে যখন
মহাশূন্যে হারিয়ে যেতে দেখলাম
সেদিন থেকে'ই শিখলাম-
ভালোবাসলেই সবকিছু আটকে রাখা যায় না।

আচমকা নয় বরং সংগোপনে ধিকিধিকি
বিশ্বাসের ঘর প্রতারণার আগুনে পুড়লে
কেমন লাগে তুমি জান?
দৃশ্যমান হুতাশনে অন্তত পোড়াভিটা-টা থাকে,
কিন্তু প্রবঞ্চণার অনল আঁকড়ে বাঁচার জন্য
একমুঠো পোড়া মাটিও রাখে না।

নিয়তির দোষেতো আজন্ম'ই কপাল পোড়া
তোমার ভালবাসায় না হয় বুকটাও পুড়লো!

Flight

LOWEST PRICE CHALLENGE

GLOBAL

NY 1 TRAVELS, INC



MIRZA M ZAMAN

আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!

37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

BD CARGO SERVICES

BD CARGO SERVICES

Our services:

- Amirica to Bangladesh
- Bangladesh to Amirica
- Delivery safely & on time
- Free pakeging
- Fast & Reliable cargo services
- Ship any package up to 23 kg (50lbs.)
- Delivered from door to door



City Delivery | World Wide | Fast Delivery







USA Location :

Office & warehouse
150-43,Shore Avenue,
Jamaica,
NY-11433
+1 516-983-7381

Bangladesh Location :

Contact: MD.Mehedi Hasan
House:08 Road -03
Sector:01, Uttara
Dhaka: 1230
Phone:+88 01738057551

Contact Info +1 347-279-3120★+1 516-983-7370

bdcargocorp@gmail.com



Khalil Biryani House

খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট



সম্পূর্ণ স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত

2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884

1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840

www.KHALILSFOOD.com

PEOPLE TECH

DevOps | Scrum Master & Product Owner

[100% Scholarship for Training & Job Placement. Condition applied]

Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019

Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019

Software Testing [QA] Training & Job Placement

New York In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from October 19, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from October 22, 2019

VA In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from November 16, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from November 26, 2019

www.piit.us

FREE PARKING ONSITE

VALID FROM 03/18/2024 TO 03/31/2024

AFTAB SUPER MARKET

WHERE QUALITY MATTERS

144-01 Hillside Ave, Jamaica, NY 11435

Tel: 718-301-8510

EBT

RAMADAN KAREEM SALE

WE SELL ONLY 100% HMS CERTIFIED HALAL BEEF, GOAT, LAMB AND CHICKEN. ALWAYS FRESH MEAT, NEVER FROZEN

BEEF- $3.79/LB	WHOLE CHICKEN- $2.49/LB	CHICKEN LEGS
 BUY 10 LBS OR MORE, GET 1 DOZEN OF MEDIUM GRADE 'A' EGG FREE	 BUY 5, GET 1 CHICKEN LEG TRAY FREE	 BUY 5 TRAYS OR MORE, GET 1 TRAY FREE

HILSA 10/12	MRIGAL 3KG	ROHU 3KG	ROHU 4KG	GOLDA	SHRIMP
$18 EACH	$20 EACH	$12 EACH	$2.20/LB	$14.99 2 LBS	$8.99 PACK 31/40 EZP 2 LBS
					

PRAN MURI	PRAN MANGO JUICE	KALA CHANA	KABULI CHANA	SPLIT DAAL	MEERA BESAN
 4 FOR $5	 3 FOR $4	 2 FOR $7 4 LBS	 $5.49 EACH 4 LBS	 2 FOR $7 4 LBS	 $2.99 EACH 2 LBS

ATTA/MAIDA	ORCHID DATES	ROOH AFZA	HALEEM MIX	SHAN	RADHUNI
 2 FOR $6 2 KG	 4 LB	 2 FOR $5	 3 FOR $4 200 GM	 3 FOR $5 UPTO 50GM	 3 FOR $4 UPTO 100GM

TEA-400GM	GHEE	RAJDHANI MUSTARD OIL	OLIO VILLA	SALT	SUGAR
 2 FOR $7	 $10.99 EACH 450 GM	 $12.99 EACH 5 LTR	 $13.99 EACH 1 GAL	 3 FOR $4	 $3.99 EACH 4 LBS

KIRBI	CHILI	TOMATO	ONION	EGGPLANT	REG. CELANTRO
 .99C /LB	 $1.99 LB	 .49C /LB	 $2.99 EACH 10 LBS	 .99C LB	 3 FOR $1

MED. EGGS	MILK	DELTA	ABDULLAH	KRISHOK	RICELAND
 2 FOR $5 GRADE A	 $2.99 EACH 1 GAL	 $32.99 EACH 50 LBS	 $12.99 EACH 20 LBS	 $19.99 EACH 20 LBS	 $24.99 EACH 50 LBS

প্রতি শনিবার ও রবিবার/ EVERY SATURDAY AND SUNDAY

AFTAB SUPER MARKET

WHERE QUALITY MATTERS

144-01 Hillside Ave, Jamaica, NY 11435

Tel: 718-301-8510

VALID ONLY ON 03/30/2024 and 03/31/2024

FREE PARKING

মাছ মেলা FISH FAIR মাছ মেলা

আপনার বন্ধু এবং পরিবার আপনার সাথে আনুন,সস্তায় মাছ কিনুন

HILSA 10/12 — $17 EACH

MRIGAL 3KG — $18 EACH

ROHU 3KG — $10 EACH

SHORPUTI- 1.5KG — $10 EACH

PANGASH 1KG — $8 EACH

KATLA 3KG — $17 EACH

ROHU 4KG/2.20 LB | ROHU 5KG/2.30 LB | ROHU 6KG/3.19 LB 7KG/3.79/LB | MRIGAL 4KG/2.99 LB | MRIGAL 5KG/3.29LB

MRIGAL 6KG/3.89lb | MRIGAL 7KG/4.99 lb | KATLA 5KG/2.39 LB | KATLA 6KG/2.59 LB | KATLA 8KG/2.75 LB

KATLA 9KG/2.99 LB | 800-1000gm/$13/EACH | 10-12/$17 Each | HILSA 12-15/ $9.99LB | 15/20/$14.99/lb

HILSA | HILSA | HILSA LARGE, 1.5 to 2kg

CHITOL 4KG/3.99 LB | PANGASH 2KG/2.99lb | KORAL 1KG/3.49 lb, 3KG/3.99lb | TELAPIA 2.79/LB | KARFU 2.79/LB

POMFRET 3.49/LB | TELAPIA FILLET 3.49/LB

DON'T FORGET TO STOCK UP FOR RAMADAN

ALL BLOCK FISH ON SALE

10% OFF

GOLDA 12 PCS 14.99 | DESHI KOI, 1KG 8.99 | 31/40 EZP/2lb $8.99/PACK | 31/40 PDT/2lb $9.99/PACK

RELATED ITEMS ON SALE

DRY KESKI OR DRY ANCHOVI 3 for $10 (UNIVERSAL, 200 grams, UNIVERSAL)

PUTI 2 for $10 (400 grams)

MOLA 2 for $10 (400 GRAMS)


KESKI 2 for $8 (400 GRAMS)


WE ALSO DISTRIBUTE 100% FRESH, HMS CERTIFIED HALAL BEEF, GOAT AND CHICKEN TO NEW YORK GROCERIES

FREE PARKING

IF IT'S A FISH, IT'S ON SALE


চিত্রে টাইম টিভি ও বাংলা পত্রিকা'র কিরাত প্রতিযোগিতা এবং ইফতার মাহফিল























চিত্রে টাইম টিভি ও বাংলা পত্রিকা'র কিরাত প্রতিযোগিতা এবং ইফতার মাহফিল




















রমজান ও জাকাত

(শেষের পাতার পর)

প্রাণে পবিত্রতার ভাব এনে দেয় ।

সিয়াম বা রোজা হচ্ছে আধ্যাত্মিক জিহাদ । এ রমজান মাস বিশ্বমানবের জন্য একটি গুরুত্বপূর্ণ মাস । কারণ প্রায় সব আসমানি কিতাব এ মাসে নাজিল হয়েছে । যেমন হজরত ইবরাহিম (আ.)-এর ওপর ১০ রমজান নাজিল হয় 'ছহিফা', হজরত দাউদ (আ.)-এর ওপর ১৮ রমজান নাজিল হয় 'যবুর', হজরত মুসা (আ.)-এর ওপর ৬ রমজান নাজিল হয় 'তৌরাত', হজরত ঈসা (আ.)-এর ওপর ১৩ রমজান নাজিল হয় ইঞ্জিল এবং রমজানের ২৭ তারিখ রাতে হজরত মুহাম্মদ (সা.)-এর ওপর নাজিল হয় পৃথিবীর সর্বশ্রেষ্ঠ গ্রন্থ আল কোরআন । এ ছাড়া এ মাসে রয়েছে 'লাইলাতুল কদর' অর্থাৎ এ রাতের ইবাদত হাজার মাসের ইবাদত থেকে উত্তম । পবিত্র হাদিসে আছে, 'রোজা ঢালস্বরূপ ।' আল্লাহপাক রোজা পালনের জন্য মুমিন মুসলমানদের বারবার তাগিদ দিয়েছেন । তাই মাহে রমজান আত্মশুদ্ধি, আল্লাহপাকের অসীম করুণা ও শুভ প্রতিফল লাভের এক অতুলনীয় সুযোগ ।


রোজা রাখার অনেকটা হৃদয়ঘটিত ব্যাপার অর্থাৎ তাকওয়া রোজার ভিত্তি । কিন্তু পরিতাপের বিষয় আজকাল অনেক পূর্ণবয়স্ক পুরুষ-মহিলা নানা অজুহাতে রোজা পালন থেকে বিরত থাকে । অথচ অনেক পরিবার আছে যেসব পরিবারে ৮-৯ বছরের ছেলে-মেয়েকে রোজা রাখতে দেখা যায় । এটি মনের টান ও আল্লাহর গজবের ভয়ে সম্ভব হয় । ইসলাম এমন এক ধর্ম যার প্রতিটি কর্ম, প্রতিটি ইবাদত বন্দেগির মধ্যে সর্বজনীন কল্যাণ নিহিত । আধুনিক বিজ্ঞানের যুগে নানা পরীক্ষা-নিরীক্ষা দ্বারা রোজার গুরুত্ব যে কত ব্যাপক তা প্রমাণিত হয়েছে । যারা গ্যাস্ট্রিক বা আলসারের কারণে রোজা থেকে বিরত থাকেন, বর্তমানে চিকিৎসা বিজ্ঞান কিন্তু তার বিপরীতে মতামত ব্যক্ত করেছে । ডাক্তার ও অভিজ্ঞদের মতো, পেপটিক আলসার রোজার উপবাসের কারণে তাড়াতাড়ি ভালো হওয়ার সম্ভাবনা থাকে । রোজার উপবাসের কারণে লিভারে প্লিহা, কিডনি, মূত্রথলি পূর্ণ বিশ্রাম পায় । রক্ত প্লিহা প্রবাহ, স্নায়ু, রক্ত সঞ্চালন ও দেহের গ্রন্থিসমূহের ওপর রোজার সুফল ও প্রতিক্রিয়া সর্বাধিক । ডায়াবেটিস নিরাময়ে রোজার গুরুত্ব অপরিসীম, অতুলনীয় । মোটকথা স্বাস্থ্যরক্ষায় রোজার ভূমিকা ও উপকারিতা অপরিসীম, অতুলনীয় ।

এদিকে রোজার সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত তারাবির নামাজ খাদ্য হজম করার পক্ষে বেশ সহায়ক । তেমনিভাবে সাহরির খাবারের পর তাহাজ্জুদ ও ফজরের নামাজ আদায় করা খাদ্যদ্রব্য হজম করার পক্ষে সহায়ক ভূমিকা পালন করে । এভাবে রোজা ও নামাজ দুই-ই একে অপরকে পরিপূর্ণতা দান করেছে । তাই আল্লাহপাক প্রত্যেক গৃহবাসী নর-নারীর জন্য রোজা ফরজ বা অবশ্য পালনীয় করেছেন ।

এদিকে ইসলামের পঞ্চম ভিত্তির অন্যতম হলো জাকাত । জাকাত আদায় করা প্রত্যেক বিত্তশালী মুসলমানের জন্য অবশ্য ফরজ করা হয়েছে । ইসলামের মৌলিক নীতিতে আছে ধনসম্পদ সঞ্চয় করে রাখা হারাম । এ প্রসঙ্গে কোরআন শরিফে আছে যারা খোদা প্রদত্ত অনুগ্রহে কৃপণতা করে তারা যেন তাদের এ কাজ তাদের জন্য অত্যন্ত মঙ্গলজনক মনে না করে বরং তা তাদের জন্য খুব খারাপ । ইসলামের মৌলিক নীতিতে আছে অর্থ বিনিয়োগের নির্দেশ । এ ছাড়া তাদের ধন সম্পত্তিতে সব প্রাণী ও অভাবী লোকদের অধিকার রয়েছে । এ কথা পবিত্র কোরআনে উল্লেখ আছে । ইসলামে কিন্তু ধন উপার্জনে কোনো বাধা নেই, তবে তা কুক্ষিগত করে রাখার কোনো উপায় নেই । ইসলামী জীবন বিধানে এটি একটি অবাস্তব ব্যাপার । এদিকে ধনসম্পদ বৃদ্ধির লোভে মালামাল মজুত করে সাময়িক অভাব সৃষ্টি করা ইসলামে হারাম । ধনীদের দান-সদকা করা এবং জাকাত আদায় করার ফলে অতিরিক্ত টাকা তাদের হাত থেকে জনসাধারণের মধ্যে চলে আসে । এতে সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা বাড়ে । এ জাকাত ব্যবস্থাকে তাই ঝরনা ও বৃষ্টি ধারার সঙ্গে তুলনা করা চলে । সাগরের পানি বৃষ্টি রূপে নেমে যেমন মৃত প্রায় ধরণীতে আনে নতুন জীবন, ঠিক তেমনি ধনীদের জাকাতের টাকা-পয়সা গরিবদের মধ্যে নিয়ে আসে নতুন জীবন, সজীবতা । আনে তাদের পরিবারে সচ্ছলতা ।

তাদের ক্রয়ক্ষমতা বৃদ্ধি পায় । ফলে ধনীর উৎপন্ন দ্রব্য বিক্রীত হয়ে পুনরায় সে টাকা ধনীর তহবিলে ফিরে আসে । এতে সাগর বা নদীর পানি বা বিলের মাছের মতো এ হাত থেকে ও হাতে ধনী হতে গরিব আবার গরিব হতে ধনীর হাতে ফিরে যায় । এক হাতে জমা থাকে না । এতে অর্থনৈতিক ক্ষেত্রে স্থবিরতা কেটে গিয়ে সচলতা আসে, গতিশীলতা বাড়ায় । জাকাত প্রদানের ফলে ধনসম্পদ প্রত্যেক ব্যক্তি পর্যন্ত পৌঁছে । এর ফলে ব্যক্তি পর্যায়ে সবার ক্রয়ক্ষমতা বাড়ে, শিল্পোৎপাদন বৃদ্ধি পায়, খেতখামার শস্য শ্যামলায় ভরে ওঠে, যেমন খাল-বিল-নালা মাছে থাকে পরিপূর্ণ । ব্যবসা-বাণিজ্যে অভূতপূর্ব উন্নতি সাধিত হয় । ইসলামের এক একটি বিধানে কীভাবে না মানবকল্যাণ নিহিত, তা পর্যালোচনা করলে স্পষ্ট হয়ে ওঠে । তাই অকপটে বলা যায় ইসলামী নির্দেশ চিন্তা চেতনাগুলো অর্থনৈতিক, রাজনৈতিক বিশৃঙ্খলা দূরীকরণে সহায়ক । এটি সত্য এবং বাস্তব ।

লেখক : ইসলামবিষয়ক গবেষক









মধ্য রাতে মানুষের ঢল

(শেষের পাতার পর)

রূপ নিয়েছে সেহরি পার্টিতে। গত কয়েকবছর ধরে জ্যাকসন হাইটসের কয়েকজন বাংলাদেশী এই সেহরী পার্টির আয়োজন করে আসলেও এভচর তা ভিন্ন রূপ নিয়েছে। আর এজন্য কৃতিত্বের দাবিদার আমেরিকান প্রেসিডেন্ট আর বৃটিশ অ্যাওয়ার্ডপ্রাপ্ত শেফ এবং জনপ্রিয় খলিল বিরিয়ানী হাউজের স্বত্বাধিকারী মোহাম্মদ খলিলুর রহমান। তিনি গত বছর সেহরী পার্টির আয়োজন করলেও এবছর তার সেহরী পার্টি প্রবাসীদের মাঝে সাড়া ফেলেছে।

চলতি রমজান মাসের ২৩ মার্চ শনিবার ব্রঙ্কসের খলিল বিরিয়ানী হাউজে প্রথম সেহরী পার্টির আয়োজন করেন শেফ খলিলুর রহমান। সেই পার্টিতে বিপুল সংখ্যক প্রবাসীর অংশগ্রহন তাকে অনুপ্রাণিত কওে, উৎসাহ যোগায়। তারই ধারাবাহিকতায় দ্বিতীয় দিনের মতে সেহরী পার্টিও আয়োজন করেন শনিবার (৩০ মার্চ)। ভোর রাত ২টা থেকে সেহরী খাওয়ার শেষ সময় পর্যন্ত চলে এই পার্টি। এতে প্রবাসীদের ঢল নামে। খলিল বিরিয়ানী হাউজের দুটি শাখা ছাড়াও বেসমেন্টর সকল আস ছিলো ভরপর। এজন্য সেহরী খেতে আর অনেককে লাইনে দাঁড়িয়ে অপেক্ষাও করতে হয়। অনেকে টেবিল খালি হবার অপেক্ষায় লাইনে দাঁড়িয়ে ছিলেন। কয়েকজন পাকিস্তানীকেও দেখা যায় পার্টিতে ট্রাই স্টেট থেকেও বেশ কয়েকজন গ্রাহক এসছিলেন এই সেহেরির আস্বাদন নিতে। গরম গরম ভাজা ইলিশ সহ ১৮ পদের রকমারী খাবার খেয়ে রোজাদাররা প্রশংসা করেন খলিলুর রহমানের। নিউইয়র্কে এর আগে এতও মানুষের সমাগম দেখা যায়নি কোন সেহরি পার্টিতে। পার্টির সর্বত্র লক্ষনীয় ছিলো যেন ঈদ উৎসবের আনন্দ।

নিউইয়র্কের বিভিন্ন বাংলা মিডিয়ার সম্পাদক, সাংবাদিক, কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ, শিল্পী আর প্রবাসীদের উপস্থিতি ছিলো লক্ষনীয়। অনেকে এসেছিলেন সপরিবারে। সপরিবাওে এসেছিলেন নিউইয়র্ক সিটি মেয়র অফিসের প্রধান প্রশাসনিক কর্মকর্তা বাংলাদেশী-আমেরিকান মীর বাশার।

শেফ খলির জানান,ট্রাই স্টেট নিউইয়র্কর ৫ বরো ছাড়াও নিউজার্সী, কনেকটিকাট ও পেনসিলভানিয়ায় বসবাসরত অনেক প্রবাসী বাংলাদেশী শনিবারের সেহরী পার্টিতে অংশ নেন। এজন্য তিনি খুব হ্যাপি, খুশী। শুকরিয়া আদায় করেন মহান আল্লাহ তায়ালার। বলেন, সেহরি পার্টিকে ব্যবসায়িক দৃষ্টিকোন থেকে বরং সেবার করার লক্ষ্য নিয়েই এই পার্টির আয়োজন।

তিনি জানান, সহকর্মীদের নিয়ে তিনি নিজেই রান্না করছিলেন শনিবারের খাবার। সেহরী খেতে ভোর রাতে কস্ট করে যারা এসেছেন তারা সবাই আমার সম্মানিত মেহমান। তাদের জন্য নিজের হাতে রান্না করে নিজেই সম্মানিত বোধ করছি। আর সবার সাড়া পাওয়ায় আমারও ভালো লাগছে।

খাবারের মধ্যে ছিলো, সাদা ভাত, পোলাও, আলু ভর্তা, লইট্রা সুটকি, চিকেন রোস্ট, চিলি চিকেন, চিকেন উইথ আলু, বিফ ভুনা, খাসির রেজালা, লাউ চিংড়ি, ডাল ইত্যাদি। এছাড়াও ছিলো রাইস পুডিং, দৈ, সন্দেশ ও নানা ধরনের ফলের সমারোহ। সাথে পানি ও ছিল চা। বুফে খাবারের মূল্য ছিল মাত্র ২০ ডলার।

নূরুল আজীমের ব্যতিক্রমী ইফতার মাহফিল

(শেষের পাতার পর)

ব্যাতিক্রমী এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে বিভিন্ন মিডিয়ার সম্পাদক, সাংবাদিক, শিল্পী, বিশিষ্ট ব্যবসায়ী ও কমিউনিটি নেতৃবৃন্দ সহ বিপুল সংখ্যক প্রবাসী অংশ নেন। আমন্ত্রিত ছিলেন মূলধারার রাজনীতি সহ ভিনদেশীরাও। জানা যায়, সবমিমিলিয়ে আড়াই শতাধিক আমন্ত্রিত অতিথি ছিলেন এই অনুষ্ঠানে।

অনুষ্ঠানে আগত অতিথিদের স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন আয়োজক নূরুল আজীম। এরপর শুভেচ্ছা বক্তব্য রাখেন জেবিবিএ'র সভাপতি গিয়াস আহমেদ এবং বিশিষ্ট ব্যবসায়ী ও সাপ্তাহিক আজকাল সম্পাদক শাহ নেওয়াজ। দোয়া মাহফিলে বিশেষ দোয়া পরিচালনা করেন জ্যামাইকা মুসলিম সেন্টারের পেশ ইমাম ও খতিব মওলানা মির্জা আবু জাফর বেগ।

কমিউনিটির সকলের মধ্যকার সৌহার্দ ও সম্প্রীতি জোরদার করার লক্ষ্যেই এই ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয় বলে নূরুল আজীম জানান। অনুষ্ঠান সঞ্চালণায় ছিলেন আশরাফুল হাসান বুলবুল।

নিউইয়র্কের বাংলাদেশী মুসলিম কমিউনিটিতে রমজান মাস ঘিরে ইফতার মাহফিল আয়োজনের ছড়াছড়ি। কিন্তু নূরুল আজীম আমন্ত্রিত ইফতার মাহফিল উপস্থিত সকলের দৃষ্টি কেড়েছে। একজন ব্যক্তি, একজন ব্যবসায়ী এককভাবে এমন একটি সুন্দর অনুষ্ঠান অয়োজন করতে পারে তা অনেকেই ভেবে উঠতে পারেননি। তবে ব্যক্তিবগত জীবনে নূরুল আজীম যেমন টিপ-টপ থাকতে ভালোবাসেন, পরিপাটি আর আকর্ষনীয় পোষাক পরিধান করেন, তাতে তার পক্ষেই এমন অনুষ্ঠান আয়োজন সম্ভব বলেই অনেকে মন্তব্য করেছেন। যা অন্যজন বা অন্য সংগঠন/প্রতিষ্ঠানগুলোর জন্য দৃষ্টান্ত হতে পারে।

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস
(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।
ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।
Authorized e-file PROVIDER
Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund
প্রফেশনাল করসপন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন
দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।
অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা
"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা
যোগাযোগ করুন ঃ এম এ কাইয়ূম
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী

SHEIKH SALIM
Attorney at Law
Accident Cases,
Medical Malpractice
& Legal Malpractice
এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ
• কন্ট্রাকশন দুর্ঘটনা • ভুল চিকিৎসা • ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
• স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা • মটর গাড়ি দুর্ঘটনা • অ্যাসবেস্টস থেকে ক্ষতি
• লেড বিষ সম্বন্ধীয় • কাজের সময় দুর্ঘটনা • মিসিনারি ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
• বার্থ রিলেটেড ইনজুরি • পিছলে পড়া, হোঁচট খাওয়া • যে কোন ধরনের ইমিগ্রেশন কেস
এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি
Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC
Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

Wasi Choudhury & Associates LLC
SERVICES
আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?
• Represent Taxpayers for I.R.S./ State Audit
• Tax Preparation:
Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
• Accounting:
Payroll, Sales Tax, etc.
• Business Licenses
• ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।
ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন
Wasi Choudhury, EA
Admitted to practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক
Member : naea NYSSCPA e-file

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ/ নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।
37-22, 61 Street, 1st Fl, Woodside, NY 11377 Tel: 718-205-3460, 718-440-6712, Fax: 718-205-3475, e-mail: wasichoudhury@yahoo.com



বাইডেনকে হাত-পা বাঁধা ভিডিও পোস্ট,

(প্রথম পাতার পর)

প্রাইমারীতে ব্যালটে ডেমোক্র্যাট প্রার্থী হিসেবে নাম থাকবে জোসেফ আর বাইডেন জুনিয়র, ম্যারিয়েন উইলিয়ামস ও ডিন ফিলিপসের। আর রিপাবলিকান পার্টিও প্রার্তী হিসেবে ব্যালটে নাম থাকবে ডোনাল্ড জে ট্রাম্প, বিবেক রামস্বামী, ক্রিস ক্রিস্টি ও নিকি হ্যালির। যদিও ট্রাম্প ছাড়া অন্য প্রার্থীরা তাদের প্রার্থীতা প্রত্যাহার করে নিয়েছেন। এদিকে চলতি বছর নিউইয়র্ক সিটি থেকে একমাত্র বাংলাদেশী-আমেরিকান মনজুর চৌধুরী ডেলিগেট হিসেবে প্রার্থী হয়েছেন। ন্যাশনাল ডেমোক্র্যাটিক কনভেনশনে তিনি নিউইয়র্কের কংগ্রেনাল ডিষ্ট্রিক্ট ১৩ থেকে প্রতিদ্বন্দ্বিতা করছেন।

অপরদিকে প্রেসিডেন্ট নির্বাচনের প্রাইমারীতে ফিলিস্তিন-গাজা ইস্যুতে নিউইয়র্কে চলছে 'ভোট ব্ল্যাঙ্ক' আন্দোলন। গাজায় ইসরাইলী সেনা কর্তৃক শত শত নিরপরাধ মানুষ গণ হত্যার প্রতিবাদে এই আন্দোলন চলছে বলে জানান মানবাধিকার সংগঠন ড্রাম-এর অর্গানাইজার কাজী ফৌজিয়া। তিনি বলেন, প্রাইমারীতে আনকমিটেড বা রাইট-ইন অপশন না থাকলেও নিউইয়র্কে ফাকা ব্যালটটি গণনা করা হয়। এই সহজ উপায়ে আমরা ফিলিস্তিনীদের মানবাধিকারের পক্ষে আমাদের সমর্থন জানাতে পারি।

বাইডেনকে হাত-পা বাঁধা ভিডিও পোস্ট, তোপের মুখে ট্রাম্প

এদিকে প্রেসিডেন্ট জো বাইডেনকে 'অপহরণের' ভিডিও পোস্ট করে তীব্র সমালোচনার মুখে পড়েছেন সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। আসন্ন নভেম্বরে প্রেসিডেন্ট নির্বাচনে ফের দ্বিতীয়বারের মতো মুখোমুখি হচ্ছেন ডেমোক্রেটের জো বাইডেন ও রিপাবলিকানের ট্রাম্প। যে ভিডিও পোস্ট করেছেন সেখানে দেখা যায় একটি পিকআপ ট্রাকের পেছনে জো বাইডেন হাত-পা বাঁধা অবস্থায় মেঝেতে শুয়ে আছেন। শুক্রবার (২৯ মার্চ) ট্রাম্প তার নিজস্ব সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথে ভিডিওটি পোস্ট করেছেন। খবর দ্য গার্ডিয়ানের।

সাত সেকেন্ডের ভিডিওটিতে দেখা গেছে, পিকআপের পেছনে বর্তমান প্রেসিডেন্টের একটি ছবি প্রিন্ট করে লাগানো হয়েছে। অর্থাৎ তাকে অপহরণ করা হয়েছে এমনটিই বোঝানো হয়েছে ছবিতে। যদিও ছবিটি পুরোপুরি ডক্টরেট (সম্পাদিত)। পতাকা ও ডেকালসংবলিত দুটি ট্রাক ট্রাম্পের প্রতি সমর্থন জানাচ্ছে, যেখানে দ্বিতীয় ট্রাকের পেছনে ছিল বাইডেনের ছবি। এ ঘটনায় ডেমোক্র্যাট সমর্থকরা ট্রাম্পকে 'দানব' বলেও আখ্যা দিয়েছেন। ভিডিওটি শেয়ার করে ৭৭ বছর বয়সি ডোনাল্ড ট্রাম্প ক্যাপশন লিখেছেন '৩/২৮/২৪, লং আইল্যান্ড, নিউইয়র্ক।'

ভিডিও পোস্ট করা মাত্রই বাইডেনের সমর্থকদের তোপের মুখে পড়েন ট্রাম্প। বাইডেনের প্রচারণার যোগাযোগবিষয়ক পরিচালক মাইকেল টেইলর বলেন, শুক্রবার রাতে ট্রাম্পের পোস্ট করা ছবিটি তার বিরোধীদের শারীরিকভাবে ক্ষতি করার ইঙ্গিত দিচ্ছে। তিনি বলেন, ট্রাম্প প্রতিনিয়তই রাজনৈতিক সহিংসতাকে উসকে দিচ্ছেন। এখন সময় এসেছে যেন মানুষ তাকে বয়কট করার।

এদিকে ট্রাম্পের প্রচারণা শিবিরের মুখপাত্র স্টিভেন চেউং এক বিবৃতিতে বলেন, ছবিটি একটি পিকআপ ট্রাকের পেছনে ছিল, পিকআপটি হাইওয়ে দিয়ে যাচ্ছিল। ডেমোক্র্যাটরা প্রেসিডেন্ট ট্রাম্প ও তার পরিবারের বিরুদ্ধে শুধু ঘৃণ্য সহিংসতার ডাকই দেয়নি, তারা আসলে তার বিরুদ্ধে বিচারব্যবস্থাকে অস্ত্র হিসেবে ব্যবহার করছে। তবে ভিডিওতে বাইডেনের ছবির উপস্থিতি নিছকই কাকতালীয় ঘটনা তা মনে হচ্ছে না। কারণ ভিডিওর শেষের দিকে বাইডেনের সম্পাদিত ছবিটি জুম করে দেখানো হয়েছে।

এদিকে ছবিটি নিয়ে অনেক টুইটার ব্যবহারকারী ক্ষোভ প্রকাশ করেছেন। হাভার্ডের আইন বিভাগের অধ্যাপক লরেন্স ট্রাইব এক্সে (সাবেক টুইটার) লিখেছেন, 'দানব' এটা পোস্ট করেছে। ট্রাকের পেছনে প্রেসিডেন্ট বাইডেনের হাত-পা বাঁধা একটি ছবি। তিনি (ট্রাম্প) প্রেসিডেন্টকে হুমকি দিচ্ছেন। এটি একটি অপরাধ। অন্য কেউ এটা করলে তাকে গ্রেফতার করা হতো। এখন কী করা হবে?

ওবামা প্রশাসনের সাবেক কর্মকর্তা ও বর্তমান সিএনএন জাতীয় নিরাপত্তা বিশ্লেষক জুলিয়েট কায়েম লিখেছেন- ট্রাম্প সব কিছু ফেলে সহিংসতাকে কৌশল হিসেবে নিয়েছেন।'

ট্রাম্পের ক্যাম্পেইনে নেই মেলানিয়া

অপরদিকে সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের স্ত্রী মেলানিয়া ট্রাম্প। চলতি বছরের শেষ দিকে অনুষ্ঠিতব্য প্রেসিডেন্ট নির্বাচন উপলক্ষ্যে ট্রাম্পের পক্ষে প্রচারণায় দেখা যাচ্ছে না প্রাক্তন ফার্স্ট লেডিকে। এ নিয়ে নানা গুঞ্জনের মধ্যেই এবার বিষয়টির খোঁজখবর নিয়েছে আমেরিকান গণমাধ্যম সিএনএন।

ট্রাম্পের প্রচারণার সঙ্গে ঘনিষ্ঠ সূত্রের বরাত দিয়ে এক প্রতিবেদনে বলা হয়েছে, ট্রাম্পের প্রচারে মেলানিয়ার ভূমিকা থাকবে, তবে বিস্তারিত জানা যায়নি। তাছাড়া অদূর ভবিষ্যতে যে খুব জোরেশোরে প্রচারণা চালাবেন তেমন কোনো ইঙ্গিতও নেই। তবে তিনি নিজের ইচ্ছায় প্রচারণা চালানোর সিদ্ধান্ত নিতে পারেন। সিএনএন বলছে, ট্রাম্পের ঘনিষ্ঠ একটি সূত্র জানিয়েছে, তিনি কী করতে চান এবং কীভাবে তিনি নিজেকে উপস্থাপন করেন, সে ব্যাপারে তিনি অত্যন্ত সিলেক্টিভ ও সিস্টেমেটিক। সেই সঙ্গে তিনি (মেলানিয়া) এসব ব্যাপারে খুব সিদ্ধান্তমূলক এবং জানেন যে, তাদের অনেক উদ্দেশ্যমূলক ও অপ্রত্যাশিত পরিণতি রয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, এখন পর্যন্ত প্রাক্তন ফার্স্ট লেডি তার স্বামীর পুনর্নির্বাচনের প্রচারণায় দুটি ক্ষেত্রে প্রকাশ্যে উপস্থিত হয়েছেন: ২০২২ সালের নভেম্বরে ট্রাম্পের প্রচারাভিযানের শুরুতে এবং গত সপ্তাহে ফ্লোরিডায় প্রেসিডেন্ট পদে প্রাথমিক নির্বাচনে ভোট দেওয়ার সময়। এদিকে ট্রাম্প বলেছেন, তিনি তার স্ত্রীর অবস্থানকে ঘিরে থাকা রহস্যের মধ্যে সৌন্দর্য দেখেছেন। তিনি বলেছেন, তিনি (মেলানিয়া) 'আত্মদর্শী' এবং 'আত্মবিশ্বাসী'।



মঞ্জুর চৌধুরী

আসলে মেলানিয়া কোথায় ছিলেন?

মেলানিয়াকে মাঝে মাঝে সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টে দেখা গেছে, তার স্বামীর সঙ্গে মার-এ-লার্গোতে গল্ফ ইভেন্টের মতো ব্যক্তিগত ইভেন্টে কিংবা হাঙ্গেরির প্রধানমন্ত্রী ভিক্টর অরবানের সঙ্গে তার স্বামীর সাক্ষাতের পরে ডিনারে। মেলানিয়া তার মায়ের সাম্প্রতিক মৃত্যুতে শোকাহত। মায়ের মৃত্যুর পর তার বাবাকে সময় দিচ্ছেন। এ ছাড়া ছেলে ব্যারনের খোঁজখবরও নিতে হয় তাকে। ১৮ বছর বয়সি ব্যারন কলেজের জন্য প্রস্তুতি নিচ্ছেন।

মেলানিয়ার সাবেক চিফ অব স্টাফ স্টেফানি গ্রিশাম সিএনএনকে বলেন, 'মেলানিয়া বলেছেন, 'জিল বাইডেনের (বর্তমান ফার্স্ট লেডি) মতো আমার ট্রাম্পের পাশে দাঁড়ানোর দরকার নেই; বিষয়টা এমন যেন- তিনি জো বাইডেনকে ধরে রেখেছেন।'

মেলানিয়া আরও বলেন, 'তিনি হিলারি ক্লিনটনের মতোও, 'আপনার লোকের পাশে দাঁড়ানো' খুব বেশি কিছু করতে যাচ্ছেন না।'

মেলানিয়ার অনুপস্থিতির বিষয়টি তার স্বামীর মাধ্যমেও অনেকটা সুস্পষ্ট হয়েছে, যিনি তাকে শিগগিরই প্রচারাভিযানে ফিরে আসার প্রতিশ্রুতি দিয়েছিলেন। 'তিনি আমাদের দেশকে খুব ভালোবাসেন,' ডোনাল্ড ট্রাম্প সেপ্টেম্বরে এনবিসিকে দেওয়া এক সাক্ষাৎকারে বলেছিলেন। 'উপযুক্ত সময়ে তিনি সেখানে থাকবেন।'

(এক স্লিপ)

শেষের পাতার পর)

মাহফিল ধর্মীয় আবেশ ছাড়িয়ে উৎসবমুখর হয়ে উঠছে। কখনো কখনো তা আনন্দ উৎসব আর মিলনমেলায় পরিণত হচ্ছে। বিভিন্ন মিডিয়ায় তা খবরও হচ্ছে। কিন্তু এসব অনুষ্ঠানের পরিবেশ নিয়ে অনেকের মধ্যে মিশ্র প্রতিক্রিয়াও লক্ষণীয়। অনুষ্ঠানে আমন্ত্রিত মওলানা, ইমামগণ এব্যাপারে দৃষ্টি আকর্ষণ করলেও অনেকেই তাতে কর্ণপাত করছেন না। বরং অনেকেই কথাবার্তায় মশগুল থাকছেন। দিনব্যাপী সিয়াম-সাধনার পর ইফতারের সময় ধর্মীয় আবেশ বজায় রাখা জরুরী ও গুরুত্বপূর্ণ। বিষয়টি সংশ্লিস্ট সকলের ভেবে দেখা দরকার।

প্রবাসীরা কেনাকাটায়

(শেষের পাতার পর)

নামের স্টোর সহ বিভিন্ন স্টোরে চলছে ঈদ সেল। এছাড়াও জ্যমাইকার স্থানীয় হিলসাইডস্থ আল হামরা, শাহ, তাবাসসুম ফ্যাশন প্রভৃতি ফ্যাশন, জ্যাকসন হাইটসের আইএসপি, রুকশানা ফ্যাশন, পারফেকশন ব্রাইডালস, অমিত ফেব্রিকস এন্ড শাড়ী হাউজ, সাওয়ারিয়া, লিপি ফ্যাশন, প্রভৃতি স্টোরগুলোতে দেদারছে চলছে ঈদের কেনা কাটা। অপরদিকে ফুটপাতের দোকানগুলোতেও বেচাকেনা জমে উঠেছে। টুপি-জায়নামাজ থেকে শুরু করে অন্যান্য সামগ্রী স্বল্প মূল্যে পাওয়া যাচ্ছে এসব দোকোনে। স্টোরগুলো সরজমিনে ঘুরে দেখা গেছে, স্টোরগুলোর ফটকে টাঙ্গানো রয়েছে আকর্ষনীয় ঈদ সেল নোটিশ। কোন কোন স্টোরে ২৫% থেকে ৫০% সেল চলছে। দিনের বেলায় এসব স্টোরগুলোতে তেমন ভীড় পরিলক্ষিত না হলেও বিকেলে বা ইফতারের পর সন্ধ্যায় গ্রহকদের বেশ ভীড় লক্ষ্য করা যাচ্ছে। আর এসব গ্রাহকদের মধ্যে নারী ও শিশু-কিশোর-কিশোরীরাই বেশী। দোকানীরা জানান, ঈদের কেনা-কাটার জন্য অনেকে চাঁন রাতেরও অপেক্ষা করছে।

স্টোরগুলোতে খোঁজ নিয়ে জানা যায়, বরাবরের মতো এবছরও মেয়েদের প্রথম প্রছন্দ লেহেঙ্গা আর সালোয়ার-কামিজ, ছেলেদের প্রথম পছন্দ পাঞ্জাবী-পায়জামা। মেয়েদের মধ্যে কারো কারো পছন্দ কাজ করা শাড়ী। আবার কারো পছন্দ জামদানী। তবে এসব পোষক পছন্দ হলেও এসবের মধ্যে চাই নতুনত্ব। গ্রাহকদের কথা-চাহিদা ভেবে ফ্যাশন ডিজাইনাররাও তৈরী করেছেন নতুন নতুন ডিজাইনের পোষাক। স্টোরগুলোতে বাংলাদেশী পোষাকের পাশাপাশি পাকিস্তানী ও ভারতীয় পোশাকের বিপুল সমাহার দেখা যায়। দোকানীরা জানান, ঈদের কেনাকাটায় রয়েছে ফ্যাশানেবল জুতো, জুয়েলারী অলংকার, পারফিউম প্রভৃতি। তুলানামূলকভাবে ঈদ সামগ্রীর দাম গত বছরের চেয়ে খানিকটা বেশী।

বিভিন্ন স্টোরের মালিকগণ জানান ঈদ উপলক্ষ্যে কেনা-কাটা বেশ জমে উঠলেও চাঁন রাতে ঈদের কেনাকাটা তুঙ্গে উঠবে। এদিন থাকবে সর্বোচ্চ সেল। ক্রেতাদের সুবিধার্থে প্রতিদিন বেলা ১১টা থেকে রাত ৮/৯টা পর্যন্ত খোলা রাখা হচ্ছে স্টোরগুলো। চাঁদ রাতেও স্টোরগুলো খোলা থাকবে বলে জানান তারা।

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.

37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-



Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الاتحاد ETIHAD KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

অধ্যাপক সারোয়ার বি সালামের চির বিদায় এবং..

(শেষের পাতার পর)

মহৎপ্রাণ ব্যক্তিত্ব, একজন খাঁটি দেশপ্রেমিক, নিউইয়র্কের অন্যতম গুরুত্বপূর্ণ সেবামূলক সংগঠন দি অপটিমিস্টস্-এর সাবেক চেয়ারম্যান এবং আমার পরম শ্রদ্ধেয় দীক্ষাগুরু ও সহকর্মী অধ্যাপক সারোয়ার বি সালাম আমাদের ছেড়ে চলে গেছেন। এই মৃত্যু আমার জন্য গভীর বেদনার ও শোকের। উল্লেখ্য, গত ২৫ মার্চ সোমবার দিবাগত রাত সাড়ে তিনটার দিকে ব্রুকলীনের মায়মুনিডাস হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তার বয়স হয়েছিলো ৮৪ বছর। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই কন্যা ও এক পুত্র সহ বহু গুণগ্রাহী ও শুভাকাঙ্খী রেখে গেছেন। তার দেশের বাড়ী নোয়াখালী জেলার উত্তর হাতিয়া। পরদিন তার নামাজে জানা শেষে নিউইয়র্কেই মরদেহ দাফন করা হয়।

অধ্যাপক সারোয়ার বি সালাম-এর মৃত্যুতে আমি যে গভীর শোকাহত হয়েছি, সে অনুভূতি প্রকাশ ছাড়াও আমি মনে করি, আমাদের কমিউনিটি, আমাদের সংগঠনসমূহ, এবং আমাদের প্রবাসের অসংখ্য সাধারণ মানুষদের পক্ষ হয়ে প্রয়াত অধ্যাপক সারোয়ার বি সালামের প্রতি কৃতজ্ঞতাবোধ প্রকাশ করাও আমার দায়িত্বের পর্যায়ে পড়ে, সে ভাবনা থেকেই আমার এ লেখার অবতারণা।

সম্ভবত আটানব্বই বা নিরানব্বই সালে সালাম ভাইয়ের সাথে আমার প্রথম দেখা তার ব্রুকলীনস্থ অফিসে। তৎকালীন নিউইয়র্কের অন্যতম এক বাংলা সংবাদ পত্রিকা সাপ্তাহিক নতুন প্রবাসী'র তৎকালীন সম্পাদক শিকদার হুমায়ুন কবীর-এর সঙ্গী হয়ে পরিচিত হয়েছিলাম সালাম ভাইয়ের সাথে। অল্পক্ষণের আলাপচারিতায় পরিচয় পেয়েছিলাম একজন অকটপ সত্যভাষী, বিদ্যানুরাগী, শিল্প-সাহিত্য-সংস্কৃতি এবং প্রবাসের গণমাধ্যমসমূহের নিঃস্বার্থ পৃষ্ঠপোষকের। যুক্তরাষ্ট্রে পাড়ি দেওয়ার আগে তিনি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসা প্রশাসন ইন্সটিটিউটের অধ্যাপক। নিউইয়র্কের বাঙালী কমিউনিটিকে গড়ে তোলার পিছনে তার অগ্রণী ভূমিকা ছিলো। তিনি ছিলেন প্রকৃত একজন অসাম্প্রদায়িক ও প্রগতিশীল চিন্তা-চেতনার মানুষ। পুজা সমিতি থেকে মসজিদ কমিটি পর্যন্ত সর্বত্র তিনি ছিলেন সকল বিতর্কের উর্ধে সর্বজনস্বীকৃত অবিসংবাদিত নেতা। যে কোনো দুর্দিনে বিপদে আপদে তার শরণাপন্ন হয়ে সন্তোষজনক সমাধান না নিয়ে তার কাছ থেকে কেউই ফিরে যাননি। দেশে কিংবা বিদেশে, দুর্দশাগ্রস্থ সকল মানুষের জন্য তার হাত সব সময় ছিল উদার। সারোয়ার বি সালাম যেমন ছিলেন একজন কবিতা প্রেমিক, তেমনি ছিলেন একজন কবি। তার রয়েছে একাধিক প্রকাশিত কবিতার বই।

আমাদের সংগঠন অপটিমিস্টস-এর জন্য সালাম ভাই ছিলেন একজন অনেক বড় উৎসাহ-উদ্দীপনাদাতা। অপটিমিস্টস্-এর হয়ে তিনি সস্ত্রীক বাংলাদেশের গ্রামে গ্রামে ঘুরেছেন এটা নিশ্চিত করতে যে, প্রবাসী মানুষদের দ্বারে দ্বারে হাত পেতে আমরা যে অর্থ সংগ্রহ করছি, সেটা যেন বাংলাদেশের প্রকৃত অসহায় দরিদ্র পরিবারের শিশুদের উন্নয়নে ভূমিকা রাখতে পারে। তিনি অপটিমিস্টস্-এর সাফল্যে এতটাই মুগ্ধ হয়েছিলেন যে, অপটিমিস্টস-এর প্রতিষ্ঠাতা সভাপতি মোহাম্মদ চৌধুরী রানা ভাই ও অপর সহ প্রতিষ্ঠাতা শামীম আহমদসহ আমি যখন তাকে অপটিমিস্টস-এর উপদেষ্টা থেকে চেয়ারম্যানের দায়িত্ব নিতে অনুরোধ করি, তখন তিনি সম্ভবত আমাদের এই যুক্তিতেই রাজি হয়েছিলেন যে, তিনি যদি এই পদটি গ্রহণ করেন, তাহলে অপটিমিস্টস-এর কার্যক্রম প্রবাসে এবং দেশে আরো বেশি বিস্তৃত হবে, এবং এতে বাংলাদেশের অধিকসংখ্যক অসহায় দরিদ্র পরিবারের শিশুদের উপকার হবে। অপটিমিস্টস-এর হয়ে বাংলাদেশের শিশুদের সাহায্যার্থে যে কোনো মানুষের কাছে অর্থ সাহায্য চাইতে তিনি কখনও কুণ্ঠিত বোধ করেননি।

যদিও শুরুর দিকে অপটিমিস্টস্-এর সাথে অধ্যাপক সারোয়ার বি সালামের প্রাথমিক সম্পর্ক ছিল একজন পেশাদার আয়কর উপদেষ্টা হিসেবে, কিন্তু কখনই তিনি তার পেশাগত কাজের জন্য অপটিমিস্টস থেকে কোনো পারিশ্রমিক নেননি, বরং তিনি শুরু থেকেই অপটিমিস্টস-এর শিশু স্পন্সরশিপ প্রকল্পের একাধিক শিশু স্পন্সর করেছেন। এছাড়াও অপটিমিস্টস্-এর বিভিন্ন সাংগঠনিক ব্যয় নির্বাহে তিনি নিয়মিত আর্থিক সহায়তাও দিয়ে গেছেন। আমি বিশ্বাস করি, প্রবাসী বাংলাদেশী সকল সংগঠনের মধ্যে অপটিমিস্টস্-কে একটি গুরুত্বপূর্ণ, ব্যতিক্রমী ও কার্যকর জনকল্যাণমুখী সংগঠনে পরিণত করার জন্য সারোয়ার বি সালাম-এর ভূমিকা সবচেয়ে বেশি। অপটিমিস্টস্ যতদিন সক্রিয় থাকবে, ততদিন অপটিমিস্টস্-কে অধ্যাপক সারোয়ার বি সালামের এই অপরিশোধ্য ঋণের কথা স্বীকার করতেই হবে।

পরম শ্রদ্ধেয় সালাম ভাইয়ের অন্তিম যাত্রায় কামনা করছি, সালাম ভাই যেখানেই থাকেন, যেভাবেই থাকেন, আমার মতো হাজার হাজার মানুষের আন্তরিক শ্রদ্ধা, ভালবাসা এবং শুভেচ্ছা অবশ্যই তার সাথে থাকবে। একই সাথে আমরা আশা করছি, আমরা সালাম ভাইয়ের মঙ্গলভাবনা এবং আশীর্বাদ থেকে বঞ্চিত না হয়ে, তারই দেখানো আলোকিত পথ ধরে যেন সকল লোভ-লালসা আর ব্যক্তিস্বার্থের উর্ধ্বে থেকে নীতি, আদর্শ, সততা ও কল্যাণমনস্কতায় অবিচলভাবে মানব সেবার লক্ষ্যে কাজ করে যাবো।

লেখক: সেবামূলক সংগঠন দি অপটিমিস্টস্-এর চেয়ারম্যান।

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court,
CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন



অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩



KAKATUA AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authorized IRS e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

OUR SERVICES ARE:
Income Tax
Accounting Service
Immigration Form Fill Out
Travel
Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভাদাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center



Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট, TLC/Motor Vehicle Exam, মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get 25% Discount sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Quality Education is Our Priority!

Congratulations to all our Students who made into Specialized High School

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP
Board Certified in Internal Medicine

Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

হুজুর মৌলানারা

(শেষের পাতার পর

)ইফসুফ নবী- জ্ঞানবুদ্ধি হওয়ার পর থেকে শুনে আসা সেই একই কিচ্ছাকাহিনী। হয়তো বলবেন যাদের বুদ্ধিসুদ্ধি কম বা মোটা দাগে বোঝেন তাদের জন্য এইসব বয়ান। ঠিক আছে। কিন্তু সবাই তো আর এক মাপের না। মসজিদে গিয়ে নামাজ পড়েন এমন অনেকেই আছেন যারা খানিকটা অগ্রসর, লেখাপড়া করে কিছু জেনেছেন শিখেছেন।

শুক্রবারে জুম্মা হচ্ছে মুসলমানদের একটা সাপ্তাহিক সোস্যাল গেট টুগেদার বা সামাজিক সম্মিলনী। জুম্মার প্রেক্ষাপট বা ইতিহাস যতটুকু জেনেছি, সপ্তাহের এই একটি দিন এলাকার মুসলমানরা ভাল জামাকাপড় পড়ে গায়ে সুগন্ধি মেখে অনেকটা ঈদের আমেজে মসজিদে সমবেত হতেন। নিজেদের সমস্যা নিয়ে আলোচনা করতেন। নেতা বা ইমাম সে সব শুনে সমাধান বলতেন। কিভাবে সবাই ভাল থাকবে ঝগড়াঝাটি করবে না মারামারি হানাহানি করবে না, শান্তিশৃংখলা বজায় রাখবে পাপকাজ অন্যায় কাজ থেকে দুরে থাকবে- সে সব ব্যপারে দিকনির্দেশনামূলক ভাষণ দিতেন। এটাই খুৎবা। নামাজের আগে সকলের জন্য দোয়া করা হতো। কখনও কখনও এই ভাষন নিয়ে গন্ডগোল হতো, মারামারি হানাহানি হতো। এই প্রেক্ষাপটে ইমামরা উপস্থিত বক্তৃতার পরিবর্তে কিছু কমন বক্তব্য নিয়ে খুৎবা নির্দিষ্ট করে দেন। এর দু'টি অংশ। প্রথম অংশে সাধারণ বক্তৃতা, দ্বিতীয় অংশে দোয়া বা মোনাজাত। আমাদের দেশে যেটা প্রচলিত- বারো মাসের জন্য বারোটি পৃথক পৃথক খুৎবা আর দ্বিতীয় পর্বের জন্য একটা কমন খুৎবা বা মোনাজাত যা বারো মাসের জন্য।

অধিকাংশ দেশে এই নিয়মেই মুসলমানরা জুম্মা পড়েন। কোথাও দেখেছি প্রথম অংশে নির্দ্ধারিত খুৎবার পরিবর্তে ইমাম সাহেব উপস্থিত বক্তৃতা করেন, পরে দ্বিতীয় পর্বে মোনাজাত করে নামাজে দাঁড়ান। কোথাও এই মোনাজাতের অংশটাও সংক্ষিপ্ত করা হয়। অধিকাংশ দেশে প্রথম অংশ পাঠের আগে হুজুররা দীর্ঘ সময় ধরে নিজেদের মত করে বয়ান করেন। আমাদের দেশেও তাই। এরপর আজান দেওয়ার পর দুই পর্বের খোৎবা পাঠ।

কোনটা সহি কোনটা ব্যতিক্রম হুজুর মৌলানারাই ভাল বলতে পারবেন, তবে আমি খুৎবাপূর্ব বয়ানে কোন দোষের কিছু দেখি না। এই বয়ানে ইমাম সাহেবরা সমাজের বিদ্যমান পরিস্থিতি, মানুষের নীতি-নৈতিকতা বিষয়ে মোটিভেশনাল বক্তব্য রাখতে পারেন। অফিসে আদালতে ফাইল আটকে ঘুষ খাওয়া, মানুষকে অহেতুক হয়রানি, মাথায় বারি দিয়ে টাকা আদায়, ব্যাংক থেকে লোন নিয়ে মেরে দেওয়া, পাবলিকের টাকা চুরি করে সম্পদের পাহাড় গড়ে তোলা, বিদেশে পাচার, রিলিফের গম চুরি টীন চুরি, কাবিখা বয়স্কভাতার টাকা মেরে দেওয়া, মজুতদারি আড়ৎদারি অতি মুনাফালিপ্সা, খাদ্যে ভেজাল, ধরে নিয়ে মেরে ফেলা, গুম খুন চাঁদাবাজী গুন্ডামী জুলুম, অন্যের সম্পত্তি জবরদখল- আমাদের দেশে এগুলোই হচ্ছে রাষ্ট্রীয় ও সামাজিক সমস্যা। যেহেতু দেশের সংখ্যাগড়িষ্ঠ মানুষ ইসলাম ধর্মবিশ্বাষী এবং ধর্মভীরু, তাদেরকে মোটিভেট করতে হুজুর মৌলানা আলেম ওলামারা এইসব বিষয়ে খোলামেলা স্পষ্ট বয়ানের মাধ্যমে পালন করতে পারেন গুরুত্বপূর্ণ ভূমিকা। মানুষ তাদের কথা শোনে। এখনও সমাজে তাদের যথেষ্ঠ সম্মান কদর এবং গুরুত্ব। অথচ অধিকাংশ ক্ষেত্রেই দেখা যায় ধরি মাছ না ছুই পানির মত বিষয়গুলো এড়িয়ে যাওয়া হয়।

কিছু কিছু বয়ান আমার কাছে খুবই বিরক্তিকর মনে হয়। প্রায়ই হুজুররা বলে থাকেন অমুক দোয়া পড়লে অমুক আমল করলে হজ্ব করলে মসজিদে দান করলে জীবনের সকল গুনাহ মাফ হয়ে যাবে, কবর আজাব মাফ বা জান্নাত নসীব হয়ে যাবে। ভাল কথা। হয়তো তারা পুস্তক কিতাব পড়ে বিষয়গুলো জেনেছেন। কিন্তু কিতাবে এমন কথা কি কিছু নাই কোনসব গুনাহর কোন মাফ নাই! নির্দিষ্ট কোন আমল বা কাজ করলে যদি জীবনের সব গুনাহ মাফ হয়ে বেহেশত কনফার্ম হয় তাহলে তো মানুষ সে গুনাহর কাজ আবার করবে। বারবার করবে। গুনাহ করবে আর মাফ চাইবে! এটাও কেউ বলেন না একই গুনাহর কাজ কতবার পর্যন্ত মাফ হবে!

প্রায়ই শোনা যায় বাংলাদেশের মুসলমানরা নামাজ পড়ে রোজা রাখে হজ্বে যায় আবার দুইহাতে ঘুষ খায় মজুতদারি বা বাজারে জিনিষের কৃত্রিম সংকট সৃস্টি করে হারাম কামায়, চুরি করে লুটপাট করে অন্যের হক নষ্ট করে। আমিও মাঝেমাঝে ভাবি কোন মুসলমান কেন বা কিভাবে এ কাজ করতে পারে। সারা বছর হারাম কামাই করে কিছু যাকাত ফেৎরা দেওয়া, মসজিদ মাদ্রাসায় খয়রাত, প্রতি বছর হজ্বব্রত পালন- ফিরে এসে আবার একই কাজ! কোন বিবেকে এমনটা করতে পারে। কেউ যদি বলেন, কোন পাপকাজ করে মাফ চাইলেই যদি মাফ পাওয়া যায় তাহলে পাপকাজে অসুবিধা কোথায়, কি জবাব! মসজিদ মাদ্রাসায় দান করে কিছু দানখয়রাত করে হজ্বে গিয়ে মাফ চাইলেই তো আবার পূতপবিত্র!

আমি জানি না হুজুর মৌলানারা এইসব মাসালা কোথায় পেয়েছেন বা কোরআন হাদিসের কোথায় আছে সকল গুনাহ অপরাধ বা পাপকাজেরই মাফ আছে! তবে সহজ বুদ্ধিতে যা বুঝি, এমন কোন গুনাহ বা পাপকাজ আছে যার কোন মাফ নাই। সবাই যদি মাফই পাবে তাহলে আল্লাহতায়ালা দোজখ বানিয়েছেন কেন! তা কি শুধু মানুষকে ভয় দেখানোর জন্য! মানুষ যদি জেনেই যায় অপরাধ পাপ বা গুনাহ করে মাফ চাইলেই মাফ পাওয়া যাবে তাহলে কি গুনাহর কাজ কখনও বন্ধ হবে! অথচ হুজুরদের কাছ থেকে কখনও সেই গুনাহগুলোর কথা শোনা যায় না যেগুলোর কোন মাফ নাই। হয় তারা জানেন না অথবা জেনেও বলেন না।

জুম্মায়, মসজিদে বা মাহফিলে টাকা তোলা একটা কমন ব্যপার। এটা বেশী দেখা যায় ওয়াজ মাহফিলে। শুনতে পাই যে হুজুর যত বেশী টাকা তুলে দিতে পারেন তার নাকি তত ডিমান্ড। লাখ লাখ টাকা হাদিয়া দিয়ে হেলিকপ্টারে করে তাদেরকে নিয়ে যাওয়া হয়। কথার যাদুতে এমন প্যাচে ফেলেন টাকা না দিয়ে উপায় থাকে না। কি একটা বিব্রতকর পরিস্থিতি! একবার এক মসজিদে জুম্মায় দেখি হুজুর টাকা তুলছেন। ভাল কথা। মানুষের দানেই মসজিদ মাদ্রাসাগুলো চলছে। কিন্তু হুজুর যখন বললেন, ডোনেট মানি এ্যান্ড বাই এ হোম ইন জান্নাহ- কেমনটা লাগে! মসজিদে টাকা দিলেই বেহেশতে বাড়ি কেনা হয়ে গেল! টাকা তো মানুষ এমনিই দেয়, তার জন্য বেহেশতে বাড়ীর লোভ দেখাতে হবে কেন! একবার আজমীরে মাজার জিয়ারত করে বের হচ্ছি দরজার পাশে বাক্স নিয়ে বসে থাকা খাদেম লোকটা টাকা চাইলো। কিছু ভেবে পকেট থেকে এক শ' টাকার একটা নোট বের করে দিলাম। লোকটা হাতে নিয়ে তাচ্ছিল্যের ভঙ্গিতে বললো 'স্রেফ শ' রুপীয়া!' আমি বললাম, কম হয়ে গেছে! লোকটা বললো, জেয়াদা দেয়োগি তো জেয়াদা সওয়াব মিলেগা। আমি বললাম, টাকা দিয়ে সওয়াব কিনতে পাওয়া যায়! খাদেম ভাই কথা না বাড়িয়ে বললো 'আচ্ছা আচ্ছা ঠিক হ্যায়, আভি যাও'।

জুম্মায় অর্থবহ জ্ঞানগর্ভ বক্তৃতা যে হয় না তা না। এক সময় ম্যাহাটানের এক মসজিদে নিয়মিত জুম্মার নামাজ পড়তাম। পড়াতেন এক মিশরীয় ইমাম। পেশাদার নন। কোথাও জব করতেন জুম্মার দিন এসে নামাজ পড়িয়ে চলে যেতেন। ধীর লয়ে সাবলীল ইংরেজীতে বোঝানোর মত করে বলতেন। মুসুল্লীরা মন্ত্রমুগ্ধের মত শুনতো। এমনও হয়েছে শুধু তার বক্তৃতা শোনার জন্য আমি নির্দ্ধারিত সময়ের বেশ আগে গিয়ে বসে থাকতাম। লন্ডনের কোন কোন মসজিদেও এমন বয়ান শুনেছি।

আমাদের দেশেও জ্ঞানী লেখাপড়া জানা আলেম মৌলানা যে নাই তা নয়। হয়তো তাদের বয়ান শোনার সুযোগ আমার হয় নাই। তবে যে ব্যপারটা বুঝি, খুৎবাপূর্ব বয়ানে হুজুর মৌলানারা দেশের সমস্যা সমাজের অসঙ্গতি দুর করতে বা মানুষকে অপরাধ এবং পাপকাজ থেকে দুরে রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। বহুল চর্চিত কিচ্ছাকাহিনী বয়ানের পাশাপাশি যদি স্পষ্ট করে বলেন কোন কোন গুনাহের কোন মাফ নাই, কোন অপরাধের শাস্তি বান্দাকে পেতেই হবে, হয়তো মানুষের ভেতরে ভয় কাজ করবে। মাফ না পাওয়ার ভয় অনেক পাপকাজ কমিয়ে দেবে। সমাজ পরিচ্ছন্ন হবে।

বাঙালী মুসলমানের 'স্বাধীনতা'

(গত সংখ্যার পর)

অষ্টাদশ শতকের মধ্যভাগে ইংরেজ বনিকরা বাংলার কার্যকর শাষক হিসেবে আবির্ভূত হলে সনাতন ধর্মাবলম্বিরা স্বস্তিবোধ করতে থাকে। মুসলিম মোঘল শাষকদের বদলে নব্য ইংরেজ শাষন তাদের কাছে অধিক গ্রহনযোগ্য হয়। উনবিংশ শতকের মধ্যভাগে পুরো ভারতবর্ষ ইংরেজ শাষকদের করতলগত হলে বাংলায় হিন্দু মুসলমানের সম্পর্কেও তার প্রভাব ফেলে। নতুন শাষনকালে সনাতন ধর্মাবলম্বিরা চাকুরি ব্যবসা শিক্ষা বা ক্যারিয়ার গঠনে সরকারি আনুকূল্য গ্রহনে এগিয়ে আসে পক্ষান্তরে মুসলিম শাষনের অবসানে হতোদ্যম মুসলিমরা অভিমানে দুরে সড়ে থাকে। এ সময়কালে বাংলায় চীরস্থায়ী বন্দোবস্ত বা জমিদারী প্রথা চালু হলে এ সুযোগ গ্রহনেও এগিয়ে আসে অর্থ বিত্ত বা প্রভাবশালী হিন্দু অভিজাত শ্রেণীর লোকেরা। সমাজে মধ্যস্বত্বভোগী একটি নতুন শ্রেণীর উদ্ভব হয়, তার প্রভাব সাধারন জনগনের মধ্যে পড়ে। নব্য ধনী ও জমিদারদের একপেশে দৃষ্টিভঙ্গির কারনে বাঙালী এ সময় থেকে দুইভাগে ভাগ হয়ে যেতে থাকে। ইংরেজ আনুকূল্যে ফুলেফেপে ওঠা নব্য ধনিক বনিক সুবিধাবাদী শ্রেণীটি ছিল মূলত: বর্ণহিন্দু সম্প্রদায়ের। সমাজে তাদের প্রভূত্ব কায়েম হয়। বাঙালীর সঙ্গাও তারা নিজেদের মত করে দাঁড় করায়। মুসলমানদেরকে বহিরাগত হিসেবে বিবেচনা করা হয়। বাঙালী বলতে নিজেদেরকে বোঝানো হ তে থা কে। এ সময়কালে মুসলমানরা বাঙ্গালী বলে গণ্য হতেন না। বাঙালী বলতে কেবল বর্ণহিন্দুদেরকে বোঝানো শুরু করে। এমনকি নিম্নবর্ণের হিন্দুরাও বাঙালী সমাজে অন্তর্ভূক্ত ছিলেন না। মুসলমানদেরকে বলা হতো ম্লেচ্ছ যবন বা মোছলমান। মনে করা হতো এরা ভিনদেশী। এই ধারনা গত শতকের মধ্যভাগ পর্যন্তও প্রচলিত ছিল।

পরবর্তী অর্দ্ধ শতক হিন্দু পুনর্জাগরনের ঢেউ বয়ে যায়। গনমাধ্যম শিল্প-সংস্কৃতি সাহিত্যকর্মের মাধ্যমে এই জাগরনকে মহিমান্বিত এবং বেগবান করা হতে থাকে। এই প্রবনতার পাল্টা হিসেবে মুসলিম সম্প্রদায়েরও কয়েকজন কবি সাহিত্যিক বুদ্ধিজীবি এবং অভিজাত ঘরের মানুষ এগিয়ে আসেন। ততদিনে সমাজে একটা নীরব পরিবর্তন সাধিত হয়ে গেছে। সেটা হচ্ছে মুসলিম জনসংখ্যা বৃদ্ধি। বাংলার পূর্বাংশে মুসলিমরা সংখ্যাগুরু হয়ে যায়। শাষনকাজ পরিচালনার সুবিধার্থে, কিছুটা কলকাতাকেন্দ্রিক 'বাবুসমাজকে' সাইজ করতে লর্ড কার্জন ১৯০৫ সালে বাংলাকে দুই ভাগ করলে সুবিধাভোগী শ্রেণীটি ক্ষোভে ফেটে পরে। বঙ্গভঙ্গ রদ করতে ধর্মীয় সেন্টিমেন্ট ব্যবহার করে ব্যপক আন্দোলন গড়ে তোলা হয়। তাদের আন্দোলনের চাপে ১৯১১ সালে বৃটিশরাজ বঙ্গভঙ্গ বাতিল করে।

বঙ্গভঙ্গের কারনে ঢাকা প্রাদেশিক রাজধানী হওয়ায় এ অঞ্চলের সংখ্যাগড়িষ্ঠ মুসলিম সম্প্রদায়ের মানুষের ভাগ্যের চাকা ফিরতে শুরু করেছিল, বঙ্গভঙ্গ রদের ফলে সে সুযোগ তিরোহিত হয়ে যাওয়ায় তারা হতাশ এবং ক্ষুব্ধ হয়। এই হতাশা আর ক্ষোভ থেকেই বাঙ্গালী মুসলমানরা নিজেদেরকে একটা পৃথক সম্প্রদায় হিসেবে ভাবতে শুরু করে। পরবর্তী তিন দশক হিন্দু-মুসলমানের এই বিভক্তি এতটাই তীব্র হয়ে ওঠে, ১৯৪০এর মার্চে শেরে বাংলা এ কে ফজলুল হক ঐতিহাসিক লাহোর প্রস্তাবে উপমহাদেশের মুসলমানদের জন্য ভিন্ন ভিন্ন স্বাধীন রাষ্ট্রের দাবী তোলেন।

ততদিনে গোটা বাংলায় মুসলমানরা বেশ সংখ্যাগড়িষ্ঠ হয়ে গেছে। ১৯৩৭ সালের নির্বাচনে শেরে বাংলা বাংলার প্রধানমন্ত্রী হন। পরের দুই টার্মও মুসলমানদের ভোটে খাজা নাজিমুদ্দিন এবং সোহরাওয়ার্দী প্রধানমন্ত্রী। এই প্রেক্ষাপটেই নতুন করে আবার বাংলা ভাগের দাবী তোলা হয়। এবার ধর্মের ভিত্তিতে। '৪৬ '৪৭এ স্বতন্ত্র স্বাধীন বাংলা রাষ্ট্রের দাবীতে সোহরাওয়ার্দী, শরৎ বসু, কিরন শংকর রায়, আবুল হাশিমরা যে আন্দোলন গড়ে তুলেছিলেন তাতে বাধ সাধেন হিন্দু মহাসভা নেতা শ্যামাপ্রসাদ মূখার্জী, পন্ডিত নেহেরু, সরদার প্যাটেল এমন কি খোদ গান্ধীজীও। তারা ধর্মের ভিত্তিতে বাংলা ভাগ চান। হিন্দু মহাসভা নেতা ডা. শ্যামাপ্রসাদ মূখার্জী দিল্লীর এক জনসভায় প্রকাশ্যে ঘোষনা করেছিলেন, 'পৃথক হওয়াটা পাকিস্তান হওয়ার সাথে সম্পর্কিত নয়, এমন কি যদি পাকিস্তান নাও হয়, কোন প্রকার দূর্বল ও শিথিল কেন্দ্রের ব্যবস্থাযুক্ত কেবিনেট মিশন পরিকল্পনা মুসলিম লীগ গ্রহণও করে তবুও আমরা বাংলার হিন্দুপ্রধান অঞ্চল নিয়ে একটি নতুন প্রদেশ দাবী করবো।'


এবং শেষ পর্যন্ত সংসদ অধিবেশনে বঙ্গীয় কংগ্রেসের বড় অংশ, হিন্দু মহাসভা এবং জ্যোতি বসুর কম্যুনিষ্ট পার্টি হিন্দুপ্রধান অঞ্চল নিয়ে পৃথক 'হিন্দু বাংলা' গঠনের পক্ষে ভোট দিয়েছিল। পক্ষান্তরে মুসলিম লীগ ও তফশিলী জাতি ফেডারেশন অখন্ড বাংলার স্বাধীনতার পক্ষে দৃড় অবস্থান নেয়। মিলিত ভোটে স্বাধীনতাকামীরা সংখ্যাগড়িষ্ঠতা পেলেও মাউন্টব্যাটনের কূটচালে ধর্মের ভিত্তিতে বাংলা ভাগ হয়ে যায়। 'হিন্দু বাংলা' ভারত ইউনিয়নে অন্তর্ভূক্ত হয় 'মুসলিম বাংলা'কে পাকিস্তানে যোগ দিতে হয়। এই ঘটনার পর থেকে পশ্চিম বাংলার হিন্দু সম্প্রদায় 'বাঙ্গালী' থেকে যায়, পূর্ব বাংলার সংখ্যাগড়িষ্ঠ ধর্মবিশ্বাষীর পরিচয় দাঁড়ায় 'বাঙালী মুসলমান'।

পাকিস্তান আমলের গোড়ার দিকে পুর্ববঙ্গবাসীরা দুইভাগে পরিচিত হতো, বাঙালী মুসলমান আর বাঙালী হিন্দু। একইভাবে অন্যান্ন ধর্মাবলম্বিরা। ধর্মীয় পরিচয়ের ভিত্তিতে এই বিভক্তির অবসানে বাঙালী নেতারা উদ্যোগী হন। নবগঠিত রাজনৈতিক দল 'আওয়ামী মুসলিম লীগ' থেকে মুসলিম শব্দটা কেটে '৪৭পূর্ব একক বাঙালী জাতিসত্বা প্রতিষ্ঠার সূচনা করেন। '৬৬তে ছয় দফা ঘোষণার মাধ্যমে বাঙ্গালী জাতীয়তাবাদী চেতনা ছড়িয়ে দেওয়া হয়, '৭১এ বাংলাদেশ প্রতিষ্ঠার মধ্য দিয়ে যা পুন:প্রতিষ্ঠিত হয়। বাঙালী জাতীয়তাবাদ সংবিধানে মূলনীতি হিসেবে গৃহিত হয়। সে থেকে ধর্মীয় পরিচয়টা ছিল গৌন। ধর্ম-বর্ণ নির্বিশেষে এ দেশের অধিবাসীরা বাঙালী হিসেবেই গন্য হয়ে এসেছে।

'৭৫ পরবর্তী রাজনীতিকরা জাতিসত্বার পরিচয় নির্দ্ধারণে সংখ্যাগড়িষ্ঠ ধর্মবিশ্বাষীর আবেগ অনুভূতি সন্নিবেশিত করলে প্রসঙ্গটা আবার উঠে আসে। সমাজে বাঙ্গালী মুসলমান কথাটা সব সময়ই প্রচলিত ছিল, কিন্তু রাজনীতির গতিধারা, শাষকদের নীতি-নৈতিকতা বিশেষ করে নানা স্বার্থান্বেষী কর্মকান্ডের ফলশ্রুতিতে সংখ্যাগড়িষ্ঠ ধর্মবিশ্বাষীরা এক পর্যায়ে নিজেদের ধর্ম পরিচয়টাকে প্রধান করে দেখতে শুরু করে। আবার প্রচলিত হয়ে যায় 'বাঙ্গালী মুসলমান'।

ইসলাম ধর্ম আরব দেশে প্রবর্তিত হলেও বাংলায় এই ধর্ম যারা গ্রহন করেছেন তারা কিন্তু এই দেশেরই লোক। প্রথম দিকে প্রচারকরা বাইরে থেকে এলেও ধর্ম যারা গ্রহন করেন সবাই স্থানীয়। শামসুদ্দিন ইলিয়াস শাহ'র আমলে নির্দ্ধারিত জাতীয় পরিচয় অনুযায়ী সবাই বাঙালী। বংশ পরম্পরায় এই শাষকরা বাঙালীই ছিলেন, ধর্মবিশ্বাষের দিক থেকে বাঙালী মুসলমান। ইলিয়াস শাহ নিজে বাঙ্গালী ছিলেন না। তার বংশধররা মাঝখানে চার বছর রাজা গনেশের রাজত্বকাল বাদে এক শ' বিয়াল্লিশ বছর বাংলা শাষন করেছে। বংশধররা কেউ বাইরে থেকে আসেনি। এ দেশেই জন্ম। সে হিসেবে তারা স্থানীয়, বাঙালী এবং মুসলমান। ধর্মীয় পরিচয়ের দিক থেকে ধরলে দেখা যায় এই কালটাই ছিল 'বাঙালী মুসলমানের' নিজস্ব শাষনকাল। এর পর মোঘল শাষন। এরা কেউ বাঙালী ছিলেন না। এমনকি বাংলা বিহার উড়িষ্যায় যে মুর্শিদকুলী খাঁ আলীবর্দী খাঁ সিরাজউদ্দৌলার শাষন, তাও বাঙালী মুসলমানের শাষন ছিল না, কারন এরাও কেউ বাঙালী ছিলেন না। এইসব শাষকরা স্থানীয় জনগোষ্ঠীর আস্থাভাজনও ছিলেন না। যে কারনে ক্লাইভ সিরাজকে পরাজিত করলে সাধারন মানুষ শুধু চেয়েচেয়ে দেখেছে। এক শ' নব্বই বছর বৃটিশ শাষনের পর বাঙ্গালী মুসলমানরা যে স্বাধীন হলো, দেখা গেল তাও ভূয়া। ধর্মের নাম দিয়ে পশ্চিমারা প্রভু হয়ে বসেছে।

মাঝে মাঝে আমার মনে হয় 'বাঙালী মুসলমান' বুঝি একটা হতভাগা জাতিগোষ্ঠী! বারবার শুধু এক শাষকের হাত থেকে আর এক শাষকের খপ্পরে গিয়ে পড়েছে! '৪৭এ মুসলমান হওয়ায় বাঙালী হতে পারলো না, আবার '৭১এ বাঙালী হবার কারনে মুসলমানও হতে পারলো না!


Jumbo Travel, Inc.

Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package

WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস
সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন
Ali A. Chowdhury
Managing Director
Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922
30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

ইফতার মাহফিলগুলোতে প্রতিদিন গড়ে

(প্রথম পাতার পর)

প্লেট হিসেবে ইফতারীর খাবারে খরচ হচ্ছে। আর এসব ইফতারীর খাবারের অধিকাংশই খাবার প্রতিদিন বিপুল পরিমান খবার নষ্ট/অপচয় হচ্ছে। আবার ইফতারীর খাবার আইটেমের একাধিক খাবার (ভাজি-পোড়া) স্বাস্থ্য সম্মত নয় বলে চিকিৎসকগণ অভিমত ব্যক্ত করেছেন। পাশাপাশি ফিলিস্তিন সহ দেশে দেশে লাখ লাখ মানুষ খাবারের অভাবে থাকায় ইফতারের নামে খাবার অপচয় নষ্ট করার বিষয়টি সচেতন মহলে মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি করেছে।

সংশ্লিস্টদের সাথে আলাপকালে এক হিসেবে দেখা যায় নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটিতে (মসজিদ/সংগঠন) যদি প্রতিদিন গড়ে উল্লেখযোগ্য ২০০ ইফতার মাহফিলের আয়োজন হয় এবং সেখানে গড়ে ২০০ রোজাদার অংশ নেন আর জনপ্রতি ১৫ ডলার ব্যয় হলে তার হিসেব দাঁড়ায় ৬ লাখ ডলার।

ইফতার প্রসঙ্গে আলেম-ওলামাদের বক্তব্য রোজা শেষে অবশ্যই রোজাদারগণ ইফতার গ্রহণ করবেন। তবে ইফতারে পরিমিত আর স্বাস্থ্যসম্মত খাবার গ্রহণ করাই উত্তম। খাবার নষ্ট বা অপচয়ের সুযোগ নেই। অপরদিকে রেষ্টুরেন্ট ব্যবসয়ীরা জানান, আমরাও চাই না কোন খাবার নস্ট বা অপচয় হোক। তবে আমরা আমাদের গ্রাহকদের চাহিদা মোতাবেক আমাদের খাবার মেনু অনুযায়ী অর্ডার নিয়ে থাকি। পাশাপাশি আমরা স্বাস্থ্য সম্মত খাবারের বিষয়টিও গুরুত্ব দেই।

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS



IRS ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS
MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স - একাউন্টিং - নোটারী

Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



AUTHORIZED IRS e-file PROVIDER
Popular Tax Services
পপুলার ইনকাম ট্যাক্স সার্ভিসেস
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
Call/Text (347)-666-7862 & Call (718)-426-9453
Email: popultaxservices@gmail.com

Personal Income Tax Preparation for all industries:
- All types of W2 & 1099 Income Tax Filing
- Specialization in Uber Lyft & Rideshare Driver Tax Filing
- Homeowners & Stock Market Trader Tax Filing

We provide Remote Personal Income Tax Filing
সঠিক, দ্রুত, সুনিপুন এবং
আইন সম্মত সার্ভিসে আমরা বিশ্বাসী
কম খরচে সততা ও বিশ্বস্ততা সহিত ট্যাক্স
ফাইলিং এর জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

tax refund

Nahian Howladar Emon
BBA IO Psychology Baruch College
New York State Tax Preparer
(347)-666-7862
(718)-426-9453

পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



OPEN 7 DAYS
- Road Lesson Local & Highway
- 5 Hours Class Certificate (Zoom Class)
- Road Test Appointment
- Car for Road Test



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
6 Hours DDC Class
Good For TLC
718-426-9453, 917-301-2063
Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের
সুবিধার্থে আমরা
এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
- সিটিজেনশীপ - ফ্যামিলি পিটিশন - NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট - এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

বাসা ভাড়া

বাসা ভাড়া

জ্যামাইকায় ইয়র্ক কলেজের পাশে প্রথম তলায় ৩ বেডরুমের বাসা ২ বাথরুম, লিভিং ও কিচেনসহ ভাড়া হবে। যোগাযোগঃ ৫১৬-৬৪৬-৮৯০৩

এম-১১

বাসা ভাড়া

সানিসাইডে ৪৬ স্ট্রীট ও ৫০ এভিনিউতে স্ট্রীট লেভেলে সেমি বেসমেন্টে অধূমপায়ী মুসলিম পরিবারের জন্য ৩ বেডরুমের বাসা ভাড়া দেয়া হবে। মাসিক ভাড়া ২,০০০ ডলার। যোগাযোগঃ ৯১৭-৫৬২-১৩৬৮

এম-১১

সেমিবেসমেন্ট ভাড়া

ওজন পার্কে ১১১ এভিনিউতে A ট্রেন স্টেশনের তিন ব্লকের মধ্যে এবং বাসস্টপ সংলগ্ন ২ বেডরুম, লিভিং, ফুলবাথ, কিচেনসহ ভাড়া দেয়া হবে। সুন্দর এবং নিরিবিলি পরিবেশ। যোগাযোগঃ **646-340-6857. Tc-0214/3**

সেমিবেসমেন্ট ভাড়া

সেন্ট আলবান্সর ১১৬ এভিনিউ ১৯৬ স্ট্রীট বড় বড় দুটি বেডরুম, ৭টি জানালা, নতুন রিনোভেশন, ১ ব্লক দূরে লিনডেন এভিনিউতে বাসা এখনই ভাড়া হবে। যোগাযোগঃ আব্দুস সালাম 917-415-8475.

বাসা ভাড়া

জামাইকা ইয়র্ক কলেজ ও E ট্রেনের কাছে ৩বেড ২বাথ লিভিং কিচেন সহ ভাড়া হবে। যোগাযোগ: **516-646-8903**

টিএলসি প্লেট ভাড়া

উবার/ লিফট/ টিএলসি প্লেট ভাড়া। দুইটি টি এল সি প্লেট তিন বছরের জন্য লীজ দেওয়া হবে (পরবর্তীতেও নবায়ন যোগ্য) একটি এখনই আরেকটি এপ্রিল থেকে। যোগাযোগ: আকবর **929-287-4712,** হাবিব **646-327-0359.**

স্টোর বিক্রয়

লং আইল্যান্ড হ্যামস্টেড এর ব্যস্ত এলাকায় চলমান ৯৯ সেন্ট এন্ড ডিসকাউন্ট শপ বিক্রি হবে। যোগাযোগঃ **929-393-1117.**

বাড়ী বিক্রি

কুইন্সের লং আইল্যান্ড সিটির ৫১ এভিনিউ এবং ৩৪ স্ট্রীটে ২ ফ্যামিলি বাড়ি, ৩ বেড/ ৩ বেড, ফুল ফিনিশড বেসমেন্টসহ বিক্রি হবে। যোগাযোগঃ সাঈদ। ফোন: ৬৪৬-৩০২-২১৫৩ অথবা ৬৪৬-২৯১-৯৮৪৫

এম-১১

বাড়ী বিক্রি

নিউইয়র্ক সিটির জ্যামাইকায় অত্যন্ত সুলভ মূল্যে সুন্দর লোকেশনে ৯২ এভিনিউ ও ১৬৮ প্লেসে ৪ বেডরুমের ডুপ্লেক্স বাড়ি ৩ ফুল বাথসহ এখনই বিক্রি হবে। মূল্য ৫৮৫,০০০ ডলার।

যোগাযোগঃ সাঈদ ৬৪৬-৩০২-২১৫৩ অথবা ৬৪৬-২৯১-৯৮৪৫

এম-১১

বাড়ী বিক্রি

কুইন্স ভিলেজে ২১৫ স্ট্রীট ও ১১০ এভিনিউতে ২ ফ্যামিলি বাড়ি বিক্রি হবে। ফার্স্ট ফ্লোরে ৩ বেডরুম, সেকেন্ড ফ্লোরে ২ বেডরুম। ফুল ফিনিশড বেসমেন্ট। যোগাযোগঃ সাঈদ ৬৪৬-৩০২-২১৫৩ অথবা ৬৪৬-২৯১-৯৮৪৫

এম-১১

বাড়ী বিক্রি

জ্যামাইকায় একটি ৩ ফ্যামিলি বাড়ি বিক্রি হবে। মূল্য ১২ লাখ ডলার। যোগাযোগঃ আদন ইসলাম (লাইসেন্সড রিয়েল্টর) ৯১৭-২০৭-৭২৩৯

এম-১১

নায়াগ্রা ফলসে বাড়ী বিক্রি

নিউইয়র্কের নায়াগ্রা ফলসে বাড়ী বিক্রি (এয়ারবন্ড পারমিট সহ) হবে। তিন বেড ও এক বাথরুমের বাড়ীট নায়াগ্রা ফলস ও সিনেকা রিজোর্টের অতি সন্নিকটে। গড়ে প্রতি রাত আয় ২৪৯ ডলার।

আগ্রহীরা যোগাযোগ করুন অথবা টেক্স করুন: ৬৪৬-২৩৬-৬০৪৪

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?

বাফেলোতে বাড়ি কেনা-বেচায়



নতু ন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন

রাফি সাফওয়ান

ঝামেলামু ক্ত সহযোগিতা দিচ্ছে

সিদ্ধান্ত নেয়ার পূ র্বে যোগাযোগ করুন :

267-992-3201

Park Realty

of Western New York

155 Summer St
Buffalo, NY 14222

কাজী অফিস

সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত

কাজী ইমাম মাওলানা

আব্দুল মুকিত

পেশ ইমাম, দারুস সালাম মসজিদ, জ্যামাইকা

148-16 87 Road
Jamaica, NY-11435

বিবাহ পড়ানো, মেরিজ সার্টিফিকেট ও কাবিন নামা প্রদান করা হয়। পরামর্শ ও এপয়েন্টমেন্টের জন্য যোগাযোগ করুনঃ

917-428-1519



CITY SAFE PARTNERS

চাকুরি বিজ্ঞপ্তি

আমরা বাংলায় কথা বলি

(917) 282-9877

চাকরির পদ

- ফায়ার গার্ড (F-01)

সুযোগ সুবিধা

- চিকিৎসা বীমা
- ডেন্টাল ইন্স্যুরেন্স
- ভিশন ইন্স্যুরেন্স
- সিক লিভ
- আপনি উত্তর দিবেন না
- 401(K)

ক্ষতিপূরণ

- প্রতি ঘন্টায় $16.70
- ৩ বছর পর বেতন বেড়ে $19.65 হবে।

কিভাবে আবেদন করতে হবে

- ডিজিটাল অ্যাপ্লিকেশন সম্পন্ন করার জন্য একটি F-01 সার্টিফিকেশন পেতে নিচে QR লিঙ্কে স্ক্যান করুন।
- ২৪ ঘন্টার মধ্যে, আপনি একটি ইমেল পাবেন যা আপনাকে এমন একটি সাইটে লিঙ্ক দেবে, যেখানে স্ক্যান করে আপনি আপনার অনবোর্ডিং সম্পন্ন করে প্রয়োজনীয় নথি আপলোড করতে পারবেন।

SCAN ME

F-01 স্টাডি গাইড তথ্য

SCAN ME

ডিজিটাল অ্যাপ্লিকেশন লিঙ্ক

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy

পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

জয় ক্যাটারিং মেন্যু

প্যাকেজ -১
প্লেইন পোলাও
চিকেন রোস্ট
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 7.00

প্যাকেজ-২
প্লেইন পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 8.00

প্যাকেজ-৩
প্লেইন পোলাও
চিকেন রোস্ট
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$10.00

প্যাকেজ-৪
মটর পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$11.00

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

গরমে পানিশূন্যতায়

(শেষের পাতার পর)

মানাতে এই সময়ে অনেক কিছুই রয়েছে যা আপনার জন্য সহায়ক। পানিশূন্যতা এড়ানোর সবচেয়ে সহজ উপায় হলো পর্যাপ্ত তরল পান করা। তবে শুধু তরল পান করলেই হবে না, তা যেন শরীরের জন্য সহায়ক হয় সে দিকেও খেয়াল রাখতে হবে। গরমে অনেক রকম মৌসুমি ফল পাওয়া যায়, সেগুলো নিয়মিত রাখতে হবে খাবারের তালিকায়। পানিশূন্যতা রোধে আপনাকে করতে হবে এই কাজগুলো-

১. আপনার চাহিদা বুঝুন : আপনি হয়তো প্রতিদিন অন্তত ছয় থেকে আট গ্লাস পানি পান করার পরামর্শ শুনেছেন। যদিও পরামর্শটি বেশ যুক্তিসঙ্গত, তবে ব্যক্তিভেদে এই চাহিদা আলাদা হতে পারে। ইউনিভার্সিটি অব নেব্রাস্কা-লিঙ্কন-এর অফিসিয়াল ওয়েবসাইটের একটি নিবন্ধ অনুসারে, আপনার জন্য প্রয়োজনীয় পানির পরিমাণ আপনার লিঙ্গ, স্বাস্থ্য, কার্যকলাপের স্তর, পরিবেশ এবং অন্য বিভিন্ন কারণের ওপর নির্ভর করে। সুতরাং বিশেষজ্ঞরা পরামর্শ দেন যে, আপনার শরীরের কী প্রয়োজন তা বুঝতে এবং পর্যাপ্ত তরল গ্রহণের বিষয়ে সচেতন হতে হবে।

২. অতিরিক্ত হাইড্রেট নয় : বিশ্বাস করুন বা না করুন, অতিরিক্ত পানি পান করা বা আপনার ডায়েটে অতিরিক্ত পরিমাণে তরল যোগ করা ক্ষতিকারক হতে পারে। ভারতের গুরুগ্রামের নারায়না হাসপাতালের সিনিয়র ডায়েটিশিয়ান পারমিত কৌর বলেছেন, স্বাভাবিকের চেয়ে অতিরিক্ত পানি পান করার অভ্যাসে মোট রক্তের পরিমাণ বাড়ায় এবং কিডনিকে সংবহনতন্ত্র থেকে অতিরিক্ত পানি ফিল্টার করার জন্য অতিরিক্ত কাজ করার জন্য চাপ দেয়। তাই জোর করে পানি পান করা থেকে বিরত থাকুন।

৩. তৃষ্ণার্ত হওয়ার জন্য অপেক্ষা করবেন না : তৃষ্ণার্ত হয়ে গেলে আমরা একসাথে অনেকখানি পানি পান করে ফেলি। যার ফলে পেট ফাঁপা, মাথাব্যথা এবং মাঝে মাঝে মাথা ঘোরার মতো সমস্যা হতে পারে। তাই ক্লিভল্যান্ড ক্লিনিকের মতে, ডিহাইড্রেশনকে হারানোর সর্বোত্তম উপায় হলো তৃষ্ণার্ত হওয়ার আগে পান করা।

৪. বাইরে থাকলে বেশি পানি পান করুন : গ্রীষ্মে ঘর থেকে বের হওয়া মানে অতিরিক্ত ঘাম এবং তরল ক্ষয়। এটি অনিবার্যভাবে পানিশূন্যতার ঝুঁকি বাড়ায়। জন হপকিন্স মেডিক্যাল স্কুলের একটি প্রতিবেদনে শরীরের তরল, ইলেক্ট্রোলাইট এবং লবণের ভারসাম্য পুনরুদ্ধারের জন্য ডিহাইড্রেশনের কথা বলা হয়েছে। এ ধরনের ক্ষেত্রে, নিজেকে ভালোভাবে হাইড্রেটেড রাখতে পানি ছাড়াও ডাবের পানি, লেবুর শরবত এবং এই জাতীয় অন্যান্য ইলেক্ট্রোলাইট-সমৃদ্ধ পানীয় পান করবেন। বাইরে বের হলে এগুলো পান করুন।

৫. সঠিক তরল বেছে নিন : যখন পানীয়ের প্রসঙ্গ আসে, বিকল্পের কোনো অভাব নেই। এতসব পানীয়ের ভিড়ে কোনটি আপনার জন্য সঠিক তা বেছে নিতে হবে। যেমন কোল্ড ড্রিংকস, আইসড টি বা কোল্ড কফি তাৎক্ষণিক আরাম দিতে পারে, তবে দীর্ঘমেয়াদে এগুলোর নেতিবাচক প্রভাব রয়েছে। ক্লিভল্যান্ড ক্লিনিকের মতে, ক্যাফেইন, মিষ্টিযুক্ত পানীয় এবং অ্যালকোহল হলো মূত্রবর্ধক। এ জাতীয় পানীয় অতিরিক্ত পান করলে তা ডিহাইড্রেশন এবং সম্পর্কিত স্বাস্থ্যের ঝুঁকি বাড়ায়। -ইন্টারনেট।

যে কারণে ওমর 'উৎসর্গ' করা

(শেষের পাতার পর)

ঈদের সব কটি সিনেমাই নানারকম প্রচারণা নিয়ে এগিয়ে যাচ্ছে। ব্যতিক্রম নয় ওমর সিনেমাটিও। তারই ধারাবাহিকতায় রোববার প্রকাশ করা হলো একটি পোস্টার। পোস্টারের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক হলো পুরো পোস্টারে নেই কোনো নারী চরিত্রের ছবি। সেখানে শুধুই সাতজন পুরুষের ছবি। এমন পোস্টার ঢাকার চলচ্চিত্রে কাছাকাছি সময়ে চোখে পড়েনি বলে অনুমান সবার। তবে যাদের ছবি দিয়ে পোস্টার তারা সবাই শক্তিমান অভিনেতা। পোস্টারের প্রথম থেকে যথাক্রমে শরিফুল রাজ, নাসির উদ্দিন খান, শহীদুজ্জামান সেলিম, ফজলুর রহমান বাবু, এরফান মৃধা শিবলু, আবু হুরায়রা তানভীর ও নাফিস আহমেদ রয়েছেন। তবে পোস্টারের উপরে কোনার দিকে লেখা রয়েছে ছবিটি উৎসর্গ করা হয়েছে দেশের জনপ্রিয় কথা সাহিত্যিক হুমায়ূন আহমেদ ও প্রয়াত চলচ্চিত্র তারকা মান্নাকে। তাই বলাই যায় সাত অভিনেতার সঙ্গে দুই কিংবদন্তির উপস্থিতি আছে পোস্টারে। বিষয়টি চমক জাগানিয়া।

পোস্টারে উৎসর্গের বিষয়টি জানতে যোগাযোগ করা হয় ছবিটির পরিচালক মুহাম্মদ মোস্তফা কামাল রাজের সঙ্গে। তিনি বলেন, 'দুজনই আমার ও ছবির অভিনেতা শরীফুল রাজের প্রিয়। বিশেষ করে হুমায়ূন আহমেদ আমার সবচেয়ে প্রিয় লেখক। যেহুতু এতদিন পর আমার নতুন ছবি মুক্তি পাচ্ছে তাই মনে হলো ওনাদের উৎসর্গ করি।'

সিনেমার সঙ্গে এই দুই চরিত্র যুক্ত আছেন কিনা জানতে চাইলে তিনি বলেন, এটা দর্শককে খুঁজে নিতে হবে আমি এখনই কিছু বলতে চাই না।

উল্লেখ্য, সিদ্দিক আহমেদের চিত্রনাট্যে নির্মিত 'ওমর'-এ বিশেষ চমক হিসেবে থাকছেন কলকাতার দর্শনা বণিক। মাস্টার কমিউনিকেশনস প্রযোজিত ছবিটি আসন্ন ঈদুল ফিতরে মুক্তি পাবে প্রেক্ষাগৃহে। আরো উল্লেখ্য, এর আগে মুহাম্মদ মোস্তফা কামাল রাজ নির্মাণ করেছেন 'প্রজাপতি', 'তারকাঁটা', 'সম্রাট', 'যদি একদিন' ছবিগুলো। এছাড়া নাটকে তার বর্ণিল, সাফল্যময় ক্যারিয়ার তো রয়েছেই।







Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	87-54 168th Street, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	859 Fillmore Ave
Jackson Heights, NY 11372	Jamaica, NY 11432	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549

বাংলা পত্রিকা

প্রান্তিক পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা | The Weekly Bangla Patrika // Monday / April 01 // 2024

ইসরাইলের অভিযানে

(প্রথম পাতার পর)

ইসরাইলী সেনারা চলে যাওয়ার পর শত শত বাসিন্দা গাজা উপত্যকার বৃহত্তম হাসপাতালের আশপাশে ছুটে আসেন। ইসরাইলি সেনাদের সঙ্গে গাজার ক্ষমতাসীন গোষ্ঠী হামাসের দীর্ঘদিনের সংঘাতের ক্ষয়ক্ষতির চিত্র দেখতে সেখানে হাজির হয়েছেন আশপাশের জেলার বাসিন্দারা।

ইসরাইলি সামরিক বাহিনী বলেছে, দুই সপ্তাহের অভিযান চলাকালীন হাসপাতাল এলাকায় সংঘর্ষে কয়েকশ' বন্দুকধারীকে হত্যা ও আটক করা হয়েছে। এছাড়া হাসপাতাল থেকে বিপুল পরিমাণ অস্ত্র ও গোয়েন্দা নথিও জব্দ করেছে তারা। তবে হামাস ও চিকিৎসাকর্মীরা আল-শিফা হাসপাতালে ফিলিস্তিনি যোদ্ধাদের সশস্ত্র উপস্থিতির বিষয়টি অস্বীকার করেছে।

গাজার বেসামরিক জরুরি সেবাবিভাগের প্রকজন মুখপাত্র বলেছেন, ইসরাইলি বাহিনী দু'জনকে এমনভাবে হত্যা করেছে; যাদের মৃতদেহ ধ্বংসস্তূপের মাঝে হাতকড়া পরা অবস্থায় পাওয়া গেছে। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া আল-শিফা হাসপাতাল এলাকার কিছু ভিডিওতে দেখা যায়, হাসপাতালের ধ্বংসস্তূপের মাঝে ও চত্বরে অনেক ফিলিস্তিনীর মরদেহ পড়ে আছে। কিছু কিছু মরদেহ নোংরা কম্বলে ঢেকে রাখা হয়েছে। ছবিতে দেখা যায়, হাসপাতাল ভবন ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। ভবনের বাইরে মাটি খুঁড়ে গভীর গর্ত করা হয়েছে। কোনো ভবনই অক্ষত নেই। হয় পুড়িয়ে দেওয়া হয়েছে নতুবা মাটিতে মিশিয়ে ফেলা হয়েছে। আল-শিফা হাসপাতাল দেখতে যাওয়া সামির বাসেল নামের এক ব্যক্তি বলেন, আমি এখানে পৌঁছানোর পর আমার কান্না থামাতে পারিনি। দখলদার বাহিনী এখানে ভয়াবহ গণহত্যা চালিয়েছে। এলাকাটি ধ্বংস করা হয়েছে। ভবনগুলো পুড়িয়ে ফেলেছে অথবা গুঁড়িয়ে দিয়েছে। এই স্থানটি পুনরায় নির্মাণ করা দরকার। এখানে শিফা হাসপাতালের কোনো অস্তিত্ব নেই।

টি-টোয়েন্টি দিয়ে

(শেষের পাতার পর)

নাজমুল হাসান পাপনের নেতৃত্বাধীন কমিটির তৃতীয় মেয়াদের দ্বিতীয় এজিএম। এই এজিএমের মূল আলোচ্য বিষয় ছিল, আঞ্চলিক ক্রিকেট সংস্থার কার্যক্রম শুরুর পরবর্তী পদক্ষেপ কী হবে। এজিএম শেষে বিসিবি সভাপতি নাজমুল হাসান জানিয়েছেন, পরীক্ষামূলকভাবে একটি টি-টোয়েন্টি টুর্নামেন্ট দিয়ে শুরু হচ্ছে আঞ্চলিক ক্রিকেট সংস্থার কার্যক্রম। তিনি বলেছেন, পরীক্ষামূলক ভাবে আমরা একটা টি-টোয়েন্টি টুর্নামেন্ট আয়োজনের করতে বলেছি। এটা শুধুমাত্র দেখার জন্য। ওই টুর্নামেন্টটা তারা (নির্বাচিত কমিটি) চালাবে। ২০ লাখ টাকা তাদের দেওয়া হবে। এটা পরীক্ষামূলকভাবে শুরু হচ্ছে যে তারা কে কীভাবে কাজ করছে আমরা সেটা দেখতে চাই।

আঞ্চলিক ক্রিকেট সংস্থা কি স্বাধীনভাবে কাজ করবে কি না এক প্রশ্নে নাজমুল বলেন, 'হস্তক্ষেপ মুক্ত হবে না। যতদিন পর্যন্ত আমরা সন্তুষ্ট হতে পারছি যে তারা স্বাধীনভাবে চালাতে পারবে...। আমরা একটা পরীক্ষা মূলক ব্যবস্থা হিসেবে টাকা দিয়েছি যে, তারা কীভাবে খরচ হয়। অন্ধভাবে টাকা দিয়ে দেব না, আগে দেখতে হবে।

নাজমুল আরো যোগ করেন, 'আপনারা দেখলেই বুঝতে পারবেন, সব জেলা টাকা পায় না। যাদের কার্যক্রম দেখে আমরা সন্তুষ্ট যে ভালোভাবে চালাতে পারছে, তাদেরকে আমরা টাকা দিচ্ছি। কাজে এখনই যদি বলে দিই ঢালাওভাবে যা খুশি তা-ই করতে পারবে (আঞ্চলিক ক্রিকেট সংস্থা)...আমরা আগে দেখে নিই, বুঝে নিই। তারপর ঠিক করবো। তবে আমাদের উদ্দেশ্যটা হচ্ছে, তারা স্বাধীন সংস্থা হিসেবে কাজ করবে। ঢাকার থেকে মনোযোগটা আমরা কমিয়ে দিচ্ছি। সেটা বিকেন্দ্রীকরণের জন্যেই।'

বাড়ী ক্রয়ের প্রস্তুতি

(শেষের পাতার পর)

চালানোর যোগ্যতা থাকলেই তিনি বাড়ী ক্রয়ের জন্য প্রস্তুত বলেই ধরে নেয়া যায়। মনে রাখতে হবে ছোট-খাটো অনেক কাজ থাকে যা মালিক নিজেই করতে পারেন। তানাহলে একদিকে বাড়ীর যেমন সঠিকভাবে খাকবে না, তেমনী বাড়ীর মূল্যও কমে যাবে।

হঠাৎ ঘরের তালা নষ্ট হয়ে যেতে পারে, বাথরুমে সমস্যা দেখা দিতে পারে। বৈদ্যুতিক কানেকশনে সমস্যা দেখা দিতে পারে। ইত্যাদি ছোট-খাটো সমস্যাগুলো বড় সমস্যার সৃষ্টি করতে পারে। তাই সংশ্লিস্ট বাড়ীর মালিককে ছোট-খাটো কাজ নিজেকেই করতে হতে পারে। এক্ষেত্রে ইউটিউবের সাহায্য নেয়া যেতে পারে। প্রয়োজনে বন্ধু-বান্ধবের সাহায্য নেয়া যেতে পারে। তবে সর্বোত্তম হচ্ছে বাড়ী ক্রয়ের অগে বা বাড়ীর মালিক হওয়ার পূর্বে বাড়ী সুন্দর ও ভালো রাখার ছোটখাটো সমস্যাগুলো আগেভাগেই জেনে নেয়া ভালো।

নিউইয়র্কে আপনার ক্রেডিট স্কোর, ক্রেডিট রিপেয়ার, মর্টগেজ সহ বাড়ী ক্রয়-বিক্রয়ে আমরা পরামর্শ দিয়ে থাকি। প্রয়োজনে কল করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)





TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

Your Trusted Loan Officer For Life
Over 22 years experience

MORTGAGE BROKER/ OWNER
M. Kamal, CPA
Senior Loan Officer
NMLS#9560
718-415-5501
Your Top Mortgage Officer
"All Loans arranged through third party providers"
HOMECENTRAL CAPITAL

সাঈদ তারেকের কলাম

হুজুর মৌলানারা



কিছু কিছু অল্পজানা স্বল্পজ্ঞানের হুজুর মাওলানার একঘেয়ে বিরক্তিকর বয়ান ওয়াজ নসিহতের কারনে জুম্মায় যাওয়ার আগ্রহটাই হারিয়ে ফেলতে বসেছি। কি যে সব বলেন! দুনিয়া এগিয়ে গেছে কোথায়, আর উনারা এখনও আছেন সেই হাজার হাজার বছর আগের কিচ্ছাকাহিনীতে। কোন নবী কোন মোজেজা দেখালেন ফেরাউন কিভাবে মারা গেল, আদম-হাওয়ার গল্প আইউব নবী (বাকি অংশ ২৬ পাতায়)

ঈদের বাজার : সবার দৃষ্টি চাঁদ রাত

প্রবাসীরা কেনাকাটায় ব্যস্ত

বাংলা পত্রিকা রিপোর্ট: পবিত্র ঈদুল ফিতরের আর মাত্র কয়েকদিন বাকী। চাঁদ দেখা সাপেবেক্ষ আগামী ১০ এপ্রিল বুধবার অথবা সোবার ঈদুল ফিতর। এবারের রোজা ৩০টি হলে এদিন ঈদুল ফিতর পালিত হবে। তাই ঈদের কেনাকাটায় ব্যস্ত হয়ে পড়েছেন প্রবাসী বাংলাদেশীর। নিউইয়র্কে বাংলাদেশী অধ্যুষিত জ্যামাইকা, জ্যাকসন হাইটস, ব্রুকলীন ও ব্রঙ্কসে চলছে ঈদের নতুন পোষাক আর ঈদ সংশ্লিষ্ট কেনাকাটা। ব্রঙ্কসের নাটোর শাড়ী ঘর আর নিউ প্রতিদিন ফ্যাশন, টাঙ্গাইল শাড়ী ঘর, নিশাত এলিগেন্ট (বাকি অংশ ২২ পাতায়)



ঈদ উপলক্ষে জ্যাকসন হাইটসে কেনাকাটার ধুম।



রমজান ও জাকাত

আফতাব চৌধুরী

রমজান মাস সিয়াম সাধনার মাস। এক বছরে মানুষের শরীরে যে বাড়তি মেদ বা বিষাক্ত পদার্থ জমে ওঠে, রমজানের এক মাসে সারা দিন উপবাস থাকার কারণে তা পুড়ে গিয়ে শরীরকে রক্ষা করে। রমজানের রোজা মনের কুপ্রবৃত্তিগুলোকে নিবৃত করে মনে ও (বাকি অংশ ২০ পাতায়)

বর্ণাঢ্য আয়োজনে জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির কমিউনিটি ইফতার মাহফিল অনুষ্ঠিত



নিউইয়র্ক (ইউএনএ): নিউইয়র্ক প্রবাসী সর্বস্তরের প্রবাসী বাংলাদেশীদের সৌহার্দ্য-সম্প্রীতির বন্ধনে অনুষ্ঠিত হলো জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি আয়োজিত ইফতার ও দোয়া মাহফিল। শনিবার (৩০ মার্চ) কুইন্সের আগ্রা প্যালেসে বর্ণাঢ্য আয়োজনে (বাকি অংশ ১৩ পাতায়)

খলিল বিরিয়ানী হাউজের সেহরি পার্টি

মধ্য রাতে মানুষের ঢল



বিশেষ প্রতিনিধি: নিউইয়র্কের বাংলাদেশী মুসলিম কমিউনিটিতে ইফতার মাহফিল আয়োজন এখন জমে উঠেছে। এবছর ইফতার মাহফিলের পর জমজমাট হয়ে উঠছে সেহরী পার্টি। ইফতার পার্টি থেকে এখন তা (বাকি অংশ ২১ পাতায়)

খেলার খবর

টি-টোয়েন্টি দিয়ে শুরু হচ্ছে আঞ্চলিক ক্রিকেট সংস্থা

স্পোর্টস ডেস্ক: রাজধানী ঢাকার একটি পাঁচ তারকা হোটেলে রোববার (৩১ মার্চ) হয়ে গেল (বাকি অংশ ৩১ পাতায়)

বাড়ি ক্রয়ের প্রস্তুতি



এম. কামাল: নিউইয়র্কে বাড়ী ক্রয় করা যতনা সহজ বাড়ী রক্ষা বা বাড়ীর রক্ষণাবেক্ষণ তত কঠিন। তবে এজন্য বাড়ীর মালিককে শিল্পী হওয়ার প্রয়োজন নেই। কিন্তু এ সম্পর্কে নূন্যতম জানা থাকা প্রয়োজন। তানাহলে আর্থিক ক্ষতির সমস্যা সহ নানা সমস্যায় পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। একজন বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন (বাকি অংশ ৩১ পাতায়)

নূরুল আজীমের ব্যতিক্রমী ইফতার মাহফিল



বিশেষ প্রতিনিধি: পবিত্র রমজান উপলক্ষ্যে বিভিন্ন সংগঠন ও প্রতিষ্ঠানের পাশাপাশি ব্যক্তিগতভাবেও ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হচ্ছে। এরই অংশ হিসেবে নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির পরিচিত মুখ, বিশিষ্ট রিয়েল এস্টেট ইনভেস্টর নূরুল আজীম গত ২৯ মার্চ শুক্রবার ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করেন। সিটির উডসাইডের গুলশান ট্যারেসে (বাকি অংশ ২১ পাতায়)

অধ্যাপক সারোয়ার বি সালামেরর চির বিদায় এবং..



মিনহাজ আহমদ: নিউইয়র্কে বাঙালী কমিউনিটির এক নির্ভরযোগ্য ও বিশ্বস্ত অভিভাবক, সমাজকল্যাণে নিবেদিত প্রগতিশীল (বাকি অংশ ২৩ পাতায়)

একস্লিপ

সালাহউদ্দিন আহমেদ: পবিত্র রমজান উপলক্ষ্যে নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটিতে প্রতিদিন ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হচ্ছে। প্রতিদিনের ইফতার মাহফিলে শত শত প্রবাসীর সমাবেশ লক্ষণীয়। এসব (বাকি অংশ ২২ পাতায়)

হেলথ টিপস

গরমে পানিশূন্যতায় করণীয়

বাংলা পত্রিকা ডেস্ক: গরম মানেই ঘাম, তৃষ্ণা। থাকে পানিশূন্যতারও ভয়। তবে এই সমস্যার রয়েছে সমাধানও। গরমের তাপকে হার (বাকি অংশ ২৯ পাতায়)

বিনোদন

যে কারণে ওমর 'উৎসর্গ' করা হলো হুমায়ূন আহমেদ ও মান্নাকে

বিনোদন ডেস্ক: ঈদে মুক্তির অপেক্ষায় থাকা অভিনেতা শরীফুল রাজের তিনটি সিনেমার মধ্যে ওমর অন্যতম। অবশ্য মুক্তির অপেক্ষায় থাকা (বাকি অংশ ২৯ পাতায়)

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ

929-207-1516
1506 Castle Hill Ave,
2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশীপ এর আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com


GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেলথ কেয়ার এজেন্সী
HHA/PCA & CDPAP SERVICE
Call: 718-775-7852
646-591-8396

যুক্তরাষ্ট্র বিএনপি'র উদ্যোগে খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল

'বাংলাদেশের স্বাধীনতায় জিয়ার অবদান অস্বীকার করার উপায় নেই'



বক্তব্য রাখছেন গিয়াস উদ্দিন, পাশে কেন্দ্রী নেতা মোস্তাফিজুর রহমান বাবুল

নিউইয়র্ক (ইউএনএ): যুক্তরাষ্ট্র বিএনপি বাংলাদেশের স্বাধীনতা দিবস পালনের পাশাপাশি পবিত্র রমজান উপলক্ষ্যে দোয়া ও ইফতার মাহফিল আয়োজন করেছে। মাহফিলে বাংলাদেশের স্বাধীনতার ঘোষক ও বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান (বীরোত্তম) এর বিদেহী আত্মার মাগফেরাত এবং দলের চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সুস্থ্যতায় বিশেষ দোয়া করা হয়। অনুষ্ঠানে বক্তারা দেশের স্বাধীনতা যুদ্ধে শহীদদের (বাকি অংশ ১৩ পাতায়)

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিন অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রে অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ

গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
হজব্রত পালনকারীরগণ গ্রহণ করুন সর্বোত্তম সেবা ওমরা ও মূল হজ্ব
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
WALL STREET FINANCE LLC
76-01, 101 Ave., Ozone Park, NY 11416
Fax: 718-296-8259, e-mail: GLBL001@yahoo.com

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com